CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 18 March, 2023 ■ আগরতলা ১৮ মার্চ, ২০২৩ ইং ■ ৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## বঙ্গবন্ধুর জন্মদিন



আগরতলাস্থিত বাংলাদেশ সহকারি হাইকমিশনের উদ্যোগে বঙ্গবন্ধুর ১০৩ তম জন্মদিন যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। ছবি নিজস্ব।

## আগরতলায় বঙ্গবন্ধুর ১০৩ তম জন্মদিবস পালিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। শুক্রবার আগরতলায় অবস্থিত বাংলাদেশ সহকারী হাই কমিশনার অফিসে বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ১০৩ তম জন্মদিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। ১৭ ই মার্চ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মদিন।

স্বাধীন বাংলাদেশের স্বাধীনতার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ১৯২০ সালের এই দিনে ফরিদপুর জেলার তৎকালীন গোপালগঞ্জ মহকুমার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। ১৭ই মার্চ উনার জন্মদিন উপলক্ষে আগরতলায় বাংলাদেশ সহকারি হাইকমিশন অফিসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়ার এক নম্বরের সাংসদ সহ আগরতলায় অবস্থিত বাংলাদেশ সহকারি হাই কমিশনার আরিফ মুহাম্মদ সহ অন্যান্যরা ত্রিপুরার ক্রীড়া ও যুব কল্যাণ ☛ ৬ এর পাতায় দেখুন

# সরকারে যোগ দিচ্ছে না মথা, বসছে বিরোধী আসনেই ঃ প্রদ্যোত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। সব জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে শেষ পর্যন্ত বিরোধী আসনেই বসছে তিপরা মথা। রাজ্যের উপজাতিদের সমস্যা সমাধানে সাংবিধানিক পদক্ষেপ গৃহীত না হওয়া পর্যন্ত তারা কোন অবস্থাতেই মন্ত্রীত্ব গ্রহণ করবে না। শুক্রবার বিধানসভা ভবনে তিপরা মথা দলের বিধায়কদের শপথ গ্রহণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের মুখোমুখি হন দলের সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মন। গত কয়েকদিন ধরেই রাজ্যের রাজনৈতিক মহলসহ সব মহলেই গুঞ্জন চলছিল তিপরা মথা মন্ত্রিসভায় যোগ দিচ্ছে। শুক্রবার শপথ গ্রহণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সেই জল্পনা কল্পনায় জল ঢেলে দেন দলের সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মন।

তিনি বলেন উপজাতিদের সমস্যাগুলি সাংবিধানিক উপায়ে সমাধানের জন্য যতদিন পর্যন্ত বাস্তবসম্মত পদক্ষেপ গৃহীত না হবে ততদিন পর্যন্ত তারা কোনভাবেই মন্ত্রিসভায় শামিল হবে না। দল তাদের প্রভাবস্থায় অনর রয়েছে বলেও জানিয়েছেন তিনি। তারা রাজ্যের প্রধান বিরোধী দলের দায়িত্ব পালন করবেন। বিরোধী দল হিসেবে দায়িত্বশীল ভূমিকা পালন করতে তারা বদ্ধপরিকর বলে জানিয়েছেন প্রদ্যোতবাবু। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পদ্ধতি সুর জানান সরকারের গঠনমূলক কাজকে দল সবসময়ই সমর্থন জানাবে এবং কোন ধরনের অনিয়ম কিংবা জনস্বার্থ বিরোধী কাজ করার চেষ্টা করলে বিধানসভার ভেতরে এবং বিধানসভার বাইরে সরকারের কাছে জবাব দেওয়া হবে।

সর্বোপরি রাজ্যের শান্তি সম্প্রীতি বজায় রাখার জন্য কাজ করবে দল।

কংগ্রেস ও সিপিআইএম দলের সঙ্গে বিভিন্ন ইস্যুতে এক সুরে সুর মিলিয়ে বিধানসভার ভিতরে এবং বাইরে কথা বলতেও তারা প্রস্তুত বলে জানিয়েছেন। এবারের নির্বাচনে বিরোধী দলের পরাজয়ের সম্পর্কে প্রদ্যোত কিশোর দেববর্মনের প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে তিনি বলেন সব দলেরই অভ্যন্তরীণ কিছু বিষয় থাকে।

তিপ্রা মথার জন্যই বিরোধীরা শাসকদলকে পরাজিত করতে পারেনি সেই প্রশ্নের জবাবে প্রদ্যোত কিশোর বলেন উপজাতি সংরক্ষিত বেশ কয়েকটি আসনে কেন মথার পরাজয় ঘটেছে তা স্পষ্ট হয়ে উঠেছে।

পরোক্ষে তিনি বাগমা, শান্তিরবাজার, ছামনু, মনু এবং কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রে মথার পরাজয়ের জন্য অন্যান্য বিরোধী দলগুলিকেই তিনি দায়ী করেছেন। মাথা যদি জিতেন্দ্র চৌধুরীকে সমর্থন না জানাতো তাহলে কি ঘটতো সেই প্রশ্নও তিনি তুলে ধরেছেন।

# বিধানসভা নির্বাচনে বিরোধীদের সহায়তায় কংগ্রেস সর্বোচ্চ বলিদান দিয়েছে ঃ সুদীপ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। ত্রিপুরায় বিধানসভা নির্বাচনে বিরোধীদের সহায়তায় কংগ্রেস সর্বোচ্চ বলিদান দিয়েছে। আজ নবনির্বাচিত বিধায়ক হিসেবে শপথ নেওয়ার পর বরিষ্ঠ কংগ্রেস নেতা সুদীপ রায় বর্মণ এই দাবি করেছেন। তবে, নির্বাচনে পরাজিত হলেও যুদ্ধ সমাপ্ত হয়নি, সুর চড়িয়ে বলেন তিনি।

সুদীপের মতে, বিরোধী রাজনৈতিক দলগুলির ব্যক্তিগত স্বার্থ প্রত্যাশিত জয় অর্জনে বাধা হয়ে দাঁড়িয়েছে। তাঁর কটাক্ষ, একক ভাবে সংখ্যাগরিষ্ঠতা অর্জন সম্ভব হবে ভেবে কিছু রাজনৈতিক দল নিজেদের একাই সরকার গঠনের কান্ডারী মনে করেছিল। কিন্তু, ওই চিন্তাধারা আখেরে বিজেপিকে সহায়তা করেছে। তাঁর দাবি, ত্রিপুরায় কংগ্রেস মানুষের কল্যাণে বিজেপির বিরুদ্ধে লড়াই জারি রাখবে। শুধু তাই নয়, ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে যাবে।

তাঁর সাফ কথা, বিজেপি কেবল সাতটি আসনে ভাল ভোটের ব্যবধানে জয়ী হতে সক্ষম হয়েছে। বাকি আসনগুলিতে বিজেপি ভোট বিভাজনের ফায়দা তুলেছে। তাঁর দাবি, বিজেপিকে নিয়ে আমার পূর্বানুমান সঠিক ছিল। কিন্তু, বিরোধী দলের বিভাজিত ভোট বিজেপিকে নির্বাচনে জয়ী করেছে। ওই ফলাফল অপ্রত্যাশিত এবং শীঘ্রই আমরা নির্বাচনে ব্যর্থতার পর্যালোচনা করব। তিনি কটাক্ষ করে বলেন, ত্রিপুরার ইতিহাসে এই প্রথম মাত্র ৩৮.৯৭ শতাংশ ভোট পেয়ে কোন দল সরকার গঠন করেছে। ৬০ শতাংশের অধিক ভোট বিজেপির বিরুদ্ধে গেছে।

## কৈলাসহরে দূর্ঘটনায় তিন অটোযাত্রী আহত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। মালবাহী ম্যাজিক গাড়িটি ধর্মনগর থেকে কৈলাশহর আসার পথে ভগবান নগর জাতীয় সড়কের উপরে অপর দিক থেকে আসা একটি যাত্রীবাহী অটোতে ধাক্কা দেয়। ফলে এর পিছনে থাকা অপর একটি অটো উল্টে যায়।

যার ফলে আহত হয় তিনজন এবং যাত্রীবাহী অটো একটি বিধ্বস্ত হয়। স্থানীয়রা বিকট শব্দ পেয়ে ঘটনাস্থলে এসে ভিড় জমায়। আহত তিনজনকে উদ্ধার করে চিকিৎসার জন্য কৈলাশহর ঊনকোটি জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে আহত তিনজনের চিকিৎসা চলছে কৈলাশহর ঊনকোটি জেলা হাসপাতালে।

যাত্রীবাহী ম্যাজিক গাড়িটির নম্বর হল টিআর-ই-১৮৩৯। পাশাপাশি দুর্ঘটনা গ্রস্থ যাত্রীবাহী অটো দুটির নম্বর হল টিআর-০৬-৩০০৫ এবং অপর যাত্রীবাহী ☛ ৬ এর পাতায় দেখুন

## পাচারকালে মুঙ্গিয়াকামীতে উদ্ধার নেশা সমগ্রী

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৭ মার্চ।। নেশা বিরোধী অভিযানে আবারও সাফল্য পেয়েছে মুঙ্গিয়াকামি থানার পুলিশ। গোপন সূত্রের খবরের ভিত্তিতে গাড়িতে তল্লাশি চালিয়ে ৩৫০ কেজি শুকনো গাঁজা সহ গাড়ির চালককে আটক করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক প্রসুন কান্তি ত্রিপুরা। উদ্ধারকৃত শুকনো গাঁজার বাজার মূল্য আনুমানিক ৭ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন তিনি।

প্রসুন কান্তি ত্রিপুরা জানিয়েছেন, গোপন সংবাদে তাঁদের কাছে খবর আসে এম এইচ০৫এএম২০৮৪ নম্বরের গাড়ি করে ☛ ৬ এর পাতায় দেখুন

## বিধায়ক পদে শপথ নিলেন সুদীপ বর্মন ও মথার ১৩ জন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। শুক্রবার বিধানসভা ভবনে আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করলেন আরো ১৪ জন বিধায়ক। তাদের মধ্যে রয়েছেন তিপরা মথার ১৩ জন এবং কংগ্রেসের একজন বিধায়ক। প্রোটেম স্পীকার বিনয় ভূষণ দাস তাদের আনুষ্ঠানিকভাবে শপথ বাক্য পাঠ করান।

পূর্ব ঘোষিত সূচি অনুযায়ী শুক্রবার বিধানসভা ভবনের শপথ গ্রহণ করলেন ১৪ জন নবনির্বাচিত বিধায়ক। তাদেরকে আনুষ্ঠানিক শপথ বাক্য পাঠ করান প্রোটিন স্পিকার বিনয় ভূষণ দাস। বৃহস্পতিবার শপথ গ্রহণ করেছিলেন ৪৪ জন বিধায়ক। শুক্রবার যারা শপথ গ্রহণ করেছেন তাদের মধ্যে অন্যতম কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন।

এছাড়া তিপরা মথার ১৩ জন বিধায়ক এদিন আনুষ্ঠানিকভাবে শপথ বাক্য পাঠ করেন। এবারের বিধানসভা নির্বাচনে তিপরা মথার ১৩ জন ☛ ৬ এর পাতায় দেখুন

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের উপর হামলা প্রতিবাদে থানার সামনে সড়ক অবরোধ

**বিশালগড়**

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের উপর দুষ্কৃতিদের হামলা। ঘটনা বিশালগড়ের অফিস টিলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় সংলগ্ন এলাকায়। অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে বিশালগড় থানার সামনে জাতীয় সড়ক অবরোধ পরীক্ষার্থীদের।

শুক্রবার ছিল ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চ মাধ্যমিকের বাংলা বিষয়ের পরীক্ষা। অফিসটিলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে পরীক্ষা দেওয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্র থেকে বের হলে কিছু দুষ্কৃতি কয়েকজন পরীক্ষার্থীকে মারধর করে। এই পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিতে না আসার জন্য হুমকি দিতে থাকে।

এতে আহত হয় কয়েকজন পরীক্ষার্থী। আহতদের নিয়ে যাওয়া হয় বিশালগড় মহকুমা হাসপাতালে। এই ঘটনার ☛ ৬ এর পাতায় দেখুন

## আগরতলায় পূর্ব চানমারিতে তিন দিন ধরে জল নেই, ক্ষোভ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। জিবি সংলগ্ন পূর্ব চানমারিতে তিন দিন ধরে জল নেই। এলাকাবাসী জানিয়েছে স্নান তো দূরের কথা প্রাকৃতিক কাজের পরেও জল ব্যবহার করতে পারছে না। রাজধানী আগরতলা শহর সংলগ্ন পূর্ব চানমারি এলাকায় গত তিন দিন ধরে পানীয় জল সরবরাহ বন্ধ হয়ে পড়েছে। এলাকার জল উত্তোলক মেশিনটি বিকল হয়ে পড়ায় এই সমস্যা দেখা দিয়েছে।

অপারেটরের মতামত জানতে চাওয়া হলে তিনি জানান পাম্প মেশিনটি বিকল হয়ে পড়ায় ঊর্ধতন কর্তৃপক্ষের নজরে আনা হয়। কর্তৃপক্ষের তরফে পাম্প মেশিনটি সারাই করে পুনরায় স্থাপন করা হয় এবং পাইপলাইন পরিষ্কার করে দেওয়া হয়। যথারীতি মেশিন চললেও হঠাৎ বন্ধ হয়ে যায়। এরপর দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা বিষয়টি পরীক্ষা-নিরীক্ষে করে দেখতে পান জলের সঙ্গে প্রচুর পরিমাণে বালি উঠে আসছে। সে কারণেই এই বিপত্তি। দপ্তরের ☛ ৬ এর পাতায় দেখুন

# আগরতলা-কলকাতা ভায়া বাংলাদেশ রেল লাইন সম্প্রসারণের কাজ দ্রুত সমাপ্ত হচ্ছে

## আশ্বাস দিয়েছেন রেলমন্ত্রী, জানালেন প্রতিমন্ত্রী প্রতিমা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। বহু প্রতীক্ষিত আগরতলা- কলকাতা ভায়া বাংলাদেশ রেল লাইন সম্প্রসারণের কাজ দ্রুত সমাপ্ত করার আশ্বাস দিয়েছেন কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। এবছরই ওই রেল লাইন জনগণের উদ্দেশ্যে উৎসর্গ করা হবে বলে তিনি প্রতিশ্রুতি দিয়েছেন। আজ কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক রেলমন্ত্রীর সাথে সাক্ষাতে ওই আগরতলা-কলকাতা ভায়া বাংলাদেশ রেল লাইন সম্প্রসারণের কাজের অগ্রগতি সম্পর্কে জানতে পেরেছেন। এছাড়াও কেন্দ্রীয় প্রতি মন্ত্রী আজ রেল মন্ত্রীর ত্রিপুরার স্বার্থ সংশ্লিষ্ট একাধিক বিষয় উত্থাপন করেন এবং সমাধানের আশ্বাস পেয়েছেন।



সামাজিক মাধ্যমে এক বার্তায় কেন্দ্রীয় প্রতি মন্ত্রী প্রতিমা ভৌমিক জানিয়েছেন, আজ রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সাথে সাক্ষাতে ত্রিপুরার স্বার্থ সংশ্লিষ্ট কিছু বিষয় নিয়ে আলোচনা করেছি। তিনি বলেন, পেঁচারথল এবং কাঞ্চনপুরবাসীর দীর্ঘদিনের দাবি ছিল শিলচর- আগরতলা প্যাসেঞ্জার ট্রেনটির পেচারথলে বাণিজ্যিক স্টপেজ হোক। বিষয়টি আজ রেলমন্ত্রীর কাছে উত্থাপন করেছি এবং তিনি তাতে সম্মতি দিয়েছেন। সাথে তিনি যোগ করেন, খয়েরপুর বিধানসভার অন্তর্গত মেখলিপাড়া চা-বাগান এলাকায় একটি ফুট-ব্রিজ এবং মেখলিপাড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় ওভার-ব্রিজ ও প্রতাপগড় বিধানসভা কেন্দ্রের অন্তর্গত যোগেন্দ্রনগর রেলস্টেশনে একটি ফুট-ওভার-ব্রিজ নির্মানের আবেদন জানিয়েছি।

কেন্দ্রীয় মন্ত্রী বলেন, বহুদিন ধরে রেল যাত্রীরা আগরতলা- শিলচর প্যাসেঞ্জার ট্রেনটি যোগেন্দ্রনগরে বাণিজ্যিক স্টপেজের জন্যও দাবী করে আসছিলেন। আজ রেলমন্ত্রী তাতে সম্মতি ☛ ৬ এর পাতায় দেখুন



শুক্রবার শপথ গ্রহণ অনুষ্ঠানে তিপ্রা মথা সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মার সাথে একান্ত আলোচনায় কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন। ছবি নিজস্ব।

# রাজ্যের সুনাম ও ঐতিহ্য অক্ষুন্ন রেখে বইমেলার সফল রূপায়ন চাইলেন মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। সবার সম্মিলিত প্রচেষ্টায় আসন্ন আগরতলা বইমেলা সফল করে তুলতে আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ মুক্তধারা অডিটরিয়ামে আগরতলা বইমেলার পরিচালন কমিটির সভায় পরিচালন কমিটির চেয়ারম্যান মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই আহ্বান জানান। সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজমদার, বিধায়ক মিনারাণী সরকার, এমবিবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সত্যদেও পোদ্দার, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের পূর্বতন উপাচার্য অরুনোদয় সাহা।

আগামী ২৪ মার্চ হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে ৪১তম আগরতলা বইমেলা। মেলা চলবে আগামী ৫ এপ্রিল পর্যন্ত। আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে বইমেলার সূচনা হয়েছিল। এরপর আগরতলা বইমেলা শিশু উদ্যান, উমাকান্ত একাডেমি স্কুল প্রাঙ্গণে আয়োজনের পর এখন হাঁপানিয়া মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হচ্ছে। তাতে সহজেই বোঝা যায় বইমেলার কলেবর বাড়ছে। মুখ্যমন্ত্রী বলেন, বইমেলার আয়োজনের সময়েই আগরতলায় জি-২০ বৈঠক অনুষ্ঠিত হবে। বিভিন্ন দেশের প্রতিনিধিগণ ঐ বৈঠকে অংশ নেবেন। তাই রাজ্যের সুনাম ও ঐতিহ্য অক্ষুন্ন রেখে ৪১তম আগরতলা বইমেলার আয়োজন সফল করতে সবার প্রতি মুখ্যমন্ত্রী আহ্বান জানান।




বইমেলা পরিচালন কমিটির বৈঠকে মুখ্যমন্ত্রী প্রফেসার ডাঃ মানিক সাহা।

সভায় আলোচনা করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী। তিনি বলেন, জি-২০ বৈঠকে অংশগ্রহণকারী বিভিন্ন দেশের প্রতিনিধিগণ বইমেলায় আসবেন। তাদের আতিথেয়তায় যেন কোন ত্রটি না হয় তার জন্য সবার প্রতি আহ্বান জানান তিনি। সভার শুরুতে তথ্য ও সংস্ক'তি দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস বইমেলা আয়োজনের প্রস্তুতি ☛ ৬ এর পাতায় দেখুন

# আগরতলায় বাজারগুলিতে কিছু অসাধু ব্যবসায়ীরা প্রতিনিয়ত অরাজকতা সৃষ্টি করে যাচ্ছেন ঃ মেয়র

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। নির্বাচনের পর ত্রিপুরার বাজারগুলিতে কতিপয় অসাধু ব্যবসায়ী প্রতিনিয়ত অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করে যাচ্ছেন। তাঁদের বিরুদ্ধে সরকার ও আগরতলা পুর নিগম কঠোর ব্যবস্থা গ্রহন করবে। আজ আগরতলা পুর নিগমের উদ্যোগে কর্পোরেটরদের নিয়ে এক গুরত্ত্বপূর্ণ বৈঠকে অসাধু ব্যবসায়ীদের নিশানা করে একথা বলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

এদিন মেয়র দীপক মজুমদার বলেন, আগামীদিনে পুর নিগমের পক্ষ থেকে শহরে সমস্ত বাজারগুলির উন্নয়নের বিষয়ে গুরুত্ত্বপূর্ণ আলোচনা করা হয়েছে। সাথে পুর নিগম পক্ষ থেকে যানজট পরিষ্কার করার জন্য ব্যবস্থা গ্রহন করা হয়েছে। শহরের পুকুরগুলিকে পরিষ্কার করে মানুষের ব্যবহারের যোগ্য করে তুলা এবং পরিত্যক্ত বিভিন্ন পার্কগুলিকে নতুন ভাবে সুন্দর করে তোলার কাজ করা হচ্ছে।

তাঁর দাবি, আগামী দিনে পুর নিগম জনগণের মৌলিক সমস্যা সমাধান করে মানুষের চাহিদা অনুযায়ী আগরতলা শহরকে নতুন রূপে সাজানোর চেষ্টা করবে।

সাথে তিনি কড়া হুশিয়ারী দিয়ে বলেন, নির্বাচনের পর ত্রিপুরার বাজারগুলিতে কতিপয় অসাধু ব্যবসায়ী প্রতিনিয়ত অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করে যাচ্ছে। তাঁদের বিরুদ্ধে সরকার ও আগরতলা পুর নিগম কঠোর ব্যবস্থা গ্রহন করবে।

এদিন কর্পোরেটরদের নিয়ে এক গুরত্ত্বপূর্ণ বৈঠকে ১৮ বাধারঘাট বিধানসভা কেন্দ্রের জয়ী বিধায়িকা মীনারানী সরকারকে সংবর্ধনা জানানো হয়েছে।

CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ১৫৬ ▫১৮ মার্চ ২০২৩ইং ▫৩ চৈত্র ▫শনিবার ▫১৪২৯ বঙ্গাব্দ

## চিনকে টক্কর, বাজিমাত ভারতের !

তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে ভারত বড়সড়ো পদক্ষেপ গ্রহণ করিবার পরিকল্পনা গ্রহণ করিয়াছে। যুগের পর যুগ ধরিয়া তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে চীন একচেটিয়া বাণিজ্য চালাইয়া গিয়াছে। চীনের অন্যতম বড় বাজার ছিল ভারত। প্রতিবছর ভারত থেকে কোটি কোটি টাকা লাভ করিত চীন। ভারতের সঙ্গে সম্পর্কের ক্রম অবনতির ফলশ্রুতিতে ভারত সরকার চীনের উৎপাদিত বিভিন্ন সামগ্রী বয়কট করিবার পদক্ষেপ গ্রহণ করিয়াছে। এই ধরনের পদক্ষেপ গ্রহণ করিবার পাশাপাশি ভারতে তথ্যপ্রযুক্তি ক্ষেত্রকে আরো বলিষ্ঠ করিবার পদক্ষেপও গ্রহণ করা হইয়াছে।

এবার একটি বড়সড় পদক্ষেপ গ্রহণ করিয়াছে ভারত। জানা গিয়াছে, ভারত এবার এমন ইলেকট্রনিক পণ্য তৈরি করিবার প্রস্তুতি নিয়াছে যাহা পশ্চিমী দেশগুলির "ইউজ অ্যান্ড থ্রো" মডেলের ওপর রীতিমতো আধিপত্য বিস্তার করিতে পারে। এই প্রসঙ্গে সাউথ চায়না মর্নিং পোস্টের একটি রিপোর্টে বলা হইয়াছে যে, ভারত এখন আইটি সার্ভিস থেকে শুরু করিয়া উৎপাদনের দিকে কড়া নজর দিয়াছে।

পাশাপাশি সেখানে আরও জানানো হইয়াছে যে, জিরো-কোভিড নীতির কারণে চিনের সাপ্লাই চেন রীতিমতো বিপর্যস্ত হইয়া পড়িয়াছে। এমন পরিস্থিতিতে, বেজিংয়ের প্রতি কোম্পানিগুলির "বিশ্বাসের ঘাটতি"-র সুযোগ নেওয়ার জন্য প্রস্তুত রহিয়াছে ভারত। এদিকে, করোনার মত ভয়াবহ মহামারীর সময়ে ড্রাগনের কঠোর নীতির কারণে অ্যাপল ও ফক্সকনের মত বড় বড় সংস্থাগুলি চিনের বিকল্প খুঁজিতে শুরু করিয়াছে। ভারত 'ইউজ অ্যান্ড থ্রো'-র মত পশ্চিমী মডেল অনুসরণ করেনা।" এমতাবস্থায়, ওই ফাউন্ডেশন তাহাদের প্রথম প্রোডাক্ট হিসেবে শিক্ষার জন্য কম্পিউটার ট্যাবলেট নিয়া আসিয়াছে। যেটিতে খুব সহজেই নতুন পরিবর্তন নিয়া আসা সম্ভব। এই উদ্যোগটি বর্তমানে প্রাথমিক পর্যায়ে রহিয়াছে। যদিও, এই ভাবনা আইটি পরিষেবা থেকে ইলেকট্রনিক আইটেম উৎপাদনের ক্ষেত্রে দেশের একটি ভালো প্রচেষ্টা হিসেবে বিবেচিত হইবে।সরকারি তথ্য অনুযায়ী জানা গিয়াছে যে, বর্তমানে মোবাইল ফোনের দ্বিতীয় বৃহত্তম উৎপাদনকারী দেশ হইল ভারত। অর্থাৎ, এই ক্ষেত্রে চিনের পরেই রহিয়াছে আমাদের দেশ। এমতাবস্থায় বিশেষজ্ঞরা জানাইয়াছেন, দেশে অন্যান্য ইলেকট্রনিক পণ্যের উৎপাদনও দ্রুতহারে বাড়িতেছে। পাশাপাশি, একাধিক ইউরোপিয় এবং আমেরিকান সংস্থাও ভারতীয় পার্টনারদের সাথে আলোচনা করিতেছে। ইতিমধ্যেই দেশে স্যামসাং এবং অ্যাপলের মত জনপ্রিয় ফোন তৈরি হইতেছে।ভারতে সেমিকন্ডাক্টর তৈরির জন্য ফক্সকনের সাথে চুক্তি করিয়াছে বেদান্ত। এমতাবস্থায়, ফক্সকনের তরফে জানানো হইয়াছে , "আমরা যদি ডিজাইন সেন্টারে রূপান্তরিত হইয়া ভারতকে একটি প্রোডাক্ট নেশন হিসাবে স্বীকৃতি দিই, তাহা হইলে এটা একটা বিশাল সুযোগ হইবে। চিন যাহা করিয়াছে তাহা প্রায় ১৫ থেকে ২০ শতাংশ ধরা যাইতে পারে। ভারতে আই ফোন ও চিপ তৈরিতে ফক্সকনের আগ্রহ বাড়াইয়াছে। এটা খুব ভালো খবর। কারণ এত বড় সংস্থা দেশে আসিতেছে।" অদূর ভবিষ্যতেই ভারত তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে বড় ধরনের সাফল্য অর্জন করিতে সক্ষম হইবে বলিয়া দেশবাসী আশাবাদী।

## জাল নোট সহ ফের দুই ব্যক্তি গ্রেফতার ঝাড়গ্রামে

ঝাড়গ্রাম, ১৭ মার্চ (হি.স.) : জাল নোট সহ আবারও দুই ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। এই ঘটনাটি ঝাড়গ্রাম থানার কাশিয়া বাইপাস এলাকায়। পুলিশ জানিয়েছে ধৃত দুই ব্যক্তির নাম শেক মহিম বাড়ি রাধানগর গ্রামে। এবং মানব মজুমদার ওরফে রাহুল বাড়ি কাশিয়া এলাকায়। ধৃত ব্যক্তিদের কাছ থেকে বিয়াল্লিশ হাজার পাঁচশো টাকার জাল নোট উদ্ধার করেছেন পুলিশ। এদিন শুক্রবার ধৃত ব্যক্তিদের ঝাড়্গাম আদালতে তোলা হলে বিচারক দিনের পুলিশি হেপাজতের নির্দেশ দিয়েছেন।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে কাশিয়া এলাকায় বেশ কিছু সময় ধরে ঘোরাঘুরি করছিলেন। পুলিশ বেশ কিছু সময় ধরে তাদেরকে ঘোরাঘুরি করতে দেখে সন্দেহভাজন হিসেবে জিজ্ঞেসাবাদ শুরু করলে তাদের কথায় অসঙ্গতি পাওয়ার পর পুলিশ তাদেরকে আটক করে থানায় নিয়ে আসেন। ধৃত ব্যক্তিদের কাছ থেকে থেকে ২০ টি দু হাজার টাকা ও পাঁচটি পাঁচশো টাকার জাল নোট অর্থাৎ মোট ৪২ হাজার টাকার জাল নোট উদ্ধার করেন। এদিন পুলিশ ধৃত ব্যক্তিদের ঝাড়্গাম আদালতে তোলেন।

উল্লেখ্য গত ২ ফেব্রুয়ারি নয়াগ্রাম থানার খড়িকামাথানী থেকে এক ব্যক্তির কাছ থেকে ত্রিশ হাজার টাকার জাল নোট উদ্ধার করেছিল পুলিশ। তার আগে গত নভেম্বর মাসে বিনপুর বাজার এলাকা থেকে প্রায় ৩৫ হাজার টাকার জাল নোট সহ রঞ্জিত মহাপাত্র নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেন। গত ৮ অক্টোবর লালগড় থানার ধানঘোরী এলাকা থেকে আকাশ দাস নামে এক ব্যক্তির কাছ থেকে বেশ কিছু জাল নোট সহ গ্রেফতার করেন তাঁকে। এদিকে একের পর জাল নোট উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে ঝাড়গ্রাম জেলা জুড়ে। পুলিশ এই ধৃত ব্যক্তিদের নিজেদের হেপাজতে নিয়ে জাল নোট চক্র কোথায় কোথাগ ছড়িয়ে রয়েছে তা তদন্ত শুরু করেছে পুলিশ। এবিষয়ে ঝাড়গ্রামের অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার বলেন, 'জাল নোট সহ দুই ব্যক্তিকে ঝাড়্গামের কাশিয়া এলাকা থেকে গ্রেফতার করেছেন পুলিশ। ধৃত ব্যক্তিরা কোথা থেকে জাল নোট পেয়েছেন তা নিয়ে তদন্ত শুরু করেছেন পুলিশ।'

## পাঁচটি সোনার বিস্কুটসহ গ্রেফতার পাচারকারী

মুর্শিদাবাদ, ১৭ মার্চ (হি.স.) : ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত সংলগ্ন মুর্শিদাবাদ জেলায় পাঁচটি সোনার বিস্কুটসহ এক পাচারকারীকে আটক করেছে বিএসএফ। ঘটনাটি মুর্শিদাবাদের বয়রাঘাট সীমান্ত ফাঁড়ি এলাকার। ধৃত পাচারকারীর নাম আলমগীর শেখ। তিনি মুর্শিদাবাদ জেলার বাসিন্দা।শুক্রবার বিএসএফের দেওয়া তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার রাতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বয়রাঘাট সীমান্ত চৌকি এলাকায় সন্দেহের ভিত্তিতে এক বাইক আরোহীকে থামায় বিএসএফ কর্মীরা। তল্লাশির সময় তার কোমরে থাকা লুঙ্গির গিঁটে কালো টেপ দিয়ে মোড়ানো একটি প্যাকেট পাওয়া যায়, তাতে পাঁচটি সোনার বিস্কুট উদ্ধার করা হয়। এর ওজন ৫৮৩.২ গ্রাম। আটক সোনার মোট মূল্য ৩৩ লাখ ৫৭ হাজার ৫৭৫ টাকা। বাংলাদেশ থেকে সোনার বিস্কুট ভারতে আনার চেষ্টা করছিল চোরাকারবারিরা।

## বিভিন্ন সময়ে নারীর ক্ষমতায়নের উজ্জ্বল আদর্শ রয়েছে কেরলের ইতিহাসে : রাষ্ট্রপতি

তিরুবনন্তপুরম, ১৭ মার্চ (হি.স.): রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বিভিন্ন সময়ে নারীর ক্ষমতায়নের উজ্জ্বল আদর্শ রয়েছে কেরলের ইতিহাসে। রাষ্ট্রপতি হিসেবে কেরলে তাঁর প্রথম সফরের অংশ হিসাবে শুক্রবার তিরুবনন্তপুরমে কেরল সরকার কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেছেন, কেরলে মহিলাদের স্বাক্ষরতার হার অনেকটাই বেশি।মাতৃস্বাস্থ্যের প্রচার এবং শিশুমৃত্যু রোধের ক্ষেত্রেও কেরালার অবদান দেশের মধ্যে সেরা বলেও মন্তব্য করেছেন রাষ্ট্রপতি। রাষ্ট্রপতি বলেছেন, কুদুম্বশ্রী মিশন বিশ্বের অন্যতম বৃহত্তম মহিলাদের স্ব-সহায়ক নেটওয়ার্কে পরিণত হয়েছে এবং প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর দূরদর্শিতা এবং সংবেদনশীলতার কথা স্মরণ করেন রাষ্ট্রপতি। রাষ্ট্রপতি মুর্মু দেশের সামগ্রিক উন্নয়নে এবং বিশ্বে ভারতের ভাবমূর্তি বৃদ্ধিতে কেরালিদের অবদানের প্রশংসা করেন। এই অনুষ্ঠানে কেরলের রাজ্যপাল আরিফ মহম্মদ খান, মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি এদিন কোল্লামের মাতা অমৃতানন্দময়ী মঠ পরিদর্শন করেন।

# যুক্তরাষ্ট্রে পরপর দুই ব্যাংক বন্ধে বিশ্বজুড়ে অস্থিরতা

**বিশেষ প্রতিবেদন।।** বৈশ্বিক আর্থিক বাজার টালমাটাল। আতঙ্কে বিনিয়োগকারীরা। বাজারমূল্য হারাচ্ছে ব্যাংক-বীমাসহ আর্থিক প্রতিষ্ঠানগুলো। আস্থার সংকট দেখা দিয়েছে যুক্তরাষ্ট্রের গ্রাহকদের মধ্যে। দেশটির বড় ব্যাংকগুলোয় হিসাব স্থানান্তরের হিড়িক পড়ে গেছে। আমানত ও হিসাব স্থানান্তর করায় দেশটির ছোট ও আঞ্চলিক ব্যাংকগুলোর সংকট আরও ঘনীভূত হচ্ছে। ফলে আরও কয়েকটি ব্যাংক ধসে পড়ার শঙ্কা দেখা দিয়েছে। আর্থিক বাজার বিশ্লেষণকারী প্রতিষ্ঠান মুডি'স আরও ছয়টি ব্যাংকের ঋণমান কমানোর পর্যালোচনা করছে। মাত্র তিন দিনের ব্যবধানে যুক্তরাষ্ট্রে দুটি ব্যাংক ধসে পড়ার পর থেকেই এসব প্রতিক্রিয়া দেখা দিয়েছে। দ্রুত সমাধানে ব্যর্থ হলে ২০০৭-০৮ সালের সংকটের পুনরাবৃত্তিরও আশঙ্কা দেখা দিয়েছে। যদিও ব্যাংকিং ব্যবস্থা নিরাপদ এবং বর্তমান পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে বলে আশ্বস্ত করেছেন খোদ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। এ ঘটনায় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও হুঁশিয়ারি দিয়েছেন তিনি। তবে কোনো কিছুই যেন হালে টিকছে না।

মহামারির প্রভাব কমে যাওয়ার পর চাহিদা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে বিশ্বজুড়ে বিভিন্ন পণ্যের দাম বেড়ে যায়। দেশে দেশে মূল্যস্ফীতি রেকর্ড ভাঙতে থাকে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সুদের হার বাড়িয়ে যাচ্ছে ফেডারেল রিজার্ভ। মার্কিন কেন্দ্রীয় ব্যাংকের এ পদক্ষেপ অনুসরণ করছে অন্যান্য দেশের কেন্দ্রীয় ব্যাংকও। এ অবস্থায় অর্থনীতি মন্দায় পড়তে পারে বলেও সতর্ক করে আসছিলেন বিশ্লেষকরা। এমন পরিস্থিতিতে গত শুক্রবার বন্ধ হয়ে যায় যুক্তরাষ্ট্রের সিলিকন ভ্যালি ব্যাংক (এসভিবি)। তিন দিনের মাথায় রোববার নিউইয়র্কভিত্তিক সিগনেচার ব্যাংককেও বন্ধ ঘোষণা করা হয়। এ দুই ব্যাংকের পতন বৈশ্বিক আর্থিক বাজারকে অস্থিরতায় ফেলে দিয়েছে। নিউইয়র্ক থেকে জাপান পর্যন্ত পুঁজিবাজারগুলোয় আর্থিক খাতের শেয়ার নিম্নমুখী। সোমবার পর্যন্ত তিন দিনে বিশ্বজুড়ে আর্থিক স্টকগুলো ৪৬ হাজার ৫০০ কোটি ডলারের বাজারমূল্য হারিয়েছে। এমএসসিআই এশিয়া প্যাসিফিক ফাইন্যান্সিয়াল ইনডেক্স ২ দশমিক ৭ শতাংশ পতন হয়েছে। সূচকটি গত বছরের ২৯ নভেম্বরের পর সর্বনিম্ন। জাপানে মিতসুবিশি ইউএফজে ফাইন্যান্সিয়াল গ্রুপের বাজারদর ৮ দশমিক ৩ শতাংশ কমেছে। দক্ষিণ কোরিয়ার হানা ফাইন্যান্সিয়াল গ্রুপ ৪ দশমিক ৭ শতাংশ এবং অস্ট্রেলিয়ার এএনজেড গ্রুপ হোল্ডিংসের দরে ২ দশমিক ৮ শতাংশ পতন হয়েছে। এ তথ্য এশীয় ঋণদাতা প্রতিষ্ঠানগুলোর ঝুঁকির বিষয়টিও তুলে ধরছে। গতকাল মঙ্গলবার লেনদেনের শুরুতেও স্টকের পতন অব্যাহত ছিল।

ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স জানায়, পরপর দুই ব্যাংক বন্ধের খবরে আমানত নিয়ে উদ্বেগে রয়েছেন মার্কিন নাগরিকরা। এতে ছোট ও আঞ্চলিক ব্যাংকগুলো থেকে আমানত তোলার হিড়িক পড়ে গেছে। পরিবর্তে তাঁরা জেপি মরগান চেজ, ব্যাংক অব আমেরিকা (বিওএ) ও সিটি গ্রুপের মতো বড় ব্যাংকগুলোয় হিসাব স্থানান্তর করছেন। পরিস্থিতি এতটা ভয়াবহ যে বড় ব্যাংকগুলো নতুন হিসাব খোলার প্রক্রিয়া সামলাতে হিমশিম খাচ্ছে। বিওএসহ বড় ঋণদাতারা নতুন হিসাব খোলা এবং হিসাব স্থানান্তরের অনুরোধগুলো সম্পন্ন করার প্রক্রিয়া দ্রুত করতে অতিরিক্ত পদক্ষেপ নিয়েছেন। মার্কিন সরকারের এমন জরুরি ব্যবস্থাগুলো আমানতকারীদের অর্থ তুলে নেওয়ার পদক্ষেপ থেকে বিরত রাখতে পারছে না। আর্থিক খাত স্থিতিশীল করতে জো বাইডেন বলেন, আমেরিকানরা আস্থা রাখতে পারে যে ব্যাংকিং খাত নিরাপদ। যখন আপনার প্রয়োজন হবে, আপনি আমানত তুলতে পারবেন। আমানতকারীরা যাতে অর্থ ফেরত পান, সরকার তা নিশ্চিত করছে। ধসে পড়া সিলিকন ভ্যালি ব্যাংকের আমানতকারীদের জন্য করদাতাদের অর্থ খরচ করা হবে না বলেও জানিয়ে দিয়েছেন তিনি। জো বাইডেন আরও বলেন, আমানতের বিপরীতে ব্যাংকগুলো যে বীমার অর্থ রাখে, সেখান থেকেই গ্রাহকদের আমানত ফেরত দেওয়া হবে। এ সময় তিনি কংগ্রেসের প্রতি আরও কঠোর আইন করার আহ্বান জানান।

ফেডারেল ডিপোজিট ইন্স্যুরেন্স করপোরেশন গত শুক্রবার আড়াই লাখ ডলার পর্যন্ত আমানত সুরক্ষিত করার ঘোষণা দিয়েছে। তবে হিসাবে এ অঙ্কের বেশি থাকা আমানতগুলো ঝুঁকির মধ্যে রয়েছে। যেমন বন্ধ হওয়া এসভিবিতে মোট হিসাবের ৮৫ শতাংশই আড়াই লাখ ডলারের বেশি। যুক্তরাষ্ট্রের অনেক ব্যাংকেই বীমাসীমার ওপরে বিপুল পরিমাণ আমানত রয়েছে। অরক্ষিত এসব আমানতই তুলে নিতে চাচ্ছেন নাগরিকরা। ফলে সবচেয়ে বেশি অস্থিরতায় পড়েছে ছোট ও আঞ্চলিক ব্যাংকগুলো।

এসভিবি পতনের পরিপ্রেক্ষিতে মুডি'স ইনভেস্টর সার্ভিস আরও ছয়টি মার্কিন ব্যাংকের ক্রেডিট রেটিং কমিয়ে দেওয়ার বিষয় পর্যালোচনায় রেখেছে। এর আগে বন্ধ হয়ে যাওয়া সিগনেচার ব্যাংকের রেটিং জাঙ্ক স্ট্যাটাস বা টেরিটরিতে (ঋণ পরিশোধে সবচেয়ে ঝুঁকিপূর্ণ) নামিয়ে আনে প্রতিষ্ঠানটি। রেটিং কমে গেলে ওই প্রতিষ্ঠানের ঋণ নেওয়া কঠিন এবং আরও ব্যয়বহুল হয়ে উঠতে পারে। মুডি'সের পর্যালোচনায় থাকা আর্থিক প্রতিষ্ঠানগুলো হলো— ফার্স্ট রিপাবলিক ব্যাংক, জিয়নস, ওয়েস্টার্ন অ্যালায়েন্স, কমেরিকা, ইউএমবি ফাইন্যান্সিয়াল ও ইনট্রাস্ট ফাইন্যান্সিয়াল। এ খবরের পর সোমবার ব্যাংকগুলোর শেয়ারদর ১২ থেকে ৬০ শতাংশ পর্যন্ত কমে যায়। রেটিং এজেন্সিটি জানিয়েছে, যুক্তরাষ্ট্রের কিছু ব্যাংকের অত্যন্ত ভঙ্গুর তহবিল শর্তাবলি বীমাবিহীন আমানতগুলোর বহিঃপ্রবাহের ঝুঁকি তৈরি করেছে।

সিএনএন জানায়, একের পর এক ব্যাংক বন্ধ ২০০৭-০৮ সালের মন্দার বিষয়টি সামনে এনেছে। ওই সংকটের পুনরাবৃত্তি হওয়ারও আশঙ্কা তৈরি হয়েছে। সে সময় ব্যাংকের সচ্ছলতার প্রতি বিনিয়োগকারীদের অনাস্থা এবং ঋণপ্রাপ্ততা কমে যাওয়ায় মার্কিন পুঁজিবাজারে ধস নেমেছিল। সংকটটি দ্রুতই বিশ্বে ছড়িয়ে পড়ে। এতে বেশ কয়েকটি ব্যাংক বন্ধ হয়ে যায়। ঋণ পাওয়া কঠিন এবং আন্তর্জাতিক বাণিজ্য হ্রাসের কারণে বিশ্ব অর্থনীতিতে স্থবিরতা তৈরি হয়। ২০১১ সালে বিশ্ব অর্থনীতি ওই সংকট কাটিয়ে উঠেছিল। এ সংকটের পর আর্থিক নিয়ন্ত্রণ কঠোর করা হয়েছিল।

তবে সেই পরিস্থিতির চেয়ে এবারের সংকট আলাদা মনে করছেন বেশিরভাগ বিশ্লেষক। ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া ল স্কুলের করপোরেট ল বিভাগের অধ্যাপক ডেভিড স্কিল মনে করেন, সুদের হার বেড়ে যাওয়ায় অন্য ব্যাংকগুলোও দুর্দশার মধ্যে রয়েছে। তা ছাড়া ব্যাংক বন্ধ হয়ে যাওয়া মানুষকে উদ্বিগ্ন করেছে। তবে এ সংকটে এখনও ২০০৭-০৮ সালের মতো পরিস্থিতি তৈরি হয়নি বলে জানান তিনি।

বিশেষজ্ঞরা বলছেন, যুক্তরাষ্ট্রের আর্থিক খাতের বর্তমান অবস্থা ভালো হলেও আতঙ্ক চ্যালেঞ্জ হয়ে দেখা দিয়েছে। অনাস্থার কারণে আমানতকারীরা অর্থ তুলে নিতে থাকলে সংকট ভয়াবহ হতে পারে। তবে আশার বিষয়, যুক্তরাষ্ট্রে মূল্যস্ফীতির হার কিছুটা ধীর হয়েছে। গতকাল প্রকাশিত তথ্যে দেখা গেছে, ফেব্রুয়ারিতে ভোক্তা মূল্যসূচক এক বছর আগের তুলনায় ৬ শতাংশ বেড়েছে। জানুয়ারিতেও বাড়ার হার ৬ দশমিক ৪ শতাংশ ছিল। ফলে আগামী বৈঠকে ফেডারেল রিজার্ভ সুদের হার বাড়ানো চলমান পদক্ষেপের ইতি টানতে পারে। এটি দেশটির বিনিয়োগকারীদের কিছুটা আশাবাদী করে তুলেছে।

কমনওয়েলথ ফাইন্যান্সিয়াল নেটওয়ার্কের প্রধান বিনিয়োগ কর্মকর্তা ব্র্যাড ম্যাকমিলান বলেন, ২০০৮ সালের তুলনায় পুরো আর্থিক খাতের পদ্ধতি আরও স্বচ্ছ এবং ভিত্তি বেশ শক্তিশালী। ওই সংকটের পর সরকার সমস্যাগুলো চিহ্নিত করে এবং সেগুলো মোকাবিলায় ব্যবস্থাপনা তৈরি করে। তবে এর মানে এই নয় যে, সামনে আর কোনো বিপদ নেই।

একটি নোটে নিউইয়র্কভিত্তিক আর্থিক পরিষেবা প্রতিষ্ঠান ব্ল্যাকরকের বিশ্লেষকরা সতর্ক করেছেন, আমানত স্থানান্তর বা তুলে নেওয়া ব্যাংকিং খাতের শেয়ারহোল্ডারদের জন্য খারাপ খবর। এটি অর্থনীতিতে মন্দার আশঙ্কাকে বাড়িয়ে তুলেছে। এদিকে, বাংলাদেশের ব্যাংক খাতেও মাঝেমধ্যে অস্থিরতা দেখা দেয়। এ অবস্থায় যুক্তরাষ্ট্র থেকে শিক্ষা নিতে পারে বাংলাদেশও। ঢাকায় বিশ্বব্যাংকের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলেন, যে কোনো আর্থিক প্রতিষ্ঠানই বন্ধের মুখে পড়তে পারে। সবচেয়ে বড় বিষয় হলো, ওই প্রতিষ্ঠানের অভিভাবক কী করছেন? তাঁরা তাঁদের দায়িত্ব ঠিকমতো পালন করছেন কিনা। যুক্তরাষ্ট্রে বন্ধ হওয়া ব্যাংক দুটিকে আইনি পদক্ষেপের মধ্য দিয়ে যেতে হবে। পাশাপাশি আমানতকারীদের সুরক্ষিত করা হচ্ছে। আবার দেখেন, আমাদের এখানে যে কোনো ঘটনায় বাজেট থেকে অর্থ দেওয়া হয়। তারা কিন্তু জনগণের করের টাকায় সেটা করবে না। তারা ঠিকই দায়ীদের খুঁজে বের করে আমানতকারীদের অর্থ পরিশোধ করতে বাধ্য করবে। সরকারের এ ধরনের পদক্ষেপ জনগণের আস্থা আরও বাড়িয়ে দেয়। এটাই আমাদের জন্য বড় শিক্ষা।

বাংলাদেশের অনেক ব্যাংকই ঝুঁকির মধ্যে আছে বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেন, এখানে জনগণের আস্থা ধরে রাখাটা খুব বেশি গুরুত্বপূর্ণ। কারণ, আমাদের দেশের কোনো একটি ব্যাংক বন্ধের মুখে পড়লে পুরো ব্যাংকিং ব্যবস্থা ধসে পড়তে পারে। এ জন্য খেলাপি ঋণ কমিয়ে আনা এবং জবাবদিহি নিশ্চিত করা খুব জরুরি। তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্র আমানতকারীদের যেভাবে সুরক্ষার ঘোষণা দিয়েছে, আমাদের কিন্তু সেটা নেই। সেখানে আড়াই লাখ ডলার পর্যন্ত আমানত সুরক্ষা দেওয়া হচ্ছে। অথচ বাংলাদেশে মাত্র দুই লাখ টাকা পর্যন্ত ফেরত পাওয়ার আশা আছে। এটি বাড়ানোরও সময় এসেছে। এসব পদক্ষেপ গ্রাহকদের আস্থা শক্তিশালী করতে পারে।

# আড়াই হাজার কোটি টাকার বেশি সম্পদ গড়েছিলেন স্বৈরশাসকের মেয়ে

**বিশেষ প্রতিবেদ।।** এককালে পপ তারকা হিসেবে পরিচিতি পেয়েছিলেন। করেছিলেন অলংকারের ব্যবসা। এমনকি কূটনীতিক হিসেবেও নাম লিখিয়েছিলেন। তিনি গুলনারা করিমোভা। উজবেকিস্তানের সাবেক স্বৈরশাসক ইসলাম করিমভের মেয়ে। গুলনারা করিমোভা এখন কারাগারে। তবে একসময় বিভিন্ন দেশে ২৪ কোটি ডলারের সম্পদ কিনেছিলেন তিনি। গুলনারা কারিমোভা এই অর্থ দিয়ে বাড়ি এবং ব্যক্তিগত বিমান ক্রয় করেছেন এবং সেজন্য তিনি ব্রিটেনের কোম্পানি ব্যবহার করেছেন। তার এই অর্থের উৎস ছিল ঘুষ এবং দুর্নীতি। এমনটাই বলেছে মানবাধিকার সংস্থা ফ্রিডম ফর ইউরেশিয়ার এক গবেষণায়। রিপোর্টে বলা হয়েছে, এই কাজের জন্য লন্ডন এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডের কিছু অ্যাকাউন্টিং ফার্ম সহায়তা করেছে। ফলে অবৈধ সম্পদ মোকাবিলায় ব্রিটেনের প্রচেষ্টাকে আবারো নতুন করে প্রশ্নের মুখে ফেলেছে। বহু বছর যাবত এমন অভিযোগ রয়েছে, বিদেশি অপরাধীরা যেভাবে ব্রিটেনের সম্পদ ব্যবহার করে অর্থ পাচার করছে সেটি বন্ধের জন্য ব্রিটিশ কর্তৃপক্ষ পর্যাপ্ত ব্যবস্থা নিচ্ছে না। প্রতিবেদনে বলা হচ্ছে, কারিমোভা যত সহজে যুক্তরাজ্যের সম্পদ অর্জন করেছে তা আসলেই "উদ্বিগ্ন" হবার মতো। এমন আভাস পাওয়া যাচ্ছে, যারা সম্পদ পাচারের জন্য এসব কোম্পানির হয়ে যারা কাজ করছিল তারা গুলনারা কারিমোভার সংশ্লিষ্টতার বিষয়টি জানতো না। এমনকি অর্থের উৎস যে সন্দেহজনক হতে পারে সেটিও তাদের ধারণা ছিল না। ব্রিটেনের যারা এই সেবা দিয়েছে তাদের কারো বিরুদ্ধেই তদন্ত বা জরিমানা করা হয়নি। একটা সময় মনে হয়েছিল গুলনারা কারিমোভা তার বাবা ইসলাম কারিমোভার উত্তরসূরী হবেন। ইসলাম কারিমোভা ১৯৮৯ সাল থেকে শুরু করে ২০১৬ সালে তার মৃত্যুর আগে পর্যন্ত উজবেকিস্তানের প্রেসিডেন্ট ছিলেন। গুলনারা কারিমভকে 'গুগুশা' নামে বিভিন্ন পপ ভিডিওতে দেখা গেছে। এছাড়া তিনি একটি গয়নার দোকান চালিয়েছেন এবং স্পেনে রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন। কিন্তু এরপর ২০১৪ সালে তিনি লোকচক্ষুর আড়ালে চলে যান। পরে জানা যায় যে, তার বাবা ক্ষমতায় থাকার সময়েই তিনি দুর্নীতির দায়ে গ্রেপ্তার হয়েছিলেন। তার বাবা মারা যাবার পরে ২০১৭ সালের ডিসেম্বরে তাকে কারাদণ্ড দেয়া হয়। ২০১৯ সালে গৃহবন্দীর শর্ত ভাঙার কারণে তাকে কারাগারে পাঠানো হয়। গুলনারা কারিমভের বিরুদ্ধে প্রসিকিউটররা অভিযোগ আনেন যে তিনি একটি অপরাধী গোষ্ঠীর সাথে জড়িত - যারা ব্রিটেন, রাশিয়া এবং সংযুক্ত আরব আমিরাতসহ ১২ টি দেশে এক বিলিয়ন ডলারের সম্পদ নিয়ন্ত্রণ করে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষণা ফেলো এবং ফ্রিডম ফর ইউরেশিয়ার একজন গবেষক টম মেইনি বলেন, 'কারিমোভার ঘটনাটি সর্বকালের সবচেয়ে বড় ঘুষ আর দুর্নীতির ঘটনাগুলোর মধ্যে অন্যতম।' যদিও কারিমোভা আর তার সহযোগীরা এরই মধ্যে কিছু সম্পদ বিক্রি করে দিয়েছেন, যেগুলো দুর্নীতির অর্থ দিয়ে অর্জিত হয়েছিল বলে অভিযোগ রয়েছে। ফ্রিডম ফর ইউরেশিয়া সম্পদ ও ভূমি রেজিস্ট্রি রেকর্ড নিয়ে গবেষণা করে অন্তত ১৪টি সম্পদের উল্লেখ পেয়েছে যা তিনি গ্রেপ্তার হওয়ার আগে যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, দুবাই এবং হংকংসহ বিভিন্ন দেশে সন্দেহজনক তহবিল ব্যবহার করে কিনেছিলেন। এই রিপোর্টে লন্ডন ও এর আশেপাশের পাঁচটি সম্পদের বিবরণ দেয়া হয়েছে, যেগুলোর বর্তমান মূল্য ৫০ মিলিয়ন পাউন্ড। এর মধ্যে রয়েছে বাকিংহাম প্যালেসের পশ্চিম দিকে বেলগ্রাভিয়াতে তিনটি ফ্ল্যাট, মেফেয়ারে বাড়ি, এবং ১৮ মিলিয়ন পাউন্ড মূল্যের সারে ম্যানর হাউস যার সাথে একটি ব্যক্তিগত লেকও রয়েছে। বেলগ্রাভিয়ার দুটি ফ্ল্যাট ২০১৩ সালে কারিমোভা গ্রেপ্তার হওয়ার আগে বিক্রি করা হয়েছিল। ২০১৭ সালে মেফেয়ারের বাড়ি, সারে ম্যানশন এবং বেলগ্রাভিয়াতে তৃতীয় ফ্ল্যাটটি জব্দ করা হয় গুরুতর জালিয়াতির অভিযোগে। ফ্রিডম ফর ইউরেশিয়ার প্রতিবেদনে লন্ডন এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডে কয়েকটি ফার্মের নাম উল্লেখ করা হয়, যেগুলো কারিমোভা বা তার সহযোগীরা সম্পদ বা ব্যক্তিগত জেটলাইনার কেনার প্রক্রিয়ায় ব্যবহার করেছিল। কারিমোভার প্রেমিক রুস্তম মাদুমারভ এবং আরো কয়েকজন যারা তার সন্দেহভাজন সহযোগী তাদেরকে দাপ্তরিক নথিতে 'সুবিধাভোগী মালিক' বলে উল্লেখ করা হয়েছে। এটি একটি আইনি শব্দ যা ব্যবহার করা হয়েছে আসলে যে ব্যক্তি যুক্তরাজ্য, জিব্রাল্টার এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডে থাকা কোম্পানিগুলো নিয়ন্ত্রণ করে তাকে বোঝাতে। কিন্তু প্রতিবেদনে বলা হয় যে তারা আসলে কারিমোভার ছায়া হিসেবে ব্যবহৃত হতো, যারা এসব ফার্ম ব্যবহার করে কোটি কোটি ডলার পাচার করেছে। কারিমোভার সাথে সংশ্লিষ্ট দুটি যুক্তরাজ্যের কোম্পানি পানালি লিমিটেড এবং ওডেনটন ম্যানেজমেন্ট লিমিটেডকে হিসাবরক্ষণ বিষয়ক সহায়তা দিতো এসএইচ ল্যান্ডেস এলএলপি নামে একটি ফার্ম যা আগে লন্ডনের অক্সফোর্ড স্ট্রিটে ছিল। ২০১০ সালের জুলাইয়ের শেষের দিকে, এসএইচ ল্যান্ডেস আরেকটি কোম্পানি রেজিস্টার বা অধিগ্রহণ করে। এর লক্ষ্য ছিল ৪০ মিলিয়ন ডলার মূল্যের ব্যক্তিগত জেট কেনা যার মালিক ছিলেন মাদুমারভ। প্রকৃতপক্ষে প্রতিবেদন অনুযায়ী, কারিমোভা আসলে এই ক্রয়ের পেছনে ছিলেন। যখন তহবিলের উৎস সম্পর্কে জিজ্ঞস করা হয় তখন এসএইচ ল্যান্ডেস উত্তরে বলেন, 'আমরা মনে করি যে এই ব্যক্তিগত সম্পদ নিয়ে যে প্রশ্ন এসেছে তা এক্ষেত্রে প্রযোজ্য হবে না।' এই প্রশ্ন এসেছে কারণ জেট কেনার জন্য যে অর্থ ব্যয় করা হয়েছিল তা মাদুমারভের ব্যক্তিগত তহবিল থেকে দেয়া হয়নি। লন্ডন ভিত্তিক ফার্মটি অবশ্য পরে জানায় যে, মাদুমারভের সম্পদ আংশিকভাবে এসেছে উজবেকিস্তানের একটি মোবাইল ফোন কোম্পানি উজদোনরোবিতা থেকে। এই কোম্পানির সাথে কারিমোভার সংশ্লিষ্টতা নিয়ে এরই মধ্যে প্রশ্ন উঠেছে। অভিযোগ তোলে যে, কারিমোভা উজদোনরোবিতা থেকে জাল রশিদের মাধ্যমে প্রায় ২০ মিলিয়ন ডলার নিজের ব্যক্তিগত কাজে ব্যবহার করেছে। সাবেক এক উপদেষ্টা কারিমোভার বিরুদ্ধে "প্রতারণার" অভিযোগ তোলেন। প্রতিবেদনে বলা হয়, কারণ যেহেতু এটা উজবেকিস্তানের মতো একটি দেশ যেখানে অর্থপাচার জবাবদিহিতার সম্ভাবনা কম সেখান থেকে এতো বড় অংকের অর্থের হস্তান্তর বিষয়ে এসএইচ ল্যান্ডসের উচিত ছিল এই "সুনির্দিষ্ট গ্রাহক সম্পর্কে তদন্ত করা"- এর পটভূমি খতিয়ে দেখার মাধ্যমে এটা নিশ্চিত করা যে, তহবিল আইনসঙ্গত ছিল এবং এটি কোন অপরাধ কর্মকাণ্ডের মাধ্যমে অর্জন করা হয়নি। এসএইচ ল্যান্ডেস পানালি লিমিটেডের ২০১২ অর্থবছরের আর্থিক বিবৃতিও জমা দেয়। প্রতিবেদনে বলা হয়, ২০১৩ সালের সেপ্টেম্বরে কারিমোভার ঘনিষ্ঠ এক সহযোগী সেগুলোর অনুমোদন দিয়েছিল যার নাম গায়ান আভাকিয়ান এবং তখন তার বয়স ছিল ৩০ বছর। "উজবেকিস্তানে কয়েক মিলিয়ন ডলার জালিয়াতি এবং দুর্নীতি কেলেঙ্কারির" কেন্দ্রে থাকা জিব্রাল্টারে নথিবদ্ধ তাকিলান্ট নামে একটি কোম্পানির মালিক ছিলেন আভাকিয়ান। স্টিভেন ল্যান্ডেস বলেন: এসএইচ ল্যান্ডেস এলএলপি কখনোই গুলনারা কারিমোভার সাথে সংযুক্ত ছিল না। এসএইচ ল্যান্ডেস এলএলপি রুস্তম মাদুমারভের পক্ষে কাজ করে। এসএইচ ল্যান্ডেস এলএলপি তার সব গ্রাহকদের পক্ষেই কাজ করে এবং যথাযথ নিয়ন্ত্রক কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিত করা হয়েছে এবং এটি যথাযথ মূল্যায়িত। ফ্রিডম ফর ইউরেশিয়ার টম মেইনি বলেন, যত সহজে কারিমোভা যুক্তরাজ্যে এতো সম্পদ কিনেছেন তা আসলেই উদ্বেগজনক। তিনি বলেন, 'এ বিষয়ে ব্যবস্থা নিতে কর্তৃপক্ষের ২০১৭ সাল পর্যন্ত সময় লেগে গেছে যেখানে অন্য দেশগুলো আরো কয়েক বছর আগেই তার ব্যাংক অ্যাকাউন্ট এবং তার সম্পদ জব্দ করেছে।'

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষণা ফেলো এবং ফ্রিডম ফর ইউরেশিয়ার একজন গবেষক টম মেইনি বলেন, 'কারিমোভার ঘটনাটি সর্বকালের সবচেয়ে বড় ঘুষ আর দুর্নীতির ঘটনাগুলোর মধ্যে অন্যতম।' যদিও কারিমোভা আর তার সহযোগীরা এরই মধ্যে কিছু সম্পদ বিক্রি করে দিয়েছেন, যেগুলো দুর্নীতির অর্থ দিয়ে অর্জিত হয়েছিল বলে অভিযোগ রয়েছে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# রাহুলকে উপর্যুপরি আক্রমণ জে পি নাড্ডার, বললেন ভারত গণতন্ত্রের জননী

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): লন্ডনে ভারতীয় গণতন্ত্র সম্পর্কে আপত্তিকর মন্তব্যের জন্য কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীকে উপর্যুপরি আক্রমণ করলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। রাহুলকে আক্রমণ করে নাড্ডা বলেছেন, 'রাহুল গান্ধীজি ভারত হল গণতন্ত্রের জননী। বিশ্বের কোনও শক্তিই ভারতের গণতান্ত্রিক উত্তরাধিকারের ক্ষতি করতে পারবে না। দেশে আপনার দলের কথা কেউ এখন শোনে না, জনগণও আপনাদের বিশ্বাস করে না। এই কারণেই আপনার দল প্রায় নিশ্চিহ্ন হয়ে গিয়েছে।' শুক্রবার সকালে একটি ভিডিও বার্তায় জে পি নাড্ডা বলেছেন, এমন একটা সময় যখন ভারত বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি হয়ে উঠছে এবং ভারতে জি-২০ সভা অনুষ্ঠিত হচ্ছে, বিদেশের মাটিতে রাহুল গান্ধী দেশ ও সংসদকে অপমান করছেন। নাড্ডার কথায়, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক যে কংগ্রেস দল দেশবিরোধী কার্যকলাপে লিপ্ত। দেশ বারবার প্রত্যাখ্যান করার পরও রাহুল গান্ধী এখন দেশ-বিরোধী টুলকিটের স্থায়ী অংশ হয়ে উঠেছেন। রাহুল গান্ধী নির্বাচিত সংখ্যাগরিষ্ঠ সরকার এবং ১৩০ কোটি ভারতবাসীকে অপমান করছেন। বিশ্বাসঘাতকদের শক্তিশালী না করলে এটা কী? বিদেশের মাটিতে রাহুল গান্ধী বলেছেন, ভারতে গণতন্ত্র শেষ হয়েছে এবং ইউরোপ ও মার্কিন যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপ করা উচিত। এর চেয়ে লজ্জার আর কি হতে পারে? একাধিক প্রশ্ন উত্থাপন করে নাড্ডা আরও বলেছেন, জর্জ সোরোস এবং রাহুল গান্ধী কেন একই ভাষায় কথা বলেন? পাকিস্তান এবং কংগ্রেস কেন একই কথা বলে? রাহুলকে প্রশ্ন করে নাড্ডা বলেছেন, রাহুল গান্ধী আপনার উদ্দেশ্য কি বলবেন?



শুক্রবার বিধানসভায় শপথ বাক্য পাঠ করেন তিপ্রামথার বিধায়করা।

## প্রতীক্ষায় বাংলাদেশ, ১৮ মার্চ প্রথম আন্তঃসীমান্ত এনার্জি পাইপলাইনের সূচনা করবেন মোদী-হাসিনা

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): বাংলাদেশকে আলোর মুখ দেখাতে চলেছে ভারত-বাংলাদেশ মৈত্রী পাইপলাইন প্রকল্প। ১৮ মার্চ, শনিবার ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে মৈত্রী পাইপলাইন কার্যক্রম উদ্বোধন করবেন। এর ফলে চলতি মাসেই এই পাইপলাইনে ভারত থেকে ডিজেল আনবে বাংলাদেশ। এর ফলে বাংলাদেশের আমদানি ব্যয় কমার পাশাপাশি সে দেশের উত্তরের ১৬টি জেলায় জ্বালানি তেলের সরবরাহও বাড়বে।
অনুমান্তিক ৩৭৭ কোটি টাকা ব্যয়ে ভারত ও বাংলাদেশের মধ্যে প্রথম আন্তঃসীমান্ত এনার্জি পাইপলাইনটি নির্মিত হয়েছে। পাইপলাইনটির বার্ষিক এক মিলিয়ন মেট্রিক টন (এমএমটিপিএ) হাই-স্পিড ডিজেল (এইচএসডি) পরিবহনের ক্ষমতা রয়েছে। পাইপলাইনের মাধ্যমে জ্বালানি তেল আমদানিতে ২০১৮ সালে ভারতের সঙ্গে চুক্তি সই করেছিল বাংলাদেশ। চুক্তি অনুযায়ী দু"দেশের মধ্যে ১৩১ দশমিক পাঁচ কিলোমিটার পাইপলাইন নির্মাণ করা হয়েছে। ভারতের নুমালিগড় রিফাইনারির শিলিগুড়ির বিপণন টার্মিনাল থেকে বাংলাবান্ধা সীমান্ত দিয়ে দিনাজপুরের পার্বতীপুর ডিপোতে যুক্ত হয়েছে দু"দেশের ফ্রেন্ডশিপ পাইপলাইন। দক্ষিণ এশিয়ায় এটিই প্রথম আন্তঃদেশীয় পাইপলাইন।

## বৃষ্টির সৌজন্যে গরম কমল তিলোত্তমায়; আপাতত ভিজবে দুই বঙ্গ, বইবে ঝোড়ো হাওয়াও

কলকাতা, ১৭ মার্চ (হি.স.): কলকাতার আকাশে মেঘের আনাগোনা, মাঝেমধ্যেই মেঘের চাদর সরিয়ে উঁকি মারছে সূর্য। বৃহস্পতিবার রাতের বৃষ্টির সৌজন্যে গরম উধাও হয়ে গিয়েছে তিলোত্তমা থেকে, একধাক্কায় পারদ-পতন হয়েছে অনেকটাই। কলকাতায় তাপমাত্রার কমার পূর্বাভাস দিয়েছিল আলিপুর আবহাওয়া দফতর। সেই মতো শুক্রবার অনেকটাই নামল কলকাতার তাপমাত্রা। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি। এদিনই সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩১.৯ ডিগ্রি সেলসিয়াস। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী মঙ্গলবার পর্যন্ত কলকাতা, দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, নদিয়া, মুর্শিদাবাদ, ঝাড়গ্রাম, দুই বর্ধমানে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। বৃষ্টির সঙ্গে ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিমি বেগে বইতে পারে দমকা হাওয়া। দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গের জেলাগুলিতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার, দুই দিনাজপুর, মালদায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস জারি করেছে আলিপুর আবহাওয়া দফতর। বৃষ্টির সঙ্গে কোথাও কোথাও ঘণ্টায় ৩০-৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে।

## ১৯ মার্চ গুজরাট সফরে যাচ্ছেন অমিত শাহ, একগুচ্ছ কর্মসূচি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): আগামী ১৯ মার্চ, রবিবার গুজরাট সফরে যাচ্ছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। গুজরাটে বেশ কিছু কর্মসূচি রয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর। সরকারি সূত্রের খবর, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ১৯ মার্চ গুজরাট সফরে যাবেন। সেখানে তিনি জুনাগড় জেলা ব্যাঙ্কের সদর দফতরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এছাড়াও সোমনাথ মন্দির দর্শন ও প্রার্থনা করবেন।
গুজরাট সফরের সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জুনাগড় জেলা ব্যাঙ্কের সদর দফতরের ভিত্তিপ্রস্তর স্থাপনের পাশাপাশি জুনাগড়ে এপিএমসি কিষাণ ভবনের উদ্বোধন করবেন। তিনি সোমনাথ মন্দিরে প্রার্থনাও করবেন, সোমনাথ ট্রাস্টের মোবাইল অ্যাপ চালু করবেন এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজের সূচনা করবেন।

## সেকেন্দ্রাবাদে আবাসন কমপ্লেক্সে আগুনে মৃত ৬, প্রাণে বাঁচলেন কয়েকজন

সেকেন্দ্রাবাদ, ১৭ মার্চ (হি.স.): তেলেঙ্গানার সেকেন্দ্রাবাদে একটি আবাসন কমপ্লেক্সে আগুন লেগে প্রাণ হারালেন ৬ জন। মৃতদের মধ্যে ৪টি বালিকা ও দু"টি বালক রয়েছে। এছাড়াও বেশ কয়েকজনকে ওই আবাসন থেকে উদ্ধার করা হয়েছে। মোট ৭ জনকে উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছেন নর্থ জোন ডিসিপি চন্দনা দীপ্তি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন তেলেঙ্গানার মন্ত্রী তালাসানি শ্রীনিবাস যাদব।
সেকেন্দ্রাবাদের সাউথ জোনের অতিরিক্ত ডিএসপি সৈয়দ রাফিক জানান, বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ সেকেন্দ্রাবাদের স্বপ্নালোক কমপ্লেক্সে শর্টসার্কিটের কারণে আচমকা আগুন লেগে যায়। ওই বহুতলের ভেতরে আটকে পড়া কয়েকজনকে উদ্ধার করা হয়। আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন। নর্থ জোন ডিসিপি চন্দনা দীপ্তি জানিয়েছেন, ৪টি বালিকা ও দু"টি বালককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

## পাথরপ্রতিমায় বজ্রপাতে পুড়ে গেল কাঁচাবাড়ি, মৃত্যু গবাদি পশুর

পাথরপ্রতিমা, ১৭ মার্চ (হি.স.): দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমায় বৃহস্পতিবার গভীর রাতে হওয়া বজ্রপাতে পুড়ে গেল একটি কাঁচাবাড়ি ও পাশের গোয়ালঘর। আগুনে পুড়ে মৃত্যু হয়েছে তিনটি গরু, বেশ কয়েকটি ছাগল, হাঁস ও মুরগীর। এছাড়া বাড়ির ভেতরে থাকা সর্বস্ব পুড়ে গিয়েছে। শুক্রবার সকালেও জ্বলতে দেখা যায় আগুন। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমার দক্ষিণ রায়পুরের নয় নম্বর ঘেরি এলাকায় জগবন্ধু হালদারের বাড়িতে।
বৃহস্পতিবার মধ্যরাত থেকে দক্ষিণ ২৪ পরগনা জেলাজুড়ে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিপাত হয়। সেই সময় বজ্রপাত হয় জগবন্ধু হালদারের কাঁচাবাড়ির ওপরে। প্রথমে ধোঁয়ায় পুরো এলাকা ভরে যায়। পরে খড়ের ছাউনি দেওয়া বাড়িটি দাউদাউ করে জ্বলতে থাকে। বাড়ির মধ্যে থাকা বাসিন্দারা বেরিয়ে আসেন তড়িঘড়ি। কিন্তু বাড়ির জিনিসপত্র ও পোষ্যদের বের করতে পারেননি। আশেপাশের বাসিন্দারা আতঙ্কিত হয়ে পড়েন এই ঘটনায়। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করেন ঠিকই, কিন্তু পুরো বাড়ি ভস্মীভূত হয়ে গিয়েছে। বাড়ির সাথে সাথে পাশের গোয়ালে থাকা গবাদিপশুদেরও মৃত্যু হয়েছে।

## সাইক্লোন ফ্রেডির দাপটে দক্ষিণ পূর্ব আফ্রিকায় মৃত ৩২৬, বন্যা ও কাঁদামাটির ধসে বিপর্যস্ত দেশটি

কেপটাউন, ১৭ মার্চ (হি.স.): সাইক্লোন ফ্রেডির দাপটে দক্ষিণ পূর্ব আফ্রিকায় মৃত্যুর। সংখ্যা ৩০০ ছাড়িয়েছে। যার মধ্যে সবথেকে ক্ষতিগ্রস্ত হয়েছে মালাওয়ি এলাকা। মালাওয়ের বিপর্যয় মোকাবিলা দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে সাইক্লোনের জেরে প্রায় ৩২৬ জন মানুষ মারা গিয়েছেন।
কর্তৃপক্ষ আরও জানিয়েছে, আফ্রিকার চিলোবিতে আরও প্রায় ৩০ জন প্রাণ হারিয়েছেন এই সাইক্লোনে। গত মঙ্গবার সাইক্লোন ফ্রেডির দাপটে মালায়ি, মোজাম্বিক এবং মাদাগাস্কারে হওয়া ধংসলীলায় শোকপ্রাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই দুর্বিষহ দিনে ক্ষতিগ্রস্ত দেশের পাশে থাকার বার্তা দিয়েছেন তিনি। মোজাম্বিকে এখনও পর্যন্ত মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ১০। এছাড়া আহত হয়েছেন প্রায় ১৩ জন মানুষ। বন্যা ও কাঁদামাটির ধসে বিপর্যস্ত দেশটি

## দিল্লিতে ম্যাট্রেস ফ্যাক্টরিতে আগুন ও বিস্ফোরণ, তদন্তে পুলিশ ও দমকল

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): রাজধানী দিল্লিতে ফের অগ্নিকান্ড! এবার আগুন লাগল দিল্লির একটি ম্যাট্রেস ফ্যাক্টরিতে। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে দিল্লির সিরসাপুর শিল্পাঞ্চল এলাকাতে। আগুনের তীব্রতা এত বেশি ছিল যে পর পর বেশ কয়েকটি বিস্ফোরণের ঘটনা ঘটে। যার জেরে বিল্ডিংয়ের ৮০ শতাংশ ভেঙে পড়ে।
রাতেই আগুন নেভাতে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ২০টি দমকলের ইঞ্জিন। এই অগ্নিকান্ডে কারও আহত হওয়ার খবর মেলেনি। ঠিক কি কারণে বিস্ফোরন ঘটল তার কারণ জানা যায়নি। পুলিশ ও দমকল তদন্ত শুরু করেছে। দিল্লি দমকলের এসটিও পরভেশ জানিয়েছেন, আগুন লাগার পর ওই ফ্যাক্টরিতে ২-৩ বার বিস্ফোরণ হয়। আগুন লাগার কারণ ও বিস্ফোরণ কেন হল তা খতিয়ে দেখা হচ্ছে।

## ভারতে কোভিড-সংক্রমণ বেড়ে ৭৯৬; সক্রিয় রোগীর সংখ্যাতেও বৃদ্ধি, করোনায় মৃত্যু ৫ জনের

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ৫-হাজারের গন্ডি অতিক্রম করে ফেলল, ১০৯-দিন পর ফের ৫-হাজারের গন্ডি পেরোল সক্রিয় রোগীর সংখ্যা। লাফিয়ে লাফিয়ে বাড়ছে দৈনিক আক্রান্তের সংখ্যাও, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৭৯৬ জন, এই সময়ে মৃত্যু হয়েছে ৫ জনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা ৫,০২৬-এ পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মোট কোভিড-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৬,৯৩,৫০৬-তে পৌঁছেছে। ৫ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৭৯৫-এ পৌঁছেছে।
কেন্দ্রীয় স্বাস্থ্যে ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৫৭, ৬৮৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ০৭ হাজার ৭৮৭ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৪,৮৮,৫৪৩। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৬ মার্চ সারা দিনে ভারতে ৯৮,৭২৭ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## উত্তর প্রদেশের সম্ভলে কোল্ড স্টোরেজের ছাদ ভেঙে মৃত্যু বেড়ে ৮, তদন্ত কমিটি গড়লেন যোগী

সম্ভল, ১৭ মার্চ (হি.স.): উত্তর প্রদেশের সম্ভল জেলায় কোল্ড স্টোরেজের ছাদ ভেঙে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হল ৮। মৃতদের পরিবারপিছু ২ লক্ষ টাকা করে আর্থিক সাহায্যের ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। পাশাপাশি তদন্ত কমিটিও গঠন করেছেন মুখ্যমন্ত্রী যোগী। শুক্রবার সকালে ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ শালাভ মাথুর বলেছেন, বৃহস্পতিবার চান্দউসি থানার অন্তর্গত ইন্দিরা নগর রোডের ধারে অবস্থিত কোল্ড স্টোরেজ চেম্বারের ছাদ ভেঙে পড়ে। সেই ঘটনায় শুক্রবার সকাল পর্যন্ত ১০ জনের মৃত্যু হয়েছে। মর্মান্তিক এই ঘটনায় গভীর দুঃখপ্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। মৃতদের পরিবারপিছু ২ লক্ষ টাকা ও আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্যের কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি তদন্ত কমিটিও গঠন করেছেন তিনি।

## আজব কান্ড! ইনোভা গাড়িতে গরু পাচার, তাও হল না শেষ রক্ষা

সোনারপুর, ১৭ মার্চ (হি.স.): পুলিশের চোখে ধুলো দিতে ইনোভা গাড়িতে করে গরু পাচার করা হচ্ছিল। কিন্তু বৃহস্পতিবার রাতে রাস্তায় টহলরত সোনারপুর থানার পুলিশ কর্মীদের সন্দেহ হওয়ায় গাড়িটিকে ধাওয়া করে পুলিশ। পুলিশের হাত থেকে বাঁচতে দ্রুত গতিতে গাড়ি নিয়ে পালাতে গিয়েই লাইট পোস্টে ধাক্কা মারে গাড়িটি। আহত অবস্থায় রফিক খান নামে ওই গাড়ির চালককে উদ্ধার করে সুভাষগ্রাম গ্রামীণ হাসপাতালে ভর্তি করেছে পুলিশ। গাড়িতে থাকা আরও দু""জন পলাতক বলে জানা গিয়েছে। বৃহস্পতিবার গভীর রাতে একটি ইনোভা গাড়ি সোনারপুর মোড় থেকে রাজপুরের দিকে যাচ্ছিল। সোনারপুর থানার পিসি পার্টির সন্দেহ হওয়ায় গাড়িটিকে ধাওয়া করে। সোনারপুরের বারেন্দ্রপাড়া শনি মন্দিরের কাছে একটি ইলেকট্রিক পোস্টে ধাক্কা মারে গাড়িটি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ইনোভা গাড়ির পেছনের সীট খুলে গরু পাচারের কাজ করা হত। গাড়িটিতে মোট তিনটি গরু ছিল। দুর্ঘটনায় একটি গরু মারা গিয়েছে বলে পুলিশ সূত্রের খবর। বাকি দু""টি গরুকে উদ্ধার করা হয়েছে। যাতে দেখে সন্দেহ না হয় সে জন্য ইনোভা গাড়িতে করে গরু পাচারের কাজ করা হচ্ছিল বলে মনে করছে পুলিশ।

## অনুব্রতের জামিনের মামলার শুনানি পিছোল দিল্লি হাই কোর্টে, হতে পারে ২৩ মার্চ

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.) : অনুব্রত মণ্ডলের জামিনের মামলার শুনানি পিছিয়ে গেল দিল্লি হাইকোর্টে। আগামী ২৩ মার্চ ওই মামলার শুনানি হওয়ার সম্ভাবনা রয়েছে। এর আগে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত গরু পাচার মামলায় ধৃত অনুব্রতের জামিনের আর্জি খারিজ করে দিয়েছিল। আদালত বলেছিল, দিল্লি হাইকোর্টে মামলা করে ইডি-র জিজ্ঞাসাবাদ পিছিয়ে দিয়েছেন তৃণমূল নেতা। তার পরে ইডি নির্দিষ্ট সময়ে চার্জশিট পেশ করতে পারেনি বলে জামিন চেয়েছেন। জামিনের আর্জি খারিজ হওয়ার পরেই দিল্লি হাই কোর্টের দ্বারস্থ হয়েছেন তিনি। গরু পাচার মামলায় ইডি আসানসোল জেলের মধ্যে অনুব্রতকে গ্রেফতারের পরে রাউস অ্যাভিনিউ কোর্ট তাঁকে দিল্লিতে হাজির করানোর পরোয়ানা জারি করেছিল, যাতে ইডি বীরভূমের এই তৃণমূল নেতাকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করতে পারে। ওই পরোয়ানার বিরুদ্ধে ও রাউস অ্যাভিনিউ কোর্টের এক্তিয়ার নিয়ে প্রশ্ন তুলে আগেই অনুব্রত দিল্লি হাই কোর্টে মামলা করেন। ইডি তাঁকে গ্রেফতারের পরে কারণ জানিয়ে কোনও নথি দেয়নি বলে অভিযোগ করে মামলা করা হয়েছে। গত ৮ ফেব্রুয়ারি অনুব্রতের আবেদনের ভিত্তিতে মামলার শুনানি ছিল দিল্লি হাই কোর্টে। কিন্তু ওই দিন শুনানি হয়নি। এক মাস পিছিয়ে গিয়ে ১৭ মার্চ শুনানির দিন ধার্য হয়েছিল। কিন্তু তাও এবার পিছিয়ে গেল।

## আদানি ইস্যুতে উত্তাল সংসদ, ২০ মার্চ অবধি মুলতুবি উভয়কক্ষের অধিবেশন

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): টানা পাঁচ দিন তুমুল হইহট্টগোলের কারণে পন্ড হল সংসদের কাজকর্ম। শুক্রবার বেলা এগারোটা নাগাদ সংসদের উভয়কক্ষের অধিবেশন শুরু হওয়ার পর বিরোধীরা তুমুল হইহট্টগোল করেন, আদানি ইস্যুতে জেপিসির দাবি জানাতে থাকেন কংগ্রেস-সহ বিরোধীরা। আবার ভারতীয় গণতন্ত্র সম্পর্কিত মন্তব্যের জন্য রাহুল গান্ধীকে ক্ষমা চাইতে বলেন শাসকদলের সাংসদরা।
তুমুল হইহট্টগোলের কারণে আগামী ২০ মার্চ, সোমবার অবধি মুলতুবি করে দেওয়া হয় লোকসভার অধিবেশন। একই পরিস্থিতি দেখা যায় সংসদের উচ্চকক্ষ রাজ্যসভাতেও। তুমুল হইহট্টগোলের কারণে আগামী ২০ মার্চ অবধি রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেন রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়।

## ক্ষমা না চাইলে রাহুল গান্ধীকে সংসদে কথা বলতে দেবে না বিজেপি

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.) : ক্ষমা না চাইলে রাহুল গান্ধীকে সংসদে কথা বলতে দেবে না বিজেপি, এমনটা খবর সূত্রের। বিজেপির অভিযোগ, ব্রিটেন সফরে গিয়ে রাহুল 'দেশকে অপমান' করেছেন। তাই কংগ্রেস সাংসদকে নিঃশর্তভাবে ক্ষমা চাইতে হবে। রাহুলের ক্ষমা প্রার্থনার দাবিতে গত চারদিন ধরে ধারাবাহিকভাবে লোকসভা এবং রাজ্যসভায় বিক্ষোভ দেখাচ্ছেন বিজেপি সাংসদরা। শুক্রবার বিজেপির জাতীয় মুখপাত্র শেহজাদ পুনাওয়ালা টুইট করে রাহুলকে নিশানা করেছেন। টুইটার হ্যান্ডেলে তিনি লিখেছেন, 'বিদেশী হস্তক্ষেপের দাবি করে আমাদের সার্বভৌমত্বের বিরুদ্ধে রাহুল বিদেশের মাটিতে জঘন্য এবং গুরুতর আক্রমণাত্মক মন্তব্য করেছেন।

## তমলুকে খাল থেকে উদ্ধার নিখোঁজ ব্যক্তির দেহ, তদন্তে পুলিশ

পূর্ব মেদিনীপুর, ১৭ মার্চ (হি.স.): পূর্ব মেদিনীপুর জেলার তমলুকে খাল থেকে উদ্ধার হল এক যুবকের দেহ। শুক্রবার সকালে তমলুক থানার ১৯ নম্বর ওয়ার্ডের কাবাসবেড়িয়া এলাকায় সুব্রত মান্না নামে বছর আটত্রিশের এক ব্যক্তির দেহ উদ্ধার হয়। গত ১৪ মার্চ, মঙ্গলবার সকালে চা খেতে গিয়ে নিখোঁজ হয়ে যান তিনি। এরপর বুধবার তমলুক থানায় লিখিত অভিযোগ জানানো হয়। শুক্রবার সকালে তমলুক স্টেশন সংলগ্ন কাবাসবেড়িয়া এলাকায় একটি পদ্মা খালে একটি দেহ দেখতে পাওয়া যায়। স্থানীয় বাসিন্দারা তমলুক থানার খবর দিলে তমলুক থানার পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে এবং স্থানীয় মানুষজন দেহ শনাক্ত করেন। কিভাবে ওই ব্যক্তির মৃত্যু হয়েছে তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।

## ১০০ দিনের কাজ খতিয়ে দেখতে রাজ্যে কেন্দ্রীয় প্রতিনিধি দল

কলকাতা, ১৭ মার্চ (হি স)। ১০০ দিনের কাজ খতিয়ে দেখতে রাজ্যে এল কেন্দ্রীয় প্রতিনিধি দলের ২ সদস্য। শুক্রবার বেলা সাড়ে এগারোটা নাগাদ কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছন তাঁরা।
কলকাতা থেকে তাঁরা মুর্শিদাবাদের উদ্দেশে রওনা দিয়েছেন এর মধ্যেই। বেলডাঙার ২ নম্বর ব্লকে ১০০ দিনের কাজ খতিয়ে দেখছেন প্রতিনিধি দলের সদস্যরা। সূত্রের খবর, ২২ মার্চ পর্যন্ত রাজ্যে থাকবে কেন্দ্রীয় প্রতিনিধি দল।
প্রসঙ্গত, রাজ্যে বিভিন্ন গ্রামীণ প্রকল্পের কাজের অগ্রগতি দেখতে গত জানুয়ারি মাসেই এক ডজন জেলায় পরিদর্শনে আসে কেন্দ্রীয় দল। সেগুলোয় সরকারি অফিসাররা ছিলেন না। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক ন্যাশনাল লেভেল মনিটরিং দল পাঠায়, যারা মূলত গ্রামোন্নয়ন মন্ত্রকের নথিভুক্ত এজেন্সি। বিভিন্ন প্রকল্পের কাজ দেখার পাশাপাশি সোশ্যাল অডিট করে এরা। ১০০ দিনের গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, আবাস যোজনা-সহ ১১টি কেন্দ্রীয় গ্রামীণ প্রকল্পের কাজ পর্যালোচনা করতে পাঠানো হয় ওই দল।

## রাহুল এমন কিছু বলেননি যার জন্য ক্ষমা চাইতে হবে, সওয়াল শশী থারুরের

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): কেমব্রিজে রাহুল গান্ধীর বক্তব্য নিয়ে গোটা দেশ জুড়ে বিতর্ক শুরু হয়েছে। যা নিয়ে অধীর চৌধুরীর পর এবার মুখ খুললেন শশী থারুর। শশী বলেন, রাহুল গান্ধী এমন কিছু বলেননি, যার জন্য তাঁকে ক্ষমা চাইতে হবে। রাহুল কখনও বলেননি, বিদেশি শক্তি ভারতে হাজির হয়ে এ দেশের গণতন্ত্রকে রক্ষা করবে। রাহুল শুধু বলেছেন, আমাদের দেশের গণতন্ত্র বিপদে রয়েছে এবং দেশের মানুষ তা জানেন। এর মধ্যে ভুল কিছু নেই বলে তাঁর মনে হয়ে বলে মন্তব্য করেন থারুর। কংগ্রেস সাংসদ শশী থারুর আরও বলেছেন, এ জন্য ক্ষমা চাওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। সংসদ পরিচালনার দায়িত্ব সরকারের। বাজেট অধিবেশন চলছে, অর্থ বিল পাস করতে হবে। যখন এই ধরনের গুরুত্বপূর্ণ বিষয় থাকে, তখন আপনার সংসদকে একটি অ-ইস্যুতে কাজ করতে দিচ্ছেন না।

## নিয়োগ দুর্নীতি কাণ্ডে যে তদন্ত চলছে তার দায় নিতে নারাজ ইম্পা

কলকাতা, ১৭ মার্চ (হি স)। বনিকাণ্ডের জেরে সামনে এসেছে ইম্পার (ইস্ট ইন্ডিয়া মোশন পিকচার্স অ্যাসোশিয়েশন) নাম। শুক্রবার ওই সংগঠনের তরফে দাবি করা হয়েছে, তাঁদের বিরুদ্ধে যা অভিযোগ করা হয়েছে তা ভিত্তিহীন। নিয়োগ দুর্নীতি কাণ্ডে যে তদন্ত চলছে তার দায় তাদের উপর বর্তায় না
বিবৃতিতে লেখা হয়, "ইম্পার সদস্যদের তরফে পরিষ্কার ভাবে জানান হচ্ছে, কোনও ব্যক্তি বা দলকে ইম্পার সঙ্গে গুলিয়ে ফেলা উচিৎ নয়। সাম্প্রতিক তদন্ত নিয়ে ইম্পার কোনও মাথাব্যথা নেই। কারণ ইম্পা একটি অলাভজনক সংস্থা। ইম্পা একটি স্বতন্ত্র সংস্থা। ইম্পার বিরুদ্ধে যে কোনও ধরনের ভিত্তিহীন গুঞ্জন এই সংস্থার মানহানির সমান।" একই সঙ্গে ইম্পার তরফে এও দাবি করা হয়, বর্তমানে নিয়োগ দুর্নীতি কাণ্ডে যে তদন্ত চলছে সেই দায়ও তাদের উপর বর্তায় না।
নিয়োগ দুর্নীতিতে ইডি-র হাতে গ্রেফতার হয়েছেন যুব তৃণমূল নেতা কুন্তল ঘোষ। সূত্রের খবর, তাঁকে জেরা করে একের পর চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে কেন্দ্রীয় তদন্তকারী গোয়েন্দা সংস্থার হাতে। টলি পাড়ার সব থেকে বড় সংগঠন ইম্পা-র নির্বাচনে নাকি টাকা খরচ করেছেন কুন্তল। অভিনেতা বনি সেনগুপ্তের মা পিয়া সেনগুপ্ত আবার ওই সংস্থার সভাপতি। টলিপাড়ার বিভিন্ন সূত্র এর আগে দাবি করেছিল, পিয়া সেনগুপ্তকে নির্বাচিত করার জন্য কুন্তল নিজে উপস্থিত ছিলেন ওই সংগঠনে। এবার এই অভিযোগের পরিপ্রেক্ষিতে এক প্রেস বিবৃতি প্রকাশ করা হল ইম্পার তরফে।

# কাজের সন্ধান

## সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে নিয়োগ ত্রিপুরা থেকে অলনাইনে আবেদনের সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সিভিল সার্ভিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ১০০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিই/ বিটেক/ বিএসসি/ বিবিএ/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২১-৩৯ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ মার্চ, লিখিত পরীক্ষা কলকাতা সহ ৩৬টি কেন্দ্রে, তারিখ কল লেটারে জানানো হবে। এককথায়, পশ্চিমবঙ্গে এবারও সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে সহস্রাধিক নিয়োগ করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। প্রার্থিবাছাই সহ সামগ্রিক ব্যবস্থাপনাই করবেন পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার মাধ্যমে। ত্রিপুরার প্রার্থীদের অধিকাংশের মাতৃভাষা বাংলা বলে তাঁরা বাড়তি সুবিধা পাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া অন্য রাজ্যের তফশিলি প্রভৃতি, সংখ্যালঘু প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবে গণ্য হবেন অর্থাৎ ত্রিপুরার এসসি/ এসটি/ ওবিসি/ জেনারেল যে-কোনও প্রার্থীরাই আবেদন করতে পারবেন। বয়স হতে হবে ০১-০১-২০২৩ তারিখের হিসেবে ২১ থেকে ৩৯ বছরের মধ্যে। ত্রিপুরার এসসি/ এসটি/ ওবিসি প্রার্থীরা সাধারণতঃ যেমন বয়সের ছাড় পেয়ে থাকেন, এক্ষেত্রে তারা তা পাবেন না, আবেদন করতে হবে সাধারণ প্রার্থী হিসেবে।

মোট শূন্যপদের সংখ্যা সহস্রাধিক হলেও সার্ভিসভেদে তার নির্দিষ্ট বিভাজন রয়েছে। বিভিন্ন ক্যাটেগরির ভিত্তিতে শূন্যপদের বিবরণ ও বিন্যাস কমিশনের ওয়েবসাইটে যথাসময়ে জানানো হবে। মূল মাইনে দেওয়া হবে সরকারি স্থায়ী বেতনক্রম পে ব্যান্ড-৪এ হিসেবে ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা অনুসারে। এছাড়াও সঙ্গে রয়েছে অন্যান্য ভাতাসমূহ। সার্ভিসভেদে পে-ব্যান্ড, বেতনক্রম ও গ্রেড-পে'রও তারতম্য রয়েছে।

শিক্ষাগত যোগ্যতা - যে-কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও বিভাগে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। এ বিষয়ে আরও বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখে নেওয়া আবশ্যক। বাংলা ভাষায় পড়তে, লিখতে এবং কথা বলতে পাড়লে অগ্রাধিকার পাবেন, কেননা লিখিত পরীক্ষা যে হবে এতেও ইংরেজির পাশাপাশি প্রতিটি প্রশ্নের বাংলায় অনুবাদ করা থাকবে। সবক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতা ধরা হবে ০১-০১-২০২৩ তারিখের হিসেবে। প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা (প্রিলিমিনারি ও মেইন) এবং পার্সোনালিটি টেস্টের নিরিখে সম্পূর্ণ মেধার ভিত্তিতে। সবশেষে ডাকা হবে মৌখিক ইন্টারভিউর জন্য। লিখিত প্রাথমিক পরীক্ষা নেওয়া হবে জুনে। দিনক্ষণ এখনও স্থির হয়নি। মূল পরীক্ষার দিনক্ষণও স্থির হয়নি। পরীক্ষা কেন্দ্র স্থির করা হয়েছে কলকাতা, শিলিগুড়ি, দার্জিলিং সহ সারা রাজ্য জুড়ে ৩৬টি স্থানে। নির্ধারিত সময়ে কল লেটারে স্থান-কাল সমস্ত কিছু জানানো হবে। এসএমএস-এ কল লেটারের কথা জানানো হলে তা ডাউনলোড করে নিলেই সমস্ত তথ্য জেনে নেওয়া যাবে। তবে পশ্চিমবঙ্গের বাইরে কোনও পরীক্ষা কেন্দ্র থাকবে না। অর্থাৎ ত্রিপুরা সহ যে-কোনও রাজ্যের প্রার্থীদের পরীক্ষা দিতে হবে পশ্চিমবঙ্গেরই নির্দিষ্ট কোনও কেন্দ্রে গিয়ে।

দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি ইন্টারভিউর ধরণ, বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

দরখাস্ত করতে হবে কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ২১ মার্চের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ২১ মার্চ, বিকেল ৩টা পর্যন্ত। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের ওয়েবসাইটে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙ্গিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৭০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ২০-৩০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন।

প্রার্থীবাছাইয়ের ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ২০০টি এমসিকিউ প্যাটার্ণের প্রশ্ন। নম্বরও দুইশ'। সময় আড়াই ঘন্টা। আটটি বিষয়ের বিস্তারিত পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। মেধাভিত্তিক প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে ডাউনলোড করা কল লেটারে জানানো হবে। দরখাস্ত করা হয়ে গেলে রেজিস্ট্রেশন নম্বর যত্ন করে টুকে রাখবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। ব্যাঙ্ক থেকে টাকা জমা পড়েছে বলে সমর্থিত হবে তবেই দরখাস্ত পাকাপাকিভাবে গ্রাহ্য হবে। তখন রেজিস্টার্ড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে রাখবেন।

দরখাস্তের সঙ্গে কোনও প্রমাণপত্রাদি দাখিল করতে হবে না সাক্ষাৎকারের সময় ওসব লাগবে। এই পরীক্ষার সিলেবাস ও আরও বিস্তারিত বিবরণের জন্য ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের ওয়েবসাইটে দেখতে পারেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নং ০১/২০২৩। দরখাস্ত করতে কোনওরকম সমস্যা হলে কাজের দিনগুলিতে বেলা ১১টা থেকে বিকেল ৪টার মধ্যে ডব্লিওবিপিএসসির ফোন নম্বরে যোগাযোগ করতে পারেন।

## কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে এমটিএস অ্যাসিস্ট্যান্ট নিয়োগ, মাধ্যমিক থেকে শুরু

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** কেন্দ্রীয় সরকারের অধীনে চাকরির জন্য অবশ্যই অনলাইনে দরখাস্ত পাঠাতে হবে। এখন থেকে ডাকযোগে দরখাস্ত পাঠানোর কোনও পদ্ধতি নেই। অনলাইনে দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ২৭ মার্চ। কেন্দ্রীয় সরকারের অধীনে সারা দেশের বিভিন্ন দপ্তরে মাধ্যমিক পাশ থেকে শুরু করে পৃথক পৃথক যোগ্যতায় ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, এটেন্ড্যান্ট ইত্যাদি মোট ৫৩৬৯টি শূন্যপদে নিয়োগ করা হচ্ছে। বাছাই প্রক্রিয়ার ধাপ দু'টি। প্রথমে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, পরে পার্সোনাল ইন্টারভিউ। কিন্তু সবার আগে যা প্রয়োজন, সেটা হলো সঠিকভাবে দরখাস্ত করা। অনলাইনে দরখাস্ত করার কাজ যেমন সহজ, তেমনি নিশ্চিত। রেজিস্ট্রেশন নম্বর, পাসওয়ার্ড সমস্ত কিছুই দেয়া হচ্ছে। সমস্যা হচ্ছে বলেই, বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে অনলাইনে নিখুঁতভাবে ফিলাপের কথা বলা হচ্ছে। প্রয়োজনে এককপি ছবি নিয়ে আমাদের দপ্তরে যোগাযোগ করে, হাতে-কলমে দেখে নেওয়ারও সুযোগ রয়েছে। মোদ্দাকথা, ত্রিপুরা সহ সারা দেশ থেকে ৫৩৬৯ জন ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, এটেন্ড্যান্ট ইত্যাদি ৪৮টি গ্রুপে পুরুষ ও মহিলা নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের অধীনে। প্রার্থীবাছাইয়ের জন্য এবারও পরীক্ষা নেবেন এস এস সি বা স্টাফ সিলেকশন কমিশন। মূল মাইনে কেন্দ্রীয় পে কমিশন মোতাবেক ন্যূনতম ২১,৭০০ - ৬৯,১০০ টাকা বেতনক্রম অনুসারে। সঙ্গে অন্যান্য ভাতাসমূহও রয়েছে। পদ অনুযায়ী বেতনক্রমও ভিন্নতর রয়েছে। উত্তর-পূর্বাঞ্চল সহ সারা দেশে ছড়িয়ে থাকা কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন দপ্তরগুলোতে মোট ৫৩৬৯টি পদে নিয়োগের মধ্যে নিজ নিজ রাজ্য থেকেও বেশ কিছু শূন্যপদে নিয়োগ হবে। এর মধ্যে জেনারেল, এসসি, এসটি ও ওবিসি পর্যায়ের পদ পৃথক পৃথকভাবে রয়েছে। মেয়েদের জন্যও রয়েছে বেশ কিছু পদ। আবেদনের আগে জোন, দপ্তর, পদের নাম ও ক্যাটেগরি অনুযায়ী শূন্যপদের বিস্তারিত দেখে আপনার যোগ্যতার মাপকাঠি যাচাই করে তবেই ফর্ম ফিলাপ করবেন। সামগ্রিকভাবে সারা দেশের হিসেবে মোট ৫৩৬৯টি। এর মধ্যে এসসি'র জন্য ৬৮৭টি, এসটি'র জন্য ৩৪৩টি, ওবিসি'র জন্য ১৩৩২টি পদ সংরক্ষিত। এছাড়া, ২৫৪০টি পদ অসংরক্ষিত। এবং ১৫৪টি পদ এক্স-সার্ভিসম্যানের জন্য এবং ১৩২টি পদ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের জন্য ও ৪৬৭টি ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত। শূন্যপদের মধ্যে (১) ল্যাব অ্যাসিস্ট্যান্ট, জিওলজি, গ্রেড-থ্রি - ৬টি, যোগ্যতা উচ্চমাধ্যমিক পাশ, বয়স ১৮-২৫ বছর, (২) টেকনিক্যাল অপারেটর - ৮টি, যোগ্যতা মাধ্যমিক, বয়স ১৮-২৫ বছর, (৩) স্টোর কীপার - ১টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর, (৪) জুনিয়র ইঞ্জিনিয়ার - ১০৫টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর, (৫) সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট - ৬টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর, (৬) ফিল্ড অ্যাসিস্ট্যান্ট - ২টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-২৫ বছর, (৭) টেকনিক্যাল অফিসার - ২টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮ - ৩০ বছর, (৮) ডায়েটিশিয়ান গ্রুপ-থ্রি - ৫টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮ - ৩০ বছর, (৯) টেকনিক্যাল সুপারিন্টেনড্যান্ট - ১টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর, (১০) টেক্সটাইল ডিজাইনার - ১টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর, (১১) সিনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট - ১টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর, (১২) গার্লস ক্যাডেট ইন্সট্রাক্টর - ৯টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ২০ - ২৫ বছর, (১৩) ফিউমিগেশন অ্যাসিস্ট্যান্ট - ১টি, যোগ্যতা অন্তত পক্ষে উচ্চমাধ্যমিক পাশ, বয়স ১৮-২৫ বছর, (১৪) ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট - ১টি, যোগ্যতা অন্ততপক্ষে উচ্চমাধ্যমিক পাশ, বয়স ১৮-২৭ বছর, (১৫) লাইব্রেরি এন্ড ইনফরমেশন অ্যাসিস্ট্যান্ট - ২১টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-২৮ বছর, (১৬) লাইব্রেরি ক্লার্ক - ২৫টি, যোগ্যতা অন্ততপক্ষে মাধ্যমিক পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-২৫ বছর, (১৭) জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট - ১৮টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর, (১৮) সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট - ২টি, যোগ্যতা অন্ততপক্ষে ডিগ্রি পাশ অর্থাৎ গ্র্যাজুয়েট, বয়স ১৮-৩০ বছর। এধরনের পদের নাম, রাজ্য ভিত্তিক শূন্যপদের সংখ্যা, যোগ্যতা, বয়স সীমা ইত্যাদি আরও বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে দেখে নেবেন।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। অনলাইনে দরখাস্ত করতে হলে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্জাম-ফি লাগবে না। তবে ই-মেইল আইডি তৈরি করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, অনলাইনে দরখাস্ত ফিল-আপ, পরীক্ষার ফি জমা দেওয়া, ব্যাঙ্কের কমিশন, প্রিন্ট আউট বের করে রাখা, এডমিট কার্ড ডাউনলোড করা ইত্যাদির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ সাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ২১ মার্চের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ২১ মার্চ। এককথায়, অনলাইনে দরখাস্ত পাঠানোর জক্কিঝামেলা কম, খরচও কম হয়। দরখাস্তে ভুল হওয়ার সম্ভাবনা থাকে না। ডকুমেন্টস জেরক্স করে পাঠাতে হয় না, কল লেটার প্রাপ্তির ব্যাপারে পুরোপুরি নিশ্চিত হওয়া যায়। অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **জুনিয়র ইঞ্জিনিয়ার, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কর্পোরেট সেক্টর)**,
শূন্যপদ ঃ ৫১৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ মার্চ,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনেশিয়ান (এয়ারক্রাফ্ট)**,
শূন্যপদ ঃ ৩৭১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
ডাকযোগে দরখাস্ত পৌঁছুনোর শেষ তারিখ ২০ মার্চ,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ইএসআইসি)**,
শূন্যপদ ঃ ৭৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (বিশেষ ও সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ মার্চ,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিভিল সার্ভিস (পঃবঙ্গ),**
শূন্যপদ ঃ ১০০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিই/ বিটেক/ বিএসসি/ বিবিএ/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২১-৩৯ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ মার্চ,
লিখিত পরীক্ষা কলকাতা সহ ৩৬টি কেন্দ্রে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **কনস্টেবল, জিডি (আইটিবিপি),**
শূন্যপদ ঃ ৭১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিকপাশ, নির্দিষ্ট ক্রীড়া ইভেন্টে দক্ষ হওয়া আবশ্যক,
বয়স ঃ অনূর্ধ্ব ২৩ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ মার্চ,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এক্সিকিউটিভ (আইওসিএল),**
শূন্যপদ ঃ ১০৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২২ মার্চ,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ইনস্পেক্টর, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট, এমটিএস (কর মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৭১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ডিআরডিও),**
শূন্যপদ ঃ ১৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ পর্যন্ত বাড়ানো হয়েছে,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্টাফ নার্স, ল্যাব টেকনেশিয়ান, এম.ও (স্বাস্থ্য বিভাগ, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ৯৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, জিএনএম, বিএসসি নার্সিং, এমবিবিএস পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ,
ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্টাফ নার্স, ল্যাব টেকনেশিয়ান, এম.ও (স্বাস্থ্য বিভাগ, পঃবঙ্গ),**
শূন্যপদ ঃ ৮৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, জিএনএম, বিএসসি নার্সিং, এমবিবিএস পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ,
ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **নাসিং অ্যাসিস্ট্যান্ট, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল অফিসার, এম.ও (স্বাস্থ্য মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১৭৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি থেকে এমবিবিএস, এমএস পাশ,
বয়স ঃ ১৮-৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ মার্চ,
ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (শিল্প মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ মার্চ,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর (এয়ারপোর্ট),**
শূন্যপদ ঃ ৭৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ মার্চ,
বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এমটিএস, অ্যাসিস্ট্যান্ট, এটেন্ড্যান্ট, ক্লার্ক ইত্যাদি (কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে),**
শূন্যপদ ঃ ৫৩৬৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮ - ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
জুন/ জুলাইয়ে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৮০টি শহরে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ল অফিসার, স্টেনো (এইমস),**
শূন্যপদ ঃ ৩৪৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট বিষয়ে ডিপ্লোমা ও ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-৪৫ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

## ডিপ্লোমা ও ডিগ্রি পাশদের থেকে নীপকো-তে এপ্রেন্টিস নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** কেন্দ্রীয় শক্তি মন্ত্রকের অধীন, মিনি রত্ন, ক্যাটেগরি - ওয়ান সেন্ট্রাল পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ বিশেষ করে নীপকো অর্থাৎ নর্থ-ইস্ট ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেডে টেকনেশিয়ান, ট্রেড এপ্রেন্টিস ইত্যাদি বিভিন্ন পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৭৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিং, নন-ইঞ্জিনিয়ারিংপাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ। বাছাইকৃতদের লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কললেটারে জানানো হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা এজিবিপিপি বা আসাম গ্যাস বেইসড্ পাওয়ার প্ল্যান্ট, এজিটিসিসিপিপি বা আগরতলা গ্যাস টারবাইন কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, টিজিবিপিপি বা ত্রিপুরা গ্যাস বেইসড্ পাওয়ার প্ল্যান্ট এবং শিলংস্থিত সদর কার্যালয়ে যে-কোনও একটি ডিভিশনের উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

কেন্দ্রীয় শক্তি মন্ত্রকের অধীন, বিভিন্ন পাওয়ার প্ল্যান্টে চাকরির জন্য এধরনের টেকনেশিয়ান এপ্রেন্টিস ও ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। এধরনের মিনিরত্ন, মহারত্ন প্রতিষ্ঠানে গ্র্যাজুয়েট ও টেকনেশিয়ান এপ্রেন্টিস হিসেবে প্রায় দশ হাজার জনকে বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হলেও এযাত্রায় উত্তর-পূর্বাঞ্চলীয় বিভাগ নীপকো-তে এপ্রেন্টিস নিয়োগ হবে ৭৬ জন। নীপকো-তে গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ও টেকনেশিয়ান এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ০১-০১-২০২৩-এর হিসেবে ১৮ থেকে ২৮ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগ মূলতঃ এপ্রেন্টিস অ্যাক্ট ১৯৬১ অনুযায়ী হচ্ছে। প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে আবেদন করতে পারেন ২৭ মার্চের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৭ মার্চ। তবে বলা বাহুল্য, অনলাইনে ফর্ম ফিলাপের পর প্রিন্ট আউটের সঙ্গে প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসের জেরক্স কপি সেল্ফ এটেস্টেট করে দরখাস্তের সঙ্গে জুড়ে নির্দিষ্ট ঠিকানায় পাঠাতে হবে। তাও পৌঁছুতে হবে ২৭ মার্চের মধ্যে। নির্দিষ্ট ঠিকানাও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশাগত যোগ্যতা যথা এমই/ এমটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে ১৫-১৮ হাজার টাকা হিসেবে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। অনলাইনে আবেদন করার পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে (প্রয়োজনীয় ক্ষেত্রে) পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — **গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ঃ** এজিবিপিপি বা আসাম গ্যাস বেইসড্ পাওয়ার প্ল্যান্ট-এ ট্রেড এপ্রেন্টিস ২৪ জন, এর মধ্যে বয়লার এটেন্ড্যান্ট ২ জন, ইলেকট্রিশিয়ান ৪ জন, লাইনম্যান ৩ জন। এজিটিসিসিপিপি বা আগরতলা গ্যাস টারবাইন কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট-এ বয়লার এটেন্ড্যান্ট ৩ জন। শিলং-এর জন্য ১ জন ইলেকট্রিশিয়ান। শিক্ষাগত যোগ্যতা - স্বীকৃত পর্ষদ বা বিশ্ববিদ্যালয় থেকে ১ জুন, ২০২০-এর আগে ইঞ্জিনিয়ারিং অথবা টেকনোলজিতে ডিগ্রি পাশ হতে হবে। এপ্রেন্টিস ট্রেনিং করানো হবে ১ বছরের জন্য। প্রতি মাসে স্টাইপেন্ড দেওয়া হবে ১৮,০০০ টাকা করে।

**টেকনেশিয়ান এপ্রেন্টিস ঃ** এজিবিপিপি বা আসাম গ্যাস বেইসড্ পাওয়ার প্ল্যান্ট-এ টেকনেশিয়ান এপ্রেন্টিস (ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল স্ট্রিম) ২১ জন, এজিটিসিসিপিপি বা আগরতলা গ্যাস টারবাইন কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট-এ ৪ জন। ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল স্ট্রিমেই ৪ জন। টিজিবিপিপি বা ত্রিপুরা গ্যাস বেইসড্ পাওয়ার প্ল্যান্ট-এ টেকনেশিয়ান এপ্রেন্টিস (ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল স্ট্রিম) ৩ জন। শিক্ষাগত যোগ্যতা - স্বীকৃত পর্ষদ বা বিশ্ববিদ্যালয় থেকে ১ জুন, ২০২০-এর আগে ইঞ্জিনিয়ারিং অথবা টেকনোলজিতে ডিপ্লোমা পাশ হতে হবে। এপ্রেন্টিস ট্রেনিং করানো হবে ১ বছরের জন্য। প্রতি মাসে স্টাইপেন্ড দেওয়া হবে ১৫,০০০ টাকা করে।

**গ্র্যাজুয়েট এপ্রেন্টিস, জেনারেল স্ট্রিম ঃ** এজিবিপিপি বা আসাম গ্যাস বেইসড্ পাওয়ার প্ল্যান্ট-এ ট্রেড এপ্রেন্টিস ৩১ জন। এজিটিসিসিপিপি বা আগরতলা গ্যাস টারবাইন কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট-এ বিএ এবং বিকম ২ জন করে মোট ৪ জন। শিক্ষাগত যোগ্যতা - স্বীকৃত পর্ষদ বা বিশ্ববিদ্যালয় থেকে ১ জুন, ২০২০-এর আগে নির্দিষ্ট বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ হতে হবে। এপ্রেন্টিস ট্রেনিং করানো হবে ১ বছরের জন্য। প্রতি মাসে স্টাইপেন্ড দেওয়া হবে ১৫,০০০ টাকা করে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** * কর্পোরেট সেক্টরে **জুনিয়র ইঞ্জিনিয়ার, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫১৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ মার্চ, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* এয়ারক্রাফ্ট-এ **টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), ডাকযোগে দরখাস্ত পৌঁছুনোর শেষ তারিখ ২০ মার্চ, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ইএসআইসি-তে **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (বিশেষ ও সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ মার্চ, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * পশ্চিমবঙ্গে **সিভিল সার্ভিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিই/ বিটেক/ বিএসসি/ বিবিএ/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২১-৩৯ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ মার্চ, লিখিত পরীক্ষা কলকাতা সহ ৩৬টি কেন্দ্রে, তারিখ কল লেটারে জানানো হবে।

* আইটিবিপি-তে **কনস্টেবল, জিডি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিকপাশ, নির্দিষ্ট ক্রীড়া ইভেন্টে দক্ষ হওয়া আবশ্যক, বয়স ঃ অনূর্ধ্ব ২৩ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ মার্চ, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনে **এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২২ মার্চ, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * কেন্দ্রীয় কর মন্ত্রকে **ইনস্পেক্টর, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট, এমটিএস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ডিআরডিও অর্থাৎ প্রতিরক্ষা মন্ত্রকে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ পর্যন্ত বাড়ানো হয়েছে, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * বহিঃরাজ্যের স্বাস্থ্যবিভাগে **স্টাফ নার্স, ল্যাব টেকনেশিয়ান, এম.ও** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, জিএনএম, বিএসসি নার্সিং, এমবিবিএস পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ, ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * পশ্চিমবঙ্গে স্বাস্থ্য বিভাগে **স্টাফ নার্স, ল্যাব টেকনেশিয়ান, এম.ও** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, জিএনএম, বিএসসি নার্সিং, এমবিবিএস পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ, ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * স্বাস্থ্য মন্ত্রকে **নার্সিং অ্যাসিস্ট্যান্ট, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল অফিসার, এম.ও** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৭৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি থেকে এমবিবিএস, এমএস পাশ, বয়স ঃ ১৮-৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ মার্চ, ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * শিল্প মন্ত্রকে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ মার্চ, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * এয়ারপোর্টে **অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে **এমটিএস, অ্যাসিস্ট্যান্ট, এটেন্ড্যান্ট, ক্লার্ক ইত্যাদি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৩৬৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮ - ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, জুন/ জুলাইয়ে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৮০টি শহরে। * এইমস-এ **ল অফিসার, স্টেনো** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৪৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট বিষয়ে ডিপ্লোমা ও ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৪৫ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।



শুক্রবার কৃষি বিভাগের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানের উদ্বোধন করেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ।

# এসএসসি চেয়ারম্যানকে আদালতে তলব বিচারপতি মান্থার

কলকাতা, ১৭ মার্চ (হি স)। আদালতের নির্দেশের পরেও নম্বর না দেওয়ায় স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)-এর ভূমিকায় রুষ্ট কলকাতা হাই কোর্ট। এসএসসির চেয়ারম্যানকে তলব করলেন বিচারপতি রাজাশেখর মান্থা। আগামী শুক্রবার তিনি এসএসসির চেয়ারম্যানকে আদালতে সশরীরে হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

স্কুল সার্ভিস কমিশন একটা প্রজন্মের ভবিষ্যত নিয়ে খেলছে বলে মন্তব্য করলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি মান্থা। একটি পুরনো মামলার সূত্রে শুক্রবার তিনি কমিশনকে কটাক্ষ করে বলেন, আপনারা আদালতের সঙ্গেও খেলছেন। আপনাদের প্রতিটি পদক্ষেপই সন্দেহজনক। ভেবেছেন কী? জনমানসে কমিশনের ভাবমূর্তি নষ্ট হচ্ছে আপনাদেরই আচরণে। প্রয়োজনে সব নিয়োগ খারিজ করে দেব।

বিচারপতি মান্থা বলেন, আরও কড়া পদক্ষেপ করতে আমাকে বাধ্য করবেন না। আদালতের নির্দেশের উপরও আপনারা খবরদারি করছেন। আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও ভুল এবং পাঠ্যক্রমের বাইরের প্রশ্নের জন্য নম্বর না দেওয়ায় কমিশনকে এই ভাষাতেই বিঁধলেন বিচারপতি মান্থা। এই মামলায় নতুন রিপোর্ট নিয়ে কমিশনের চেয়ারম্যানকে আগামী শুক্রবার আদালতে হাজির হওয়ার নির্দেশ দেন বিচারপতি।

এদিন বিচারপতি মান্থা বলেন, আমি আগেও বলেছিলাম, নিয়োগে দুর্নীতি হয়েছে। কিন্তু আজ দেখছি, কমিশন সেই একই পথে হাঁটছে। গত ২৯ জুন আদালত নির্দেশ দিয়েছিল, ভুলের জন্য কমিশনকে অতিরিক্ত নম্বর দিতে হবে। আদালতের অভিযোগ, কমিশন ইচ্ছে করে সেই নির্দেশ অগ্রাহ্য করেছে।

বিচারপতি বলেন, কমিশনের চেয়ারম্যান যে হলফনামা দিয়েছেন, তা গ্রহণযোগ্য নয়। সিলেবাসের বাইরের প্রশ্নের জন্য অতিরিক্ত নম্বর দেওয়া হবে না বলে কমিশন সিদ্ধান্ত নিয়েছে। তাতে নাকি সবাইকে নম্বর দিতে হবে। বিচারপতি মনে করিয়ে দেন, আদালত শুধু মামলাকারী ৮৩ জনকে অতিরিক্ত নম্বর দেওয়ার নির্দেশ দিয়েছিল।

এদিন বিচারপতি বলেন, কমিশন নিয়োগ করছে। আবার কমিশনই ভুল প্রশ্ন করছে। সবটাই পরিকল্পিত। আমার বলতে কোনও দ্বিধা নেই, কমিশন একটা প্রজন্মের ভবিষ্যৎ নিয়ে খেলছে। প্রয়োজনে আমি সব নিয়োগ খারিজ করে দেব। আমি সব নিয়োগ নিয়েই সন্দেহ করছি।

এদিকে এদিনই কমিশনের নিজস্ব আইনের ১৭ নম্বর ধারাকে চ্যালেঞ্জ করে মামলা হল হাইকোর্টে। এই ধারার বলেই নবম-দশমের ৬১৮ জন কর্মরত শিক্ষকের সুপারিশপত্র প্রত্যাহার করে কমিশন। এই ধারায় কোনও চাকরিপ্রার্থীর সুপারিশপত্র বাতিলের ক্ষমতা রয়েছে কমিশনের।

প্রসঙ্গত, ২০১১ সালে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষায় পাঠ্যসূচির (সিলেবাস) বাইরে থেকে প্রশ্ন এসেছে অভিযোগ তুলে ৮৩ জন মামলা করেন। মামলাকারীদের হয়ে আদালতে সওয়াল করেন আইনজীবী শামিম আহমেদ। গত বছর জুন মাসে মামলাকারীদের নম্বর দিতে নির্দেশ দেয় হাই কোর্ট। কিন্তু সেই নির্দেশ এখনও মানা হয়নি বলে অভিযোগ।

শুক্রবার এই মামলার শুনানিতে বিচারপতি মান্থার মন্তব্য, "আদালতের নির্দেশের উপর এ ভাবে চালাকি করলে কড়া পদক্ষেপ করতে বাধ্য হব।"

## কুন্তলের থেকে নেওয়া প্রায় এক কোটি টাকা ফেরালেন বনি ও সোমা

কলকাতা, ১৭ মার্চ (হি স)। নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত কুন্তল ঘোষের থেকে নেওয়া টাকা ফেরালেন অভিনেতা বনি সেনগুপ্ত ও পার্লার মালকিন সোমা চক্রবর্তী। বৃহস্পতিবার সন্ধ্যার পর কুন্তলের অ্যাকাউন্টে টাকা স্থানান্তর করা হয়েছে বলে ইডি সূত্রে খবর। দু'জনের ফেরানো অর্থের পরিমাণ ১ কোটি টাকার কাছাকাছি।

এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) সূত্রে জানা গিয়েছে, ৫৫ লক্ষ ৬৩ হাজার টাকা ফিরিয়েছেন সোমা। ওই টাকা কুন্তলের থেকে ঋণ হিসাবে নিয়েছিলেন সোমা। জল্পনা, বনি, সোমার পর এই তালিকায় আর কার নাম থাকতে পারে?

ইডি সূত্রে জানা গিয়েছে, তৃণমূলের প্রাক্তন যুবনেতা কুন্তলের অ্যাকাউন্ট থেকে যে টাকা লেনদেন হয়েছিল, তার মধ্যে এক দিনে এক কোটি টাকা উদ্ধার করা হয়। বনি সেনগুপ্তও ৪৪ লক্ষ টাকা ফেরত দিয়েছেন। অ্যাকাউন্ট দু'টি ইতিমধ্যে বাজেয়াপ্ত করেছে ইডি। সূত্রের খবর, কুন্তলের মোট ১০টি অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করা হয়েছে।

নিয়োগ দুর্নীতি মামলায় কুন্তল ঘোষকে গ্রেফতারের পরই প্রকাশ্যে আসে তাঁর বিপুল সম্পত্তি। জানা যায়, অভিনেতা বনি সেনগুপ্ত, বান্ধবী সোমা চক্রবর্তীর সঙ্গে আর্থিক লেনদেনের বিষয়। এরপরই তাঁদের তলব করে ইডি। দফায় দফায় জিজ্ঞাসাবাদ করা হয়। বনি জানিয়েছিলেন, কাজের বিনিময়ে কুন্তলের থেকে ৪০ লক্ষ টাকা নিয়েছিলেন তিনি। এদিকে সোমা জানান, ব্যবসার প্রয়োজনে ৫৫ লক্ষ ৬৩ হাজার টাকা ধার নিয়েছিলেন তিনি। ইডি জেরার মুখে টাকা ফেরত দেবেন বলেও জানিয়েছিলেন ২ জনই।

ইডি সূত্রে খবর, বৃহস্পতিবার সন্ধেয় সোমা ও বনি দু'জনই কুন্তলের অ্যাকাউন্টে তাঁর থেকে নেওয়া পুরো টাকা ফেরত দেন। তবে বর্তমানে যে পরিস্থিতি তৈরি হয়েছে তাতে টাকা ফেরত দেওয়ার জন্য বেশ কিছু নিয়ম রয়েছে। বনি ও সোমাদেবী টাকা ফেরত পাঠালেও সেই আইনি প্রক্রিয়া এখনও সম্পূর্ণ হয়নি।

## অমিত শাহের সঙ্গে আজ দিল্লিতে সাক্ষাৎ করতে পারেন রাজ্যপাল সিভি আনন্দ বোস

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.) : আজ শুক্রবার দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাৎ করতে পারেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। সূত্রের খবর, শুক্রবার সকালে সংসদ ভবনে পৌঁছেছেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল। শাহরে সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে তিনি সংসদ ভবনে গিয়েছেন বলে খবর সূত্রের।

সূত্রের খবর, পশ্চিমবঙ্গে ডিএ-র দাবিতে আন্দোলন চলছে। চাকরিতে নিয়োগের দাবিতেও আন্দোলন করছেন চাকরিপ্রার্থীরা। সেই আবহে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে রাজ্যপাল সিভি আনন্দ বোসের এই সাক্ষাৎ যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে রাজনৈতিক পর্যবেক্ষকরা। উল্লেখ্য এর আগে গত মাসে রাজধানী দিল্লি সফরে গিয়ে বাংলার রাজ্যপাল বৈঠক করেছিলেন বাংলার পূর্ববর্তী রাজ্যপাল তথা বর্তমানে দেশের উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের সঙ্গে। সেই বৈঠকে প্রাক্তন রাজ্যপালের কাছ থেকে সিভি আনন্দ বোস বাংলার বিভিন্ন বিষয়ে ধারণা নিয়েছিলেন বলে সূত্রের খবর।

## রাহুল গান্ধীকে ভয় পাচ্ছে বিজেপি, প্রধানমন্ত্রীর ৫৬ ইঞ্চির ছাতি সঙ্কুচিত হচ্ছে : অধীর চৌধুরী

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.): কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীর কেমব্রিজের মন্তব্য নিয়ে জোর বিতর্ক শুরু হয়েছে। কেমব্রিজে রাহুল গান্ধী যা বলেছেন, তার জেরে কংগ্রেস সাংসদকে """"দেশ বিরোধী ষড়যন্ত্রের অংশ"""" বলে কটাক্ষ করা হয়েছে বিজেপির তরফে। রাহুল গান্ধী সম্পর্কে জেপি নাড্ডার ওই মন্তব্যের পর এবার পালটা আক্রমণ করলেন কংগ্রেস সাংসদ অধীর চৌধুরী। শুক্রবার অধীর বলেন, বিজেপি নেতারা কেন এখানে সেখানে মন্তব্য করে বেড়াচ্ছেন? সংসদে আলোচনায় বসছেন না কেন বলেও প্রশ্ন করেন অধীর।

পাশাপাশি প্রধনমন্ত্রী মোদীর ৫৬ ইঞ্চির বুকের ছাতি ক্রমশ সঙ্কুচিত হয়ে যাচ্ছে বলে মন্তব্য করেন অধীর। বিজেপি রাহুল গান্ধীকে ভয় পাচ্ছে বলেও মন্তব্য করেন বহরমপুরের কংগ্রেস সাংসদ।

## জেল হেফাজতের মেয়াদ শেষ, ব্যাঙ্কশাল আদালতে কুন্তল ঘোষ

কলকাতা, ১৭ মার্চ (হি স)। ব্যাঙ্কশাল আদালতে নিয়ে আসা হল নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত কুন্তল ঘোষকে। শুক্রবার তাঁর ১৪ দিনের জেল হেফাজতের মেয়াদ শেষ হচ্ছে।

সূত্রের খবর, এই কয়েকদিনে তদন্তের অগ্রগতির কথা আদালতে জানাবে ইডি। কুন্তলের তরফে জামিনের আবেদন হলে তার বিরোধিতা করবে কেন্দ্রীয় এজেন্সি। ইডি সূত্রে খবর, কুন্তলের সঙ্গে ধৃত শান্তনুর সঙ্গে যোগসাজশ সম্পর্কে আদালতে জানানো হবে।

প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতিতে জেলবন্দি তৃণমূল যুবনেতা কুন্তল ঘোষ এবং শান্তনু বন্দ্যোপাধ্যায়কে বহিষ্কার করেছে তৃণমূল। কুন্তল দলের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেন, তাঁকে বহিষ্কার করে দল ঠিক কাজই করেছে। সব কিছুর নিষ্পত্তি ঘটলে দল নিশ্চয়ই কোনও সিদ্ধান্ত নেবে। সেই সিদ্ধান্তের অপেক্ষায় থাকবেন তিনি।

## শিয়ালদহ মেন শাখায় চূড়ান্ত ভোগান্তি রেলযাত্রীদের

কলকাতা, ১৭ মার্চ (হি স)। শুক্রবার শিয়ালদহ মেন শাখায় ভোগান্তি বাড়ার আশঙ্কা আগে থেকেই ছিল।

ইন্টারলকিংয়ের কাজ চলছিলই। সেই সঙ্গে দোসর হল কালবৈশাখী। শুক্রবার সকাল থেকে কার্যত বন্ধ ছিল শিয়ালদহ মেন শাখার ডাউন লাইনে ট্রেন চলাচল। সকাল ৮টা নাগাদ ধীরে ধীরে ট্রেন চলাচল শুরু হয়।

শুক্রবার উচ্চমাধ্যমিকের হেলথ কেয়ার, অটোমোবাইল, সিকিউরিটি, তথ্য প্রযুক্তি প্রভৃতি বৃত্তিমূলক বিষয়ের পরীক্ষা। ফলে ট্রেন চলাচল স্বাভাবিক থাকা ভীষণ জরুরি। রেল সূত্রের খবর, যত দ্রুত সম্ভব ট্রেনের সংখ্যা বাড়ানোর চেষ্টা করা হয়। কল্যাণী চত্বরে নন ইন্টারলকিং-এর জায়গা-সহ একাধিক স্থানে রেল কর্মীরা নজরদারি চালান। রেল সূত্রে খবর, পরীক্ষার্থীদের যাতায়াতের সময় যাতে ট্রেন কোনওরকম বিলম্ব না করে সেদিকে লক্ষ রাখতে বলা হয় কর্মীদের।

নৈহাটি, হালিশহর, কাঁচরাপাড়ার নন-ইন্টারলকিংয়ের কাজ শেষে বৃহস্পতিবার কল্যাণীর ইন্টারলক খোলা শুরু হয়। নৈহাটিতেই এই কাজের সময় বেশি লেগেছিল, কারণ সেখানে ১৬৬টি মোটর পয়েন্ট রয়েছে। এই পয়েন্ট হালিশহরে ২৮টি, কাঁচরাপাড়ায় ৬টি থাকায় কম সময়ে কাজ সারা হয়েছে। তবে কল্যাণীতে পয়েন্টের সংখ্যা ৫৮।

## রাহুল গান্ধীকে সংসদে ক্ষমা চাইতে হবে: অনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.) : রাহুল গান্ধীকে সংসদে ক্ষমা চাইতে হবে। শুক্রবার স্পষ্ট জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। প্রসঙ্গত রাহুল গান্ধী গতকাল একটি সাংবাদিক সম্মেলনে বলেছিলেন যে তিনি লন্ডনে দেওয়া তাঁর বিবৃতি নিয়ে হাউসে তাঁর মতামত তুলে ধরতে চান। আজ শুক্রবার কংগ্রেস নেতারা লোকসভায় স্পিকারের কাছে রাহুল গান্ধীকে কথা বলার অনুমতি দেওয়ার আহ্বান জানিয়েছেন। তবে হাউস সুশৃঙ্খল না থাকায় কার্যবিবরণী স্থগিত করা হয়। অনুরাগ ঠাকুর রাহুল গান্ধীর নাম রাহুলকে ইংরেজির রিগ্রেটফুল, অফফুল, হেটফুল, আনগ্রেটফুল লায়ার হিসেবে ব্যাখ্যা করেছেন। সংসদের বাইরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, আজ দেশ প্রশ্ন করছে একটি পরিবার কি দেশের চেয়ে বড়? বিদেশের মাটিতে সংসদ ও দেশকে অপমান করা রাহুল গান্ধীর সংসদে এসে দেশের কাছে ক্ষমা চাইতে লজ্জা পাওয়া উচিত নয়।

## দিল্লিতে ইডি দফতরে হাজিরা দিলেন অনুব্রত মণ্ডল ঘনিষ্ঠ রাঁধুনি বিজয় রজক

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.) : অনুব্রত মণ্ডলকে দিল্লি নিয়ে যাওয়ার পরই তাঁর ঘনিষ্ঠ ১২ জনকে ডেকেছে তদন্তকারীরা। সেই ডাকে সাড়া দিয়ে শুক্রবার দিল্লিতে ইডির সদর দফতরে হাজিরা দিলেন কেষ্টর রাঁধুনী বিজয় রজক। আদালতে বোলপুরের বাহিড়ি গ্রামের বাসিন্দা বিজয় রজক। বয়স ৩২ বছর। পরবর্তীকালে গ্রাম থেকে এসে কালিকাপুরে থাকতে শুরু করেন বিজয়। দীর্ঘদিন ধরেই অনুব্রত মণ্ডলের ছায়া সঙ্গী হিসেবেই পরিচিত ছিলেন তিনি। কালিকাপুরে একটি বাড়ি বানিয়েছিলেন বিজয়। অনুব্রত মণ্ডলের সূত্র ধরে লাভপুর শম্ভুনাথ কলেজে অশিক্ষক কর্মী পদে চাকরি পেয়েছিলেন। এর পাশাপাশি তিনি অনুব্রতর সোশ্যাল মিডিয়া হ্যান্ডেল করতেন। সমস্ত জনসভায় অনুব্রতর ভিডিও রেকর্ডিংয়ের দায়িত্বও ছিল বিজয়ের কাঁধে। এছাড়া অনুব্রতর রাঁধুনী হিসেবেও পরিচিত ছিলেন তিনি। ফলত অনুব্রতর ঘনিষ্ঠদের তালিকায় নাম রয়েছে বিজয় রজকের। গত সপ্তাহেই তাঁকে নোটিস পাঠায় ইডি। তার ভিত্তিতেই এদিন দিল্লিতে ইডি দফতরে হাজিরা দিলেন বিজয়। শোনা যাচ্ছে, মূলত তাঁর সম্পত্তির উৎস জানতেই এই তলব। তবে এই প্রথম নয়, অনুব্রতকে গ্রেফতারের পর থেকেই বিজয় রজকের উপর নজর ছিল তদন্তকারীদের। একাধিকবার তাঁকে জেরার সম্মুখীনও হতে হয়েছে। আগেই তাঁর একটি অ্যাকাউন্টের অর্থ ফ্রিজ করেছে তদন্তকারীরা।

## কর্মীদের স্বেচ্ছা অবসরের প্রস্তাব জানাল বিমান পরিবহন সংস্থা এয়ার ইন্ডিয়া

নয়াদিল্লি, ১৭ মার্চ (হি.স.) : বেসরকারি খাতের বিমান পরিবহন সংস্থা এয়ার ইন্ডিয়া নন-ফ্লাইং অপারেশন কর্মীদের জন্য স্বেচ্ছাসেবী অবসর স্কিম (ভিআরএস)প্রস্তাব এনেছে। গত বছরের জানুয়ারিতে এয়ার ইন্ডিয়া অধিগ্রহণের পর টাটা গ্রুপের এই ধরনের দ্বিতীয় অফার। এজন্য এয়ারলাইন্সের কর্মীরা ৩০ এপ্রিল পর্যন্ত আবেদন করতে পারবেন। শুক্রবার অফিসিয়াল সূত্র জানিয়েছে, এয়ার ইন্ডিয়া তার নন-ফ্লাইং অপারেশন কর্মীদের ভিআরএস অফার করেছে। এজন্য ১৭ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত আবেদন করা যাবে। এই অফারটি স্থায়ী সাধারণ ক্যাডার অফিসারদের জন্য যাদের বয়স ৪০ বছর বা তার বেশি এবং তারা এয়ারলাইনে ন্যূনতম পাঁচ বছরের একটানা পরিষেবার মেয়াদ শেষ করেছেন।

## নেপালে উপ-রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ শুরু

কাঠমাণ্ডু, ১৭ মার্চ (হি.স.) : নেপালে উপ-রাষ্ট্রপতি নির্বাচনের জন্য শুক্রবার স্থানীয় সময় সকাল ১০টায় সংসদ ভবনে ভোটগ্রহণ শুরু হয়েছে। এই প্রক্রিয়া শেষ হবে বিকেল ৩টায়। নির্বাচন কমিশন এ তথ্য জানিয়েছে। এই নির্বাচনে রামশায় প্রসাদ যাদব, প্রমীলা কুমারী, ক্ষমতাসীন জোটের মমতা ঝা এবং বিরোধী সিপিএন (ইউএমএল)-এর অষ্টলক্ষ্মী শাক্য ময়দানে রয়েছেন। প্রমীলা রামশেকে সমর্থন করেছেন। এ কারণে রাম সহায় যাদব ও অষ্টলক্ষ্মী শাক্যের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হওয়ার সম্ভাবনা রয়েছে। জোটের প্রধান দলগুলো হল নেপালি কংগ্রেস, সিপিএন (এমসি) এবং সিপিএন (ইউএস) রামশেয়ের পক্ষে। মহন্ত ঠাকুরের নেতৃত্বাধীন লোকতান্ত্রিক সমাজবাদী পার্টি এবং রেশম চৌধুরির নাগরিক উনমুক্তি পার্টি জনমত পার্টির মমতা ঝাকে সমর্থন করেছে। শুধু সিপিএন (ইউএমএল) অষ্টলক্ষ্মীর পক্ষে।

## ৩ দিনের সফরে কলকাতায় এলেন অখিলেশ, তোপ বিজেপির বিরুদ্ধে

কলকাতা, ১৭ মার্চ (হি.স.): একগুচ্ছ কর্মসূচি নিয়ে কলকাতায় এলেন সমাজবাদী পার্টির প্রধান ও উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদব। শুক্রবার সকালে কলকাতায় এসে পৌঁছন সমাজবাদী পার্টির সভাপতি অখিলেশ যাদব। কলকাতায় এসেই বিজেপির বিরুদ্ধে তোপ দাগেন তিনি। কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অখিলেশ যাদব বলেন, বিজেপি লাগাতার সংবিধান ও গণতন্ত্রের উপর আঘাত আনছে ও বিরোধী দলের কণ্ঠরোধের চেষ্টা করছে। কলকাতায় পা রেখেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সুর চড়িয়েছেন সপা প্রধান। বিভিন্ন বিরোধী দলের নেতাকে ইডি এবং সিবিআই তলব নিয়ে বিজেপির নিন্দা করেছেন তিনি। তিনি দাবি করেছেন, বিজেপি এমন নেতাদের বাড়িতে ইডি এবং সিবিআইকে পাঠায়, যাঁদের তারা ভয় পায়। অখিলেশ বলেন, """"যে দলকে বিজেপি ভয় পায়, সেই দলের নেতাদের বাড়িতে ইডি এবং সিবিআইকে পাঠায়। ইডি ও সিবিআইকে রাজনৈতিক উদ্দেশে ব্যবহার করা হচ্ছে বলে অভিযোগ অখিলেশের।

## করোনা ভাইরাসের দুটি নতুন রূপ ধরা পড়েছে ইসরায়েলে

জেরুজালেম, ১৭ মার্চ (হি.স.) : করোনা সংক্রমণ কোনও না কোনওভাবে সারা বিশ্বকে সতর্ক করে চলেছে। এখন ইসরায়েলে করোনা ভাইরাসের দুটি নতুন রূপ হাজির হয়েছে। ইসরায়েলের বেন গুরিয়ন বিমানবন্দরে অবতরণকারী দুই যাত্রীর আরটি-পিসিআর রিপোর্টে নতুন ভেরিয়েন্টের কথা নিশ্চিত করা হয়েছে।

ইসরায়েলের স্বাস্থ্য মন্ত্রকের মতে, করোনা সংক্রমণের সম্ভাবনার জন্য বেন গুরিওন বিমানবন্দরে অবতরণকারী যাত্রীদের উপর আরটি-পিসিআর পরীক্ষা করা হয়েছিল। এই দুই যাত্রীর মধ্যে করোনার নতুন রূপের সংক্রমণ নিশ্চিত হয়েছে। এই নতুন ভেরিয়েন্টটি ওমিক্রন ভেরিয়েন্টের দুটি সাব-ভেরিয়েন্ট,বিএ-১ এবং বিএ-২ এর সংমিশ্রণ। ইসরায়েলে করোনায় এ পর্যন্ত ১২,৩৪১ জনের মৃত্যু হয়েছে। মোট ৪৮ লাখ ৬ হাজার ৭৫১ জন করোনায় আক্রান্ত হয়েছেন, যার মধ্যে ৪৭ লাখ ৮১ হাজার ২৫২ জন সুস্থ হয়েছেন এবং ১৩ হাজার ১২২ জন এখনও করোনা সংক্রমণে ভুগছেন।

# শনিবার আনুষ্ঠানিকভাবে আলমবাজার মঠের দায়িত্ব রামকৃষ্ণ মঠ ও মিশনের হাতে

কলকাতা, ১৭ মার্চ (হি স)। আলমবাজার মঠ ঐতিহ্যগতভাবেই রামকৃষ্ণ মঠ ও মিশনের। স্বামী বিবেকানন্দের স্মৃতিধন্য সেই আলমবাজার মঠের দায়িত্ব নিতে চলেছে রামকৃষ্ণ মঠ ও মিশন কর্তৃপক্ষ। শনিবার আনুষ্ঠানিকভাবে তার প্রক্রিয়া সম্পন্ন হবে।শুক্রবার চলছে তার প্রস্তুতি।

আলমবাজার মঠ হস্তান্তর হয়েছে ইতিমধ্যেই। দায়িত্ব নিয়েছেন রামকৃষ্ণ মঠ ও মিশন কর্তৃপক্ষ। তবে শনিবার বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে সেই দায়িত্ব অর্পণ করা হবে। তার আগে স্বামী বিবেকানন্দের স্মৃতি বিজড়িত এই মঠের আনাচ-কানাচে দেখা যাচ্ছে ভবনটির বহু অংশের জরাজীর্ণ দশা। কোথাও ফাটল ধরেছে। পলেস্তারা খসে পড়েছে।

সূত্রের খবর, রামকৃষ্ণ মিশন নেওয়ার পর সংস্কার করবে। নতুন করে খুলবে। স্বামী প্রভানন্দের লেখা রামকৃষ্ণ মঠের আদিকথা বইটি থেকে জানা যায়, কাশীপুরের পরে বরানগর, সেখান থেকে তৃতীয় পর্যায়ে মঠের বিকাশ ঘটে আলমবাজারকে কেন্দ্র করে। চতুর্থ পর্যায়ে আসে বেলুড়। বেলুড়ের আগে রামকৃষ্ণ মিশনের অন্যতম কার্যালয় ছিল আলমবাজার মঠ। রামকৃষ্ণ মিশনের কাজ কীভাবে, কোন দিশায় চলবে, এখানে বসেই নির্ণয় করেন স্বামী বিবেকানন্দ। আরও জানা যায়, শিকাগো থেকে ফেরার পরে স্বামীজি এখানে এসে ছিলেন। সন্ন্যাসীদের দীক্ষা দিয়েছিলেন। এখানে স্বামীজির ঘরও ছিল। বস্তুত গোটা মঠ জুড়ে তাঁর স্মৃতি ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। স্বামী প্রভানন্দের লেখায় আরও উল্লেখ রয়েছে, মঠবাসীদের সংখ্যা বৃদ্ধি, বরানগরে আগের বাড়ির জীর্ণ দশা-সহ নানা সমস্যা দেখা দেয়। শুরু হয় নতুন ঠিকানার খোঁজ। মূল উদ্যোগে ছিলেন স্বামী রামকৃষ্ণানন্দ। শেষপর্যন্ত দক্ষিণেশ্বর মন্দিরের কাছে, আলমবাজারে মেলে এই বাড়ির সন্ধান। ১৮৯২ সালের ফেব্রুয়ারিতে মঠ স্থানান্তরিত হয় আলমবাজারে।

স্বামী বিবেকানন্দের হাত ধরে এই আলমবাজার মঠ থেকেই বহুজন হিতায়, বহুজন সুখায় কর্মযজ্ঞের সূচনা হয়। ১৮৯৮ সাল পর্যন্ত এখানেই ছিলেন স্বামী বিবেকানন্দ। তিনি ছাড়াও, আলমবাজার মঠ সান্নিধ্য পেয়েছে স্বামী অভেদানন্দ, স্বামী যোগানন্দ, স্বামী প্রেমানন্দের মতো ব্যক্তিত্বদের। আসতেন নাট্যকার গিরীশ ঘোষও।

কত কাহিনির সাক্ষী এই মঠ। এখানেই এক মজার কাহিনি ঘটেছিল গিরীশ ঘোষের সঙ্গে। আলমবাজার মঠে এসে গিরীশ ঘোষ দেখেন, স্বামী অভেদানন্দ বারান্দায় ঘুমোচ্ছেন। তিনি তখন মজা করে একটু তুলো গুঁজে দেন অভেদানন্দর নাকে। কিন্তু নিঃশ্বাসের সঙ্গে তুলো আর নড়ছে না! গিরীশ ঘোষ ভাবলেন, তবে কি স্বামী অভেদানন্দ মারা গেছেন! তাই কি বাইরে বের করা রাখা! শুকনো মুখে নীচে নেমে শশী মহারাজকে গিরীশ ঘোষ প্রশ্ন করলেন, ওটা গেল কখন? উত্তর এল, আরে ও তো ওভাবেই ধ্যান করে! স্বামী অভেদানন্দ শবাসনে শব হয়ে গিয়েছেন।

আলমবাজার মঠের প্রবেশপথেই নজরে পড়বে এই ফলক। যেখানে লেখা ভুতূড়ে বাড়ির উপাখ্যান। তাতে উল্লেখ রয়েছে, ভাড়া নেওয়ার আগে এই বাড়িতে ২ জন আত্মঘাতী হন। আর সেই কারণে, মাত্র ১১টায় এই বাড়িটি ভাড়ায় পান মহারাজরা। মঠ উঠে আসার পরে মজার এক কাণ্ড ঘটেছিল সেখানে। তাঁরা খেয়াল করলেন, প্রতিদিন রাতে শুয়ে পড়ার পরে, ছাদে কেমন ঘড় ঘড় করে শব্দ হয়! ভূত নাকি? একদিন স্বামী রামকৃষ্ণানন্দকে, মহারাজরা বললেন, ও রামকৃষ্ণ দাদা, আমাদের কি ভূতের ভাটিখানায় নিয়ে এলে? স্বামী রামকৃষ্ণানন্দ রেগে গিয়ে বললেন, তোর ভূতের বাবার শ্রাদ্ধ করছি! এই বলেই তিনি লাঠি নিয়ে সটান উঠে পড়লেন ছাদে! কিন্তু গিয়ে কী দেখলেন তিনি? দেখেন, ছাদে দুটো ডাম্বেল ও আর লণ্ঠন পড়ে রয়েছে।

বহু স্মৃতি বিজড়িত এই মঠেরই আনুষ্ঠানিকভাবে দায়িত্ব তুলে নিতে চলেছে রামকৃষ্ণ মঠ ও মিশন কর্তৃপক্ষ।

# রমজানে একসঙ্গে পুরো মাসের বাজার না করতে ক্রেতাদের প্রতি অনুরোধ বাংলাদেশে

ঢাকা, ১৭ মার্চ (হি.স.): নিত্য প্রয়োজনীয় সামগ্রীর কৃত্রিম সংকট এড়াতে রমজান মাসে এক সঙ্গে পুরো মাসের বাজার না করাও আবেদন বাংলাদেশে। শুক্রবার দেশটির জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের পরিচালক মনজুর মোহাম্মদ শাহরিয়ার আসন্ন রমজানকে কেন্দ্র করে একবারে পুরো মাসের বাজার না করতে ক্রেতাদের প্রতি অনুরোধ জানিয়েছেন। তিনি বলেন, হঠাৎ বেশি পণ্য কিনলে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি হয়। তখন কতিপয় অসাধু ব্যবসায়ীরা ফায়দা লুটার চেষ্টা করে।

শুক্রবার বাংলাদেশের রাজধানীর কারওয়ান বাজারে বিশেষ তদারকিমূলক অভিযান পরিচালনা করেন দেশটির জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের পরিচালক মনজুর মোহাম্মদ শাহরিয়ার এ সময় ভোক্তাদের উদ্দেশে তিনি বলেন, সামনে রোজা। দয়া করে আপনারা এক মাসের বাজার একসঙ্গে কিনতে যাবেন না। আপনারা ১০ দিনের বা এক সপ্তাহের বাজার করেন। হঠাৎ বেশি পণ্য কিনলে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি হয়। তখন কতিপয় অসাধু ব্যবসায়ীরা ফায়দা লুটার চেষ্টা করে। এ কারণে অনুরোধ করবো, আপনারা একসঙ্গে পুরো মাসের বাজার করবেন না। উদাহরণ হিসেবে তিনি বলেন, রোজার আগের দিন আপনারা বেগুন কিনতে যাবেন না। আমরা যদি একসঙ্গে অনেক মানুষ বেগুন কিনতে চাই, তাহলে উৎপাদন-সরবরাহের থেকে চাহিদা বেড়ে যাবে। আর চাহিদা বেড়ে গেলে ব্যবসায়ীরা মুনাফা লাভের চেষ্টা করেন। তাই ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের পক্ষ থেকে অনুরোধ করছি, আপনারা দেখে, শুনে, বুঝে পণ্য কিনুন। পবিত্র মাহে রমজানের পবিত্রতা বজায় রাখুন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিচালক বলেন, পবিত্র মাহে রমজান উপলক্ষে সরকারের বিভিন্ন সংস্থা বাজার নিয়ন্ত্রণে মাঠে কাজ করছে। আমরা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পক্ষ থেকে নিত্যপণ্যের বাজার, বিশেষ করে রমজান কেন্দ্রিক পণ্যের মূল্য ও সরবরাহ ঠিক আছে কিনা তা দেশব্যাপী যাচাই করছি। আজকে কারওয়ান বাজারের মুদি ও মুরগির বাজার তদারকি করা হয়েছে। তদারকিতে দেখা গেছে, রমজান কেন্দ্রিক যেসব পণ্য রয়েছে, যেমন ছোলা, চালের দাম কমেছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। এছাড়া অন্যান্য পণ্যের দামও বাড়েনি বলে তারা জানিয়েছেন।

তিনি বলেন, চিনির বিষয়ে কয়েকজন দোকানদার অভিযোগ করেছেন। দুই একটি কোম্পানি চিনির সঙ্গে অন্য পণ্য ধরিয়ে দেওয়ার চেষ্টা করে। এটি ঠিক নয়। আমরা এ বিষয়ে সেসব কোম্পানির সঙ্গে আজকেই কথা বলবো।

ব্যবসায়ীদের অনুরোধ জানিয়ে ভোক্তা অধিদপ্তরের পরিচালক বলেন, এবার এফবিসিসিআই থেকে শুরু করে বাংলাদেশ দোকান মালিক সমিতি সবাই সমন্বিত হয়ে কাজ করছি। আমরা সবাইকে অনুরোধ করেছি, যার যার অবস্থান থেকে অর্পিত দায়িত্ব পালন করার। পাশাপাশি কোনো বাজারে বা কোনো মার্কেটে আমরা যদি কোনো রকম অনিয়ম পাই, তাহলে ওই মার্কেটের বা বাজারের ব্যবসায়ী সমিতিকে ধরা হবে। কারণ ব্যবসায়ী সমিতিগুলোর দায়বদ্ধতা রয়েছে। ইতোমধ্যে একটি বাজারে অনিয়ম পাওয়ার পর আমরা সেই বাজারের ব্যবসায়ী সমিতিকে শোকজ দিয়েছি। তারা আর অনিয়ম হবে না মর্মে মুচলেকা দিয়েছে।


আগরতলা পুর নিগমের বৈঠক অনুষ্ঠিত হয়েছে পুর নিগম এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম নিয়ে। ছবি- নিজস্ব।

# কল্যাণপুর প্রেস ক্লাবের উদ্যোগে নবনির্বাচিত তেলিয়ামুড়া মহকুমার তিন জনপ্রতিনিধিকে সংবর্ধনা

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১৭ মার্চ।। এক সারা জাগানো মনোরম অনুষ্ঠানের মধ্য দিয়ে তেলিয়ামুড়া মহকুমার নবনির্বাচিত ৩ জন প্রতিনিধিকে সংবর্ধনা জানায় কল্যাণপুর প্রেসক্লাব। শুক্রবার সন্ধ্যায় কল্যাণপুর প্রেস ক্লাব এবং খবর ২৪ সংবাদ চ্যানেল এর উদ্যোগে তেলিয়ামুড়া মহকুমার তিন বিধায়ক কে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে এর সূচনা হয়। এই তিন বিধায়ক হলেন তেলিয়ামুড়ার কল্যাণী সাহা রায়, কৃষ্ণপুরের বিধায়ক তথা রাজ্য সরকারের মন্ত্রী বিকাশ দেববর্মা এবং কল্যাণপুরের বিধায়ক পিনাকী দাস চৌধুরী। সন্ধ্যায় কল্যাণপুর লোটাস কমিউনিটি হলে এদের সংবর্ধনা জানানো হয়। প্রথমে পুস্প স্তবক দিয়ে সাংবাদিক গোপাল ভট্টাচার্য ও কৃপেশ শীল অতিথিদের অভ্যর্থনা জানান। অনুষ্ঠানে সভাপত্বিত করেন কল্যাণপুর প্রেস ক্লাবের সভাপতি সজল দেব। মঞ্চে অন্যন্য দের মধ্যে ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রূপক সরকার, কল্যাণপুর ব্লক চেয়ারম্যান সোমেন গোপ, বিশ্ব হিন্দু পরিষদের খোয়াই শাখার সভাপতি কানাই শীল, তেলিয়ামুড়া মহকুম প্রেস ক্লাবের সম্পাদক পার্থ সারথি রায়, খোয়াই জেলার বরিষ্ঠ সাংবাদিক অসিত বরণ ঘোষ, কল্যাণপুরের বি ডি ও তরুণ কান্তি সরকার প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সাংবাদিক রাজিব ঘোষ। হয় কচিকাচা দের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানও। বিধায়ক পিনাকী দাস চৌধুরী তার ভাষণে বলেন গণতন্ত্রে সংবাদ মাধ্যমের একটি বিশেষ ভূমিকা রয়েছে। বিগত বিজেপি জোট সরকার আসার দেড় বছরের মাথাতেই কল্যাণপুর প্রেস ক্লাব গঠিত হয়েছে। সকলেই চেষ্টা করেছেন উন্নয়নমুখী কাজ গুলো মানুষের কাছে পৌঁছে দেবার। এর ফলেই যাবতীয় চক্রান্তকে ব্যর্থ করে দিয়ে তেলিয়ামুড়া মহকুমাবাসী দুহাত ভরে তাদের আশীর্বাদ করেছেন। যার ফলশ্রুতিতে তেলিয়ামুড়া মহকুমার তিনটি আসনেই বিজেপি প্রার্থীরা বিপুল ভোটে জয়ী হয়েছেন। এই জয় তাদের দায়িত্ব আরও বাড়িয়ে দিয়েছে। আগামী দিনে উন্নয়নমুখী কাজে কোন বিরাম দেওয়া যাবে না। মানুষ কে তার সুবিধা টুকু পৌঁছে দিতে হবে। গণতন্ত্রতে সংবাদ মাধ্যমের গঠনমূলক এবং গঠনমূলক সমালোচনা উভয় সংবাদেরই গুরুত্ব আছে। বিধায়ক পিনাকী দাস চৌধুরী কল্যাণপুর প্রেস ক্লাব কে এমন একটি সুন্দর অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জানানোর পাশাপাশি এর উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করেন। পাশাপাশি সাংবাদিকরা যেভাবে পাশে থেকেছে সব সময় তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে মন্ত্রী বিকাশ দেববর্মা এবং বিধায়ক কল্যাণী সাহা রায় ছাড়াও বক্তব্য রাখেন প্রবীণ সাংবাদিক অসিত বরণ ঘোষ, বিশ্ব হিন্দু পরিষদের খোয়াই প্রমুখ কানাই শীল। বিধায়িকা কল্যাণী রায় বলেন প্রয়াত প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী বলেছিলেন ছোট মন নিয়ে বড় কোন কাজ হয় না।কল্যাণপুর প্রেস ক্লাব সেই রকম বড় মনের অধিকারী। তিনি বলেন শুক্রবারের অনুষ্ঠানে এসে গত একমাসের ধকল ও ক্লান্তি যেন ধুয়ে মুছে গেছে। তিনি বলেন ক্লান্তির এবং বিশ্রামের কোন জায়গা নেই। কোনদিন মানুষের জন্য কাজ করতে যেন ক্লান্তি না আসে। কারণ মানুষের স্বপ্নপূরণ করতে হবে। মানুষ দ্বিতীয়বারের মতো সুযোগ দিয়েছে। মানুষের কল্যানে কাজ করে যেতে হবে। রাজ্য সরকারের মন্ত্রী বিকাশ দেববর্মাও একই সুরে সুর মিলিয়ে বলেন মানুষের উন্নয়নে তিনি নিরন্তর কাজ করে যাবেন। একদম শেষে বক্তব্য রাখেন কল্যাণপুর প্রেস ক্লাবের সভাপতি সজল দেব। বিশ্ব হিন্দু পরিষদ খোয়াই জেলা কমিটির পক্ষেও সংবর্ধনা জানানো হয় মহকুমার তিন জনপ্রতিনিধিদের।

## কৃষিমন্ত্রী

● আটের পাতার পর

বর্গাদার ক'ষকদের বাৎসরিক ৩ হাজার টাকা আর্থিক সহায়তা দেওয়ার পরিকল্পনা নিচ্ছে বর্তমান সরকার। এরফলে রাজ্য সরকারের ব্যয় হবে ৩৩ কোটি ৭০ লক্ষ টাকা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ক'ষি ও ক'ষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায় বলেন, বর্তমানে রাজ্যে প্রায় ৪ হাজার ৭০০ হেক্টর জমিতে নারিকেল চাষ করা হচ্ছে। আগামী পাঁচ বছরে আরও ৫০০ হেক্টর জমি নারিকেল চাষের আওতায় আনার লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি বলেন, রাবারের তুলনায় নারিকেল চাষ করে তিনগুণ অধিক মুনাফা অর্জন করা সম্ভব। এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক মাইলেফ্রু মগ, নারিকেল উন্নয়ন পর্ষদের মুখ্য নারিকেল উন্নয়ন আধিকারিক ড. হনুমন্তে গোড়া। স্বাগত বক্তব্য রাখেন গুয়াহাটিস্থিত নারিকেল উন্নয়ন পর্ষদের আ'লিক কার্যালয়ের অধিকর্তা ড. রজত পাল। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন ক'ষি ও ক'ষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দ দাস, উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের অধিকর্তা ড. ফণীভূষণ জমাতিয়া, ক'ষি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. টি কে মাইতি, হর্টিকালচার কর্পোরেশনের উপদেষ্টা ড. এ কে নন্দী প্রমুখ।

## বৈঠক

● আটের পাতার পর

জন্য খোয়াই নদীতে অস্থায়ী বাঁধ নির্মাণের মধ্য দিয়ে ইনটেক ওয়েলে পর্যাপ্ত জল পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হবে, আর যাতে করে খোয়াই নদীতে থাকা ইনটেক ওয়েলে পর্যাপ্ত জল পৌঁছালে তেলিয়ামুড়া পৌর বাসীদেরও চাহিদামত পানীয় জলের যোগান দেওয়া সম্ভব হবে। অন্যদিকে, নদীতে এই অস্থায়ী বাঁধনির্মাণের ফলে যাতে খোয়াই নদী সংলগ্ন এলাকাগুলির মানুষজনদের জীবন সম্পত্তির কোন ক্ষতি সাধন না হয় এর জন্য ব্যাম্বু প্যারাসিটিং -এর মাধ্যমে মানুষের জীবন সম্পত্তি রক্ষা করে তেলিয়ামুড়া পৌর এলাকার ১৫টি ওয়ার্ডে পর্যাপ্ত পানীয় জল দেওয়ার ব্যবস্থা করা হবে। আর এই সম্পূর্ণ ব্যবস্থাপনাটি করার পূর্বে আগামীকাল অর্থাৎ শনিবার দিন একটি প্রতিনিধি দল সরে-জমিনে সম্পূর্ণ বিষয়টি খতিয়ে দেখার জন্য নদীতে অস্থায়ী বাঁধ নির্মাণের সংশ্লিষ্ট এলাকাটি পরিদর্শনে যাবে বলেও জানান বিধায়িকা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। অ্যাম্বুলেন্স : একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, শববাহী যান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

# খাদ্য মন্ত্রীকে সংবর্ধনা দিল রেশন ডিলার্স ওয়েলফেয়ার সোসাইটি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।।** শুক্রবার রেশন শপ ডিলার্স ওয়েলফেয়ার সোসাইটির পক্ষ থেকে খাদ্য দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরীকে সংবর্ধনা প্রদান করা হয়। সোসাইটির পক্ষ থেকে এক প্রতিনিধিদল খাদ্য দপ্তরের মন্ত্রীর সরকারী বাস ভবনে গিয়ে মন্ত্রী সুশান্ত চৌধুরীকে সংবর্ধনা প্রদান করে। মন্ত্রী সুশান্ত চৌধুরীকে সংবর্ধনা প্রদানের পর প্রতিনিধিদলের সদস্যদের সাথে আলোচনা করেন মন্ত্রী সুশান্ত চৌধুরী। বিভিন্ন বিষয় নিয়ে তাদের মধ্যে আলোচনা হয়। মন্ত্রী সুশান্ত চৌধুরী প্রতিনিধি দলের সদস্যদের উদ্দেশ্যে বলেন গন বণ্টন ব্যবস্থাকে শক্তিশালী করার ক্ষেত্রে রেশন শপ ডিলারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জনগণ যেন খুশি থাকে সেই দিকে নজর রাখতে হবে।

## পাচারকালে

● প্রথম পাতার পর

বিপুল পরিমান গাঁজা আগরতলা থেকে বহিঃরাজ্যে পাচার করা হবে। ওই খবরের ভিত্তিতে তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিকের নেতৃত্বে মুঙ্গিয়াকামি থানার পুলিশ শুক্রবার ভোরে মুঙ্গিয়াকামি থানাধীন মুঙ্গিয়াকামি বাজার সংলগ্ন এলাকায় অসম আগরতলা জাতীয় সড়কে গাড়িটি আসা মাত্র আটক করেছে। গাড়িতে তল্লাশি চালিয়ে ৩৫ প্যাকেটে ৩৫০ কেজি শুকনো গাঁজা উদ্ধার করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন তিনি।

সাথে তিনি আরও জানিয়েছেন, ভূষণ রায় নামে বিহারের বাসিন্দা গাড়ির চালককেও আটক করেছে মুঙ্গিয়াকামি থানায় পুলিশ। তাকে থানায় নিয়ে যাওয়া হয়েছে। উদ্ধারকৃত গাঁজার বাজার মূল্য আনুমানিক ৭ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন মহকুমা পুলিশ আধিকারিক।

## জন্মদিবস পালিত

● প্রথম পাতার পর

দপ্তরের মন্ত্রী টিংকু রায়।

এদিন আয়োজিত অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্ম দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধার্ঘ নিবেদন করা হয়।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী ও দেশ গঠনে তার ত্যাগের বিভিন্ন দিক তুলে ধরে বিস্তারিত আলোকপাত করেন আগরতলায় অবস্থিত বাংলাদেশ সহকারি হাই কমিশনার অফিসের দায়িত্বপ্রাপ্ত হাই কমিশনার আরিফ মোহাম্মদ সহ অন্যান্যরা।

## ক্ষোভ

● প্রথম পাতার পর

তরফে সংস্কারের কাজ পুনরায় শুরু হয়েছে। পাম্প মেশিন বিকল হয়ে পোড়ায় বিস্তীর্ণ এলাকার মানুষজন পাইপ লাইনে জল পাচ্ছেন না। তবে বিকল্প ব্যবস্থা হিসেবে ট্যাঙ্কারে করে এলাকায় জল সরবরাহ করা হচ্ছে বলে জানিয়েছেন অপারেটর। তিনি আরো জানান ট্যাঙ্কারে যখন জল নিয়ে আসা হয় তখন যারা বাড়ি করে থাকেন না তারা জল সংগ্রহ করতে পারেন না সে কারণেই তাদের সমস্যা বৃদ্ধি পেয়েছে।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। তিনি জানান, এবারও বইমেলায় বিভিন্ন বিষয়ে ১৭টি পুরস্কার দেওয়া হবে। প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। বইমেলায় আসা যাওয়া করার জন্য অন্যান্য বছরের মতো নির্দিষ্ট স্থান থেকে মেলা প্রাঙ্গণ পর্যন্ত গাড়ির ব্যবস্থা করা হবে। তিনি জানান, গত বছর বইমেলায় ১৬২টি স্টল ছিল। এবছর স্টলের সংখ্যা আরও বাড়বে।

## বিধায়ক পদে

● প্রথম পাতার পর বিধায়ক বিরোধী আসনে বসবেন। তারাই প্রধান বিরোধী দলের দায়িত্ব পালন করবেন। শপথ গ্রহণ অনুষ্ঠানে বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন সুপ্রিমোট প্রদ্যৎ কিশোর দেববর্মন সহ অন্যান্যরা। কংগ্রেস সিপিআইএম এবং তিপরা যথা সরকারের যেকোনো গঠনমূলক কাজকে সমর্থন করবে এবং জনস্বার্থ বিরোধী যে কোন কাজকর্মের তীব্র বিরোধিতা করবে বলে শপথ গ্রহণ শেষে নব নির্বাচিত বিধায়করা স্পষ্ট অভিমত ব্যক্ত করেছেন।

## অবরোধ

● প্রথম পাতার পর

প্রতিবাদ জানিয়ে পরীক্ষার্থীরা বিশালগড় থানার সামনে জাতীয় সড়ক অবরোধে সামিল হয় অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে। বিশালগড় থানায় মামলা দায়ের করা হয় অভিযুক্তদের বিরুদ্ধে। পরীক্ষার্থীরা জানায় পরীক্ষা কেন্দ্র থেকে বের হওয়ার পর তাদেরকে ডেকে নিয়ে গিয়ে মারধর করেছে। অভিযুক্তদের মধ্যে কয়েকজনকে তারা চিহ্নতে পেরেছে বলে জানায়।

## সমাপ্ত হচ্ছে

● প্রথম পাতার পর

দিয়েছেন এবং শীঘ্রই তা চালু হবে তিনি আশা প্রকাশ করেছেন। প্রতিমা ভৌমিকের বক্তব্য, কাজের সুবিধার জন্য ত্রিপুরার ট্রেনে হকাররা নির্দিষ্ট ভেন্ডার লাইসেন্স প্রদানের আবেদন করেছেন। রেলমন্ত্রীর কাছে এই বিষয়ে আবেদন জানানো হয়েছে। তিনি বিষয়টি বিবেচনা করে দেখবেন বলে আশ্বস্ত করেছেন।

## আহত

● প্রথম পাতার পর

অটোর নম্বর হল টিআর০২-সি-২১১৩। এই ঘটনাকে কেন্দ্র করে সংশ্লিষ্ট এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

## বিএমএসের উদ্যোগে জোলাইবাড়ীতে রক্তদান শিবির

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৭ মার্চ।। দীর্ঘ অনেকবছর পর জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্র বাম অপশাসন থেকে মুক্তি পেয়েছে। জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রে আই পি এফ টি মনোনিত প্রার্থী শুক্লাচরন নোয়াতিয়ার নাম প্রকাশের পর প্রার্থী শুক্লাচরন নোয়াতিয়া ও মন্ডল সভাপতি অজয় রিয়াং দিবারাত্র অক্লান্ত পরিশ্রম করে জোলাইবাড়ী বাসীকে বাম অপশাসন থেকে মুক্তি দিয়েছে। রাজ্য সরকার প্রার্থী শুক্লা চরন নোয়াতিয়াকে মন্ত্রীর দায়িত্ব দিয়ে জোলাইবাড়ীকে বাসিকে উপহার দিয়েছেন। বিগতদিনে জোলাইবাড়ীবাসী নিজ বিধানসভায় মন্ত্রী দেখেননি। তাই জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের মুক্তির কান্ডারী শুক্লাচরন নোয়াতিয়া ও মন্ডল সভাপতি অজয় রিয়াংকে ধন্যবাদ জানিয়ে জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্রে প্রতিনিয়ত চলছে সংবর্ধনা অনুষ্ঠান। মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ও মন্ডল সভাপতি অজয় রিয়াংকে সংবর্ধনা প্রদানকরার লক্ষ্যে ভারতীয় মজদুর সংঘের উদ্দ্যোগে শুক্রবার জোলাইবাড়ীতে এক রক্তদান শিবিরের আয়োজন করে। আজকের এই রক্তদান শিবির শুরুর পূর্বে মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ও মন্ডল সভাপতি অজয় রিয়াংকে সংবর্ধনা প্রদান করলো ভারতীয় মজদুর সংঘের নেতৃত্ববৃন্দরা। সংবর্ধান অনুষ্ঠান শেষে অনুষ্ঠীত হয় রক্তদান শিবির। আজকের এই রক্তদান শিবিরে ৪৩ জন পুরুষ ও ৫ জন মহিলা রক্তদানে এগিয়ে আসে। আজকের এই রক্তদান শিবিরে বক্তব্যরাখতেগিয়ে মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জানান রক্তদান মহৎদান। রক্তের চাহিদা মেটাতে সকলকে রক্তদানে এগিয়ে আসা প্রয়োজন। ভারতীয় মজদুর সংঘের এইধরনের উদ্দ্যোগকে সাধুবাদ জানিয়েছেন মন্ত্রী শুক্লা চরন নোয়াতিয়া। আজকের এই অনুষ্ঠানে মন্ত্রীর পাশাপাশি উপস্থিত ছিলেন জোলাইবাড়ী বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং, জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, ভাইস চেয়ারম্যান তাপস দত্ত সহ অন্যান্য অতিথিবৃন্দরা।

# মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়ার উপস্থিতিতে জোলাইবাড়ী ব্লকে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৭ মার্চ।। জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্রে জয়ী হয়ে রাজ্যের মন্ত্রীসভায় স্থান পেয়েছে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক শুক্লাচরন নোয়াতিয়া। বৃহস্পতিবার বিধায়ক পদে শপথগ্রহনকরে জোলাইবাড়ীর উন্নয়নে মাঠে নেমেছেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। শুক্রবার তিনি প্রথমবারের মতো জোলাইবাড়ী ব্লকে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে রিভিও মিটিং এ মিলিত হন। আজকের এই মিটিং এর মাধ্যমে জোলাইবাড়ী ব্লকে বিগতদিনে কিকি উন্নয়নমূলক কর্মসূচী করাহয়েছে এবং আগামী দিনে উন্নয়নমূলক কর্মসূচীর জন্য কি কি পরিকল্পনা হাতে নেওয়াহয়েছে তা নিয়ে আলোচনাকরাহয়। তারপাশাপাশি জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্রর লোকজনের কি কি সমস্যার সন্মুখিন হচ্ছে এই সমস্যাগুলি কিভাবে সমাধান করাযায় তানিয়ে আলোচনাকরাহয়। আজকের এই আলোচনাসভার উপস্থিত ছিলেন ত্রিপুরা সরকারের পি টি জি দপ্তরের মন্ত্রী শুক্লা চরন নোয়াতিয়া, শান্তির বাজার মহকুমাশাসক অভেদানন্দ বৈদ্য, জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, ভাইস চেয়ারম্যান তাপস দত্ত, ব্লকের বি এস সি চেয়ারম্যান অশোক মগ, জোলাইবাড়ী ব্লকের অতিরুক্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক সুজিত দাস, বিশিষ্ট সমাজসেবী অজয় রিয়াং, বিশিষ্ট সমাজসেবী চাথই মগ সহ অন্যান্য অতিথিবৃন্দরা। আজকের এই রিভিও মিটিং শুরুর পূর্বে মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ও শান্তির বাজার মহকুমা শাসককে ব্লকের পক্ষথেকে সংবর্ধনা প্রদানকরাহয়। আলোচনাশেষে মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজকের এই আলোচ্যবিষয় সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে কিছু তথ্য তুলেধরেন। তারপাশাপাশি তিনি সকল সরকারি কর্মচারিদের প্রতিবার্তাদেন সকলে যেন রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের পরিকল্পনাগুলি সকলের কাছে পৌঁছেদেন। সরকারি কর্মচারী জনগনের সেবক। তাই সকল সরকারি কর্মচারীদের সঠিকভাবে জনগনের পরিষেবা প্রদানের জন্য বললেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। তিনি জানান যদি সম্ভব হয় প্রতিমাসে এইধরনের রিভিও মিটিং করাহবে আর নাহলে প্রত্যেক দুই মাস অন্তর এইধরনের রিভিও মিটিং করাহবে।

# ২০ থেকে ২৮ শে মার্চ মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কিশোর অভিযান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।।** আগামী ২০ মার্চ থেকে ২৮ শে মার্চ পর্যন্ত রাজ্য জুড়ে পালিত হবে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কিশোর অভিযান ৪.০। ১৮ মার্চ দক্ষিণ ত্রিপুরা জেলার দক্ষিণী টাউন হলে এর শুভ সূচনা করবেন মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা।আগামী ২০ মার্চ থেকে ২৮ শে মার্চ পর্যন্ত রাজ্য জুড়ে পালিত হবে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কিশোর অভিযান ৪.০। ১৮ মার্চ দক্ষিণ ত্রিপুরা জেলার দক্ষিণী টাউন হলে এর শুভ সূচনা করবেন মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা। শুক্রবার এন এইচ এম -এর কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ কথা জানান জাতীয় স্বাস্থ্য মিশনের রাজ্য অধিকর্তা ডা. শুভাশিস দাস। তিনি জানান শিশু ও কিশোর কিশোরীদের জনস্বাস্থ্য কর্মসূচির সঠিক বাস্তবায়ন করার লক্ষ্যে ত্রিপুরা সরকার ২০২১ সালের সেপ্টেম্বর মাসে এই অভিযানের বিশেষ সূচনা করেছে। অন্তে কৃমি সংক্রমণ, ভিটামিন -এ -র অভাবে, শৈশবে ডায়রিয়া এবং আয়রন ও ফলিক এসিডের অভাব মানুষ স্বাস্থ্যের জন্য একটি উদ্বেগ জনক বিষয়। এসব ঘাটতি শিশুর পুষ্টি গ্রহণের বাধা সৃষ্টি করে এবং শিশু বা কিশোর কিশোরীরা অপুষ্টি ও রক্ত স্বল্পতায় ভুগে।

এর পাশাপাশি তাদের শারীরিক ও মানসিক বিকাশ ব্যাহত হয়। শিশু ও কিশোর কিশোরীদের সুস্থ রাখতে, তাদের পুষ্টির বিকাশ, শারীরিক ও জ্ঞানগত ক্ষমতার বিকাশের জন্য মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কিশোর অভিযান ৪.০। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, বিদ্যালয় শিক্ষা দপ্তর, উচ্চশিক্ষা দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে যৌথ উদ্যোগে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থকৈশোর অভিযান ৪.০ বাস্তবায়ন করা হবে বলে জানান অধিকার।

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান-৪' এর বিষয় নিয়ে খোয়াই সি এম ও অফিসের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলন আয়োজিত হয়। এদিন সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচির মাধ্যমে শিশু ও কিশোর বয়সের ছেলে-মেয়েদের বিভিন্ন রোগের প্রতিষেধক ওষুধ দেওয়া হবে।

শিশু ও কিশোর বয়সের ছেলে-মেয়েদের শারীরিক ও মানসিক বিকাশে বিশেষ গুরুত্ব দিতে হবে এবং যত্নবান হতে হবে। স্বাস্থ্য ঠিক থাকলে ছেলে-মেয়েদের ভবিষ্যৎ উজ্জ্বল হবে।অভিযানের মাধ্যমে আগামী ২০ থেকে ২৮ মার্চ পর্যন্ত সরকারি, বেসরকারি, আধা সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যকর্মীরা শিক্ষার্থীদের বিভিন্ন ওষুধ খাওয়াবেন।

# এনএসডির উদ্যোগে নাট্য উৎসব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।।** জশনে বাচপান নাট্য উৎসবের পরিধিকে আরো বিস্তৃত করার জন্য এবছর এই উৎসব ত্রিপুরায় পালন করার সিদ্ধান্ত নিয়েছে এনএসডি। আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে এই কথা জানান এন এস ডি-র কর্মকর্তারা। এবছরের উৎসবের জন্য ৫০ টি দল তাদের নাটক নিয়ে উৎসবে যোগ দেওয়ার আহবানে সাড়া দিয়েছে। যাদের মধ্যে থেকে চূড়ান্ত পর্যায়ে অভিনয়ের জন্য বিচারকরা নির্বাচিত করেছেন পাঁচটি সেরা নাটককে। এই নাটক গুলি বাংলা , হিন্দি, অসমীয়া এবং মনিপুরী। এই চারটি বিভিন্ন ভারতীয় ভাষায় প্রদর্শিত হবে। আগামী ১৯ মার্চ থেকে ২১ মার্চ নজরুল কলাক্ষেত্রে শুরু হবে ১৪ তম জসনে বাচপান ২০২৩। মোট তিনটি নাটক মঞ্চয়ন হবে। রাজ্যে দুটি স্থানে অনুষ্ঠিত হবে এই অনুষ্ঠান। অপর স্থানটি হল রানিরবাজার স্থিত গীতাঞ্জলি প্রেক্ষাগৃহ। সেখানে কুড়ি থেকে একুশে মার্চ দুটি নাটক মঞ্চস্থ হবে। আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে এই কথা জানান এন এস ডি-র কর্মকর্তারা।

# নেপালের উপ-রাষ্ট্রপতি নির্বাচিত রাম সহায় প্রসাদ যাদব, পেয়েছেন ৩০,৩২৮টি ভোট

কাঠমান্ডু, ১৭ মার্চ (হি.স.): নেপালের উপ-রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন জনতা সমাজবাদী পার্টির রাম সহায় প্রসাদ যাদব। শুক্রবার নেপালের নির্বাচন কমিশন এই ঘোষণা করেছে। রাম সহায় প্রসাদ যাদব নেপালের তৃতীয় উপ-রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন। রাম সহায় ৩০, ৩২৮টি ভোট পেয়েছেন, যখন সিপিএন-ইউএমএল-এর অষ্ট লক্ষ্মী শাক্য ১৬,৩৩২৮টি ভোট পেয়েছেন এবং জনমত পার্টির মমতা ঝা শুক্রবার অনুষ্ঠিত নির্বাচনে ২,৫৩৭টি ভোট পান।

একইভাবে, জনতা সমাজবাদী পার্টির প্রমিলা যাদব, যিনি প্রার্থিতা প্রত্যাহারের ঘোষণা করেছিলেন, তিনি পেয়েছেন ৪৮ ভোট। রাম সহায় ৫৮.০২ শতাংশ ভোট পেয়েছেন, যেখানে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শাক্য ৩১.২৩ শতাংশ ভোট পেয়েছেন।

# ইউরোপা লিগ : টাইব্রেকারে হেরে বিদায় আর্সেনালের, শেষ আটে ইউনাইটেড

মাদ্রিদ, ১৭ মার্চ (হি.স.): পেদ্রো কন্সালভেসের দুরন্ত গোল সত্ত্বেও টাইব্রেকারে স্পোর্টিং লিসবনের হেরে ইউরোপা লিগ থেকে ছিটকে গেল আর্সেনাল। এই মরসুমে দুরন্ত ছন্দে রয়েছে আর্সেনাল। প্রিমিয়ার লিগে পয়েন্ট টেবলে শীর্ষে রয়েছে তারা। এমিরেটস স্টেডিয়ামে গ্র্যানিট জাকার ১৬ মিনিটে গোলে এগিয়েও গিয়েছিল আর্সেনাল। তাতেও শেষ রক্ষা হল না। শেষ ষোলো রাউন্ড থেকেই ছিটকে পড়তে হলো তাদের। স্পোর্টিং সিপির কাছে টাইব্রেকারে ৫-৩ ব্যবধানে হেরে আসর থেকে বিদায় নেয় মিকেল আর্তেতার দল। তবে কোয়ার্টার ফাইনালে ঠিকই উঠেছে আরেক ইংলিশ ক্লাব ম্যানচেস্টার ইউনাইটেড। রিয়াল বেতিসকে ১-০ গোলে হারিয়ে অগ্রগামিতায় ৫-১ গোলে এগিয়ে থাকা শেষ আট নিশ্চিত করে তারা।

এমিরেটস স্টেডিয়ামে আর্সেনালের-স্পোর্টিং সিপির ম্যাচ ছিল বারুদে ঠাঁসা। প্রথম লেগে ২-২ গোলে ড্র করে দুই দল। এখানেও কেউ কাউকে ছেড়ে কথা বলেনি। ম্যাচের ১৯ মিনিটে গ্রানিত শাকার গোলে এগিয়ে যায় আর্সেনাল। গ্যাব্রিয়েল মার্তিনেল্লির জোরালো শট স্পোর্টিং সিপি গোলকিপার আন্তোনি আদান ঠেকিয়ে দিলেও ফিরতি শটে জালের ঠিকানা খুঁজে নেন শাকা।

পিছিয়ে থাকলেও স্বাগতিকদের ওপর চাপ বজায় রেখেছিল স্পোর্টিং সিপি। তাই দ্বিতীয়ার্ধে ৬২ তম মিনিটে সমতায় ফেরে পর্তুগিজ ক্লাবটি। সেটাও অবিশ্বাস্য এক গোলে। প্রায় ৫০ গজ দূর থেকে নেওয়া শটে আর্সেনাল গোলরক্ষককে পরাস্ত করেন পেদ্রো গনকালভেস। পর্তুগিজ এই উইঙ্গার মাঝমাঠেই বল পেয়ে যান। আর্সেনাল গোলরক্ষক অ্যারন রামসডালে পোস্ট ছেড়ে কিছুটা এগিয়ে আসায় দূরপাল্লার শট নিতে কোনো দেরি করেননি গনকালভেস। লাফিয়ে উঠেও সেই বলের নাগাল পাননি রামসডালে।

অবিশ্বাস্য এই গোলের পর ম্যাচে ফিরে স্পোর্টিং সিপি। নির্ধারিত ৯০ মিনিটের পর অতিরিক্ত ৩০ মিনিটেও দুই দলকে আলাদা করা যায়নি। ফলে খেলা গড়ায় টাইব্রেকারে। যেখানে পাঁচ শটের প্রতিটিতেই গোলের দেখা পায় স্পোর্টিং সিপি। কিন্তু আর্সেনালের হয়ে চতুর্থ শট নিতে আসা মার্তিনেল্লিকে গোলবঞ্চিত করেন আদান। তাতে কোয়ার্টার ফাইনালে উঠার স্বাদ পেয়ে উল্লাসে মাতে স্পোর্টিং সিপি।

এদিকে বেতিসের স্টেডিয়ামে ইউনাইটেডের হয়ে একমাত্র গোলটি করেন মার্কাস রাশফোর্ড। আগের লেগে ৪-১ গোলে জিতেছিল রেড ডেভিলরা। ইউনাইটেড ও স্পোর্টিং সিপি ছাড়াও ইউরোপা লিগে কোয়ার্টার ফাইনাল জায়গা করে নিয়েছে ইউনিয়ন সেইন্ত গিলিওস, রোমা, ফেয়েনুর্দ, বায়ার লেভারকুসেন, জুভেন্তাস ও সেভিয়া।

# তপন স্মৃতি নকআউট ক্রিকেটে শুরু বিএসটিকে হারিয়ে পোলস্টার কো:ফাইনালে

## পোলস্টার:- ১৫১/১০(৩২.৪) ইউবিএসটি:- ১১৬/১০(৩৫.১)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। পোলস্টার ক্লাব কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে। নক আউট হতে হয়েছে ইউনাইটেড বি এস টি-কে। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন মেমোরিয়াল নকআউট টুর্নামেন্ট শুক্রবার থেকে শুরু হয়েছে। প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচে ৩৫ রানের ব্যবধান ইউনাইটেড বি এস টি-কে হারিয়ে পোলস্টার কোয়ার্টার ফাইনালে উন্নীত হয়েছে। খেলা ছিল মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানে। সকালে ম্যাচ শুরুতে টস জিতে ইউনাইটেড বিএসটি প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নেয়। ব্যাটিং এর আমন্ত্রণ পেয়ে পোলস্টার সীমিত ৫০ ওভারের ম্যাচে ৩২.৪ ওভার খেলে সব কটি উইকেট হারিয়ে ১৫১ রান সংগ্রহ করতে সক্ষম হয়। দলের পক্ষে ভারত রাওয়াতের ৪৪ রান এবং কাজল সূত্রধরের অপরাজিত ২৬ রান উল্লেখযোগ্য। ইউনাইটেড বিএসটির সাগর সরকার ও অধিনায়ক সুজিত দেবনাথ তিনটি করে এবং রূপায়ণ ঘোষ দুটি উইকেট পেয়েছে। এছাড়া, কৃষ্ণ কমলা আচার্য ও মনোজিৎ দাস একটি করে উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে ইউনাইটেড বিএসটি ৩৫.১ ওভার খেলে ১১৬ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে অরুপ সিংহ রায় ও অধিনায়ক সুজিত দেবনাথ ২০ করে রান পেয়েছে। পোলস্টারের দ্বৈপায়ন ভট্টাচার্য ও অমরেশ দাস তিনটি করে এবং ভারত রাওয়াত, কাজল সূত্রধর ও কিষান মুরা সিং প্রত্যেক একটি করে উইকেট পেয়েছে। বিজয়ী দলের দ্বৈপায়ন ভট্টাচার্য প্লেয়ার অফ দ্য ম্যাচের খেতাব পেয়েছে।

No.619/TSR-7/QM/23/2064 Dated, the 15th March' 2023.

**NOTICE INVITING TENDER**

behalf of the Governor of Tripura sealed quotations are invited by the undersigned from the bonafied / registered suppliers / authorized dealer for supplying the under mentioned items to 7 Battalion TSR (IR-VI) during the financial year 2023-2024.

01. QM Store items & Job work.
02. MT Motor spare parts, Store & Job works etc.
03. Stationery items.

2. Details of tender, terms & condition along with list of items may be collected from the Office of the Commandant, 7 Bn TSR (IR-VI) Sangkumabari, Jampuijala, Sepahijala Dist., Tripura on payment of Rs. 100/- for QM store items,Rs.50/- for QM job works, Rs. 100/- for M.T. Spare parts, Rs. 50/- for MT Store items, Rs. 50/- for MT job works and Rs. 100/- for Stationery store items on or before 29.03.2023 on any working day. The closing time / date for dropping of tender is 1700 hrs by 18.04.2023 and will be opened on the same day, if possible.

3. Details of tender may also be seen in the Police website (www.tripura.police.nic.in/ www.tripura.nic.in)

Commandant
7th Bn TSR (IR-VI)

ICA/C-4461/23

PRESS NOTICE INVITING e-TENDER NO: PNIe-T No. 43/EE/DWS/DMN/2022-23

The Executive Engineer, DWS Division Dharmanagar, North Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage / item rate e-tender for the following work:

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETI ON | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1 | DNIe-T No: 44/SE/DWS/C/KGT/2022-23. | Rs. 1,10,90,418.00 | Rs. 2,21,808.00 | 120 days | Appropriate Class |
| 2 | DNIe-T No: 45/SE/DWS/C/KGT/2022-23. | Rs. 1,11,23,430.00 | Rs. 2,22,469.00 | 120 days | Appropriate Class |
| 3 | DNIe-T No: 46/SE/DWS/C/KGT/2022-23. | Rs. 1,20,25,316.00 | Rs. 2,40,506.00 | 120 days | Appropriate Class |
| 4 | DNIe-T No: 47/SE/DWS/C/KGT/2022-23. | Rs. 1,19,73,069.00 | Rs. 2,39,461.00 | 120 days | Appropriate Class |
| 5 | DNIe-T No: 48/SE/DWS/C/KGT/2022-23. | Rs. 1,19,63,093.00 | Rs. 2,39,262.00 | 120 days | Appropriate Class |
| 6 | DNIe-T No: 49/SE/DWS/C/KGT/2022-23. | Rs. 1,19,20,067.00 | Rs. 2,38,401.00 | 120 days | Appropriate Class |

= Last Date and Time for Document Downloading and Bidding : 27-03-2023 up to 15.00 Hrs
= Date and Time for Opening of BID: 27-03-2023 at 16.00 Hrs
= Document Downloading and Bidding at Application : Attps://tripuratenders.gov.in
= Bid Fee: 4,000.00 (non refundable).
All details are available in the At https://tripuratenders.gov.in and http://eprocure.gov.in/epublish.app

Executive Engineer
DWS Division Dharmanagar,
North Tripura.

ICA/C-4469/23

**SHORT QUOTATION NOTICE- (34 Call)**

Sealed quotations are invited by the undersigned from experienced and resourceful binders/firms/agencies for binding work of old news paper of Birchandra State Central Library, Agartala for archival purpose. Specifications of the works are also provided in the format below.

| S1.No. | Description of work | Rate per volume (in Rs.) |
|---|---|---|
| 1 | Hard board binding of old newspaper with strong cover durable binding with outside and inside cover with 40 ounce hard cover board including tagging of Sticker mentioning the newspaper with covering months should be pasted in the overlap of the bounded register and also on spine of the said register.<br>Total number of year: 2 year (i.e. 24 months) (January 2020 to December 2020 and January 2021 to December 2021)<br>Number of title of old newspaper : 4(four) title<br>iii) Dainik sambad, ii) Pratibadi Kalam,<br>iii) Syandan & iv) Tripura Times.<br>Avolume should be covered with single months only. | |

The last date of submission of quotations in the drop box of Birchandra State Central Library is 21 March 2023 by 2.00 p.m. The quotation will be opened in the same day at 3.00 p.m.(if possible) in presence of intending bidders. Terms & conditions are available in the office.

(Dilip Rr. Das)
Head Librarian & H.O
Biirchandra State Central Library
Agartala,Tripura West.

ICA/C-4457/23

# মৌচাককে নকআউট করে ইউ: ফ্রেন্ডসও কো:ফাইনালে

## মৌচাক-৮৫/১০(২৬.১) ইউ: ফ্রেন্ডস-৮৭/২(১৪)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। সহজ জয় পেলো শক্তিশালী ইউনাটেড ফ্রেন্ডস। সহজেই পরাজিত করলো মৌচাক ক্লাবকে। ৮ উইকেটে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেলো সদ্য সুপার ডিভিশন লিগ ক্রিকেটে রানার্স খেতাব অর্জন করা ইউনাটেড ফ্রেন্ডস। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে নবীন কুমারের বিধ্বংসী স্পিনের ভেলকিতে কুপোকাৎ হলো মৌচাক। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত তপন স্মৃতি নকআউট ক্রিকেট প্রতিযোগিতায়। সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে শুরু থেকেই চাপে পড়ে যায় মৌচাক। ইউনাটেড ফ্রেন্ডসের পেস স্পিন আক্রমণে দিশেহারা হয়ে পড়ে মৌচাক। এবং গুটিয়ে যায় মাত্র ৮৫ রানে ২৬.১ ওভার ব্যাট করে। দলের পক্ষে শ্রাবণ গোস্বামী ৪২ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৮,রাহুল সূত্রধর ১৭ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৪ এবং শশীকান্ত বীন ৩৯ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৬ রান। ইউনাটেড ফ্রেন্ডসের পক্ষে নবীন কুমার (৫/১৮) এবং অর্জুন দেবনাথ (৩/২৩) সফল বোলার। জবাবে খেলতে নেমে ইউনাটেড ফ্রেন্ডস ১৪ ওভারে ২ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলীয় ১৪ রানে সেন্টু সরকার (৬) এবং সাহেল দেববর্মাকে (২) হারানোর পর ইউনাটেড ফ্রেন্ডসের হয়ে রুখে দাঁড়ান নবীন কুমার এবং দলনায়ক রজত দে। ওই জুটি কড়া প্রতিরোধ গড়ে তুলেন।

এবং দলকে সহজ জয় এনে দেন। রজত ৩১ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৭ রানে এবং নবীন ৩৩ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩১ রানে অপরাজিত থেকে যান। দল অতিরিক্ত খাতে পায় ১১ রান। ম্যাচের সেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন বিজয়ী দলের নবীন কুমার। কোয়ার্টার ফাইনালে ইউনাটেড ফ্রেন্ডস খেলবে পোলস্টারের বিরুদ্ধে। ২১ মার্চ হবে ম্যাচটি।

# নকআউট ক্রিকেটে বিসিসিকে হারিয়ে জেসিসিও শেষআটে

## বিসিসি:- ১২৬/১০(২৬) জেসিসি:- ১২৮/১(২৩.২)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। বিসিসিকে হেলায় হারিয়ে জয়নগর ক্রিকেট ক্লাবও কোয়ার্টার ফাইনালে উঠেছে। ৯ উইকেটে দুর্দান্ত জয় পেলো শক্তিশালী জয়নগর ক্রিকেট ক্লাব। সহজেই পরাজিত করলো বিসিসিকে। ৯ উইকেটে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেলো সদ্য সুপার ডিভিশন লিগ ক্রিকেটে তৃতীয় স্থানের খেতাব অর্জন করা জয়নগর ক্রিকেট ক্লাব। নরসিংগড়ে পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে অনুষ্ঠিত ম্যাচে প্রিন্স মৌর্য ও রোহিত ঘোষের দুর্দান্ত বোলিংয়ে কুপোকাৎ হলো বিসিসি। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত তপন স্মৃতি নকআউট ক্রিকেট প্রতিযোগিতায়। সকালে টসে জয়লাভ করে জেসিসি প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। ব্যাটিংয়ের আমন্ত্রণ পেয়ে শুরু থেকেই চাপে পড়ে যায় বিসিসি। জেসিসি-র পেস স্পিন আক্রমণে দিশেহারা হয়ে পড়ে বিসিসি। এবং গুটিয়ে যায় মাত্র ১২৬ রানে ২৬ ওভার ব্যাট করে। দলের পক্ষে বাবুল দে ৪৭ বল খেলে ৫ টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৮, রিয়াজুদ্দিনের ২৯ রান উল্লেখযোগ্য। জেসিসি-র পক্ষে প্রিন্স মৌর্য (৪/২১) এবং রোহিত ঘোষ (৪/২৮) সফল বোলার।

জবাবে খেলতে নেমে জেসিসি ২৩.২ ওভারে ১ উইকেট হারিয়েই জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয়। দলীয় ১১৯ রানে শংকর পাল ৬৯ রানে ফিরলে ওপেনার দ্বীপজয় দেব ও সুরজিৎ দেববর্মা জুটি দলকে জয় এনে দেয়। শংকর ৬০ বল খেলে আটটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৬৯ রান পায়। দ্বীপজয় ৮০ বল খেলে চারটি বাউন্ডারি মেরে ৪৪ রানে অপরাজিত থাকে। বিসিসি-র রিয়াজউদ্দিন একমাত্র উইকেটটি পেয়েছে। বিজয়ী দলের অলরাউন্ডার প্রিন্স মৌর্য পেয়েছে প্লেয়ার অব দ্য ম্যাচের খেতাব।

# ফুটবলে এসোসিয়েশনে বিশেষ বৈঠক ২৬ শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের বিশেষ জরুরী বৈঠক অনুষ্ঠিত হতে যাচ্ছে ২৬ শে মার্চ। ঐ দিন বেলা ১১ টায় ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের অফিস কক্ষে আয়োজিত বৈঠকে টিএফএ অনুমোদিত ক্লাব, ইউনিট ও সংস্থার প্রতিনিধিদের উপস্থিত থাকতে সাধারণ সম্পাদক অমিত চৌধুরী আহ্বান জানিয়েছেন। ওই বৈঠকে মূলতঃ আসন্ন ২০২৩-২৪ মরশুমে বিভিন্ন ফুটবল লিগ টুর্নামেন্ট আয়োজন সম্পর্কে আলোচনা হবে। এছাড়া, ফুটবলারদের সিএমএস রেজিস্ট্রেশন, ফুটবল লিগ সমূহের শর্তাবলী এবং ম্যাচ মানি বিষয় নিয়েও আলোচনা হবে। এছাড়া, অপর এক বিজ্ঞপ্তিতে জেলা স্তরীয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন উপলক্ষে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের ডাকে আগামী ৭ এপ্রিল জেলা ফুটবল এসোসিয়েশনের প্রতিনিধিদের নিয়ে ঐক বৈঠক ডাকা হয়েছে। ঐদিন বেলা বারোটায় অনুষ্ঠিতব্য বৈঠকে জ্বালা স্তরের ফুটবল অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।

# রাজ্য জিমন্যাস্টিকসের সুবর্ণ জয়ন্তী ৩০-৩১ মার্চে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।। রাজ্য জিমন্যাস্টিকসের সুবর্ণ জয়ন্তী। তবে কোনও বিশাল আয়োজন নেই। আগামী ৩০ ও ৩১ শে মার্চ নেতাজি সুভাষ রিজিওনাল কোচিং সেন্টারের ইনডোরে জিমনাসিয়ামে ৫০ তম রাজ্য জিমন্যাস্টিক্স প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। এতে অনূর্ধ ১০ বালক বালিকা, অনূর্ধ ১৫ বালক- বালিকা, অনূর্ধ ১৫ বালিকা, অনূর্ধ ১৭ বালক এবং পুরুষ ও মহিলা বিভাগে প্রতিযোগিতা হবে। এই রাজ্য আসর পরিচালনার জন্য অর্গানাইজিং সেক্রেটারি নিয়তি দেবনাথ, কনভেনার অপু রায় টেকনিকেল চেয়ারম্যান বিষ্ণুপদ সাহা প্রমুখ মনোনীত হয়েছেন। রাজ্য সংস্থা থেকে এই খবর জানানো হয়েছে।

# অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম একদিনের ম্যাচে টস জিতে ফিল্ডিং করছে ভারত

মুম্বই, ১৭ মার্চ (হি. স.) শুরু হচ্ছে ভারত-অস্ট্রেলিয়া একদিনের সিরিজ। শুক্রবার ওয়াংখেড়ে স্টেডিয়ামে সিরিজের প্রথম ম্যাচে টস জিতল ভারত। প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত অধিনায়ক হার্দিক পান্ডিয়ার।

ভারত-অস্ট্রেলিয়া একদিনের সিরিজের প্রথম ম্যাচে দু'দলই পাচ্ছে না তাদের নিয়মিত অধিনায়ককে। মায়ের অসুস্থতা ও পরে মৃত্যুর কারণে একদিনের সিরিজে খেলছেন না অস্ট্রেলিয়ার ক্যাপ্টেন প্যাট কামিন্স। টেস্ট সিরিজ চলাকালীনই সিডনি ফিরে গিয়েছিলেন প্যাট। বিশ্বকাপ জয়ের স্টেডিয়াম ওয়াংখেড়েতে প্রথম একদিনের ম্যাচে খেলবেন না ভারতীয় দলের অধিনায়ক রোহিত শর্মাও। ব্যক্তিগত কারণে প্রথম ম্যাচ থেকে ছুটি চেয়েছেন রোহিত। দ্বিতীয় ম্যাচ থেকে দলের সঙ্গে জুড়বেন তিনি। তাঁর অনুপস্থিতিতে মেন ইন ব্লু-র নেতৃত্ব সামলাবেন হার্দিক পান্ডিয়া। হার্দিক অতীতে টি-২০ সিরিজে নেতৃত্ব দিয়েছেন। জাতীয় দলের হয়ে একদিনের ম্যাচে নেতৃত্বের অভিষেক তারকা অলরাউন্ডারের। অধিনায়ক হিসেবে একদিনের ম্যাচে প্রথমবারেই টসে জিতলেন হার্দিক পান্ডিয়া। এদিন টসে জিতে প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেন পান্ডিয়া। পরের দিকে শিশির ফ্যাক্টর হতে পারে। পাশাপাশি রান তাড়ায় নিজেদের পরীক্ষা করে নেওয়ার সুযোগ। এটা ভেবেই আগে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেন পান্ডিয়া।

এই ম্যাচে পাঁচ বোলার নিয়ে নামছে ভারত। স্পিন বিভাগে কুলদীপ যাদব এবং রবীন্দ্র জাডেজা। পেস বিভাগে মহম্মদ সামি, মহম্মদ সিরাজ এবং শার্দূল ঠাকুর। অন্যদিকে, অস্ট্রেলিয়ার একাদশে নেই ডেভিড ওয়ার্নার।

ভারতের একাদশ: শুভমন গিল, ইশান কিষাণ (উইকেটকিপার), বিরাট কোহলি, সূর্যকুমার যাদব, লোকেশ রাহুল, হার্দিক পান্ডিয়া (অধিনায়ক), রবীন্দ্র জাডেজা, শার্দূল ঠাকুর, কুলদীপ যাদব, মহম্মদ সিরাজ, মহম্মদ সামি।

অস্ট্রেলিয়ার একাদশ: ট্রাভিস হেড, মিচেল মার্শ, স্টিভ স্মিথ, মার্নাশ লাবুশেন, জশ ইংলিশ, ক্যামেরন গ্রিন, গ্লেন ম্যাক্সওয়েল, মার্কাস স্টইনিস, শন অ্যাবট, মিচেল স্টার্ক এবং অ্যাডাম জাম্পা

No.F.2./CCHSS-UDP/2002
Office of the Principal
Chandrapur Colony H/s School
Udaipur, Gomati Dist. Tripura.
Dated: Chandrapur: 17 /03/2023

**Notice for Contractual Engagement**

Application in plain paper is invited from bonafied residents of Tripura for engagement of the following post on Contractual basis. The appointment is purely on contract basis initially for a period of 1 year from the engagement. (One post in each category)

| SL. No. | Name of Post | Age limit | Educational Qualification | Remuneration Per month/ per hour |
|---|---|---|---|---|
| 1. | Art Teacher | 18-45 years (Upper age relaxable upto 5years for SC/ST/PH candidates) | At least Bachelor Degree/ Diploma from any recognized University/Institution in Fine Arts. | Rs. 200/- per hour (Maximum 30 hours in a month) |
| 2. | Music Teacher | 18-45 years (Upper age relaxable upto 5years for SC/ST/PH candidates) | At least Bachelor Degree/ Diploma from any recognized University/Institution in Music. | Rs. 200/- per hour (Maximum 30 hours in a month) |
| 3. | Yoga Teacher | 18-45 years (Upper age relaxable upto 5years for SC/ST/PH candidates) | At least Bachelor Degree/ Diploma from any recognized University/Institution in Yoga. | Rs. 200/- per hour (Maximum 30 hours in a month) |
| 4. | Dance Teacher | 18-45 years (Upper age relaxable upto 5years for SC/ST/PH candidates) | At least Bachelor Degree/ Diploma from any recognized University/Institution in Dance | Rs. 200/- per hour (Maximum 30 hours in a month) |
| 5. | Theatre Teacher | 18-45 years (Upper age relaxable upto 5years for SC/ST/PH candidates) | At least Bachelor Degree/ Diploma from any recognized University/Institution in Theatre. | Rs. 200/- per hour (Maximum 30 hours in a month) |
| 6. | Aya | 18-45 years (Upper age relaxable upto 5years for SC/ST/PH candidates) | Class VIII (Eight) Pass | Rs. 6000/- per month |
| 7. | Cleaner cum gardener | 18-45 years (Upper age relaxable upto 5years for SC/ST/PH candidates) | Class V (Five) Pass | Rs. 6000/- per month |

The interested candidates who fulfill the criteria may submit their application in plain paperalong with their bio-data and supporting documents in the office of the undersigned from 20th March to 23rd March 2023 between 12.00am to 3.00 pm.
Incomplete applications withoutrequired documents shall be rejected.
Date and time of Interview :-will be announced later.
Venue of Interview: Chandrapur Colony H.S School,
No TA/DA is admissible for appearing in the interview.
If any unavoidable circumstance arises the interview may be postponed/cancelled without showing any reason. The authority reserves the right to make any changes in the advertisement if required.
Note:- The candidates have to produce all original documents on the day of interview.

Mausumi Saha
Principal
Chandrapur Colony H.S. School,
Chandrapur Udaipur,
Gomati, Tripura.

■Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■Postal Regd. No. AGT/NE-928/2021-2023




দীর্ঘদিন ধরে কালীবাড়ি রোড স্থিত সরকারি জায়গা বেসরকারি হাত থেকে দখলমুক্ত করল ধর্মনগর পুর পরিষদ। ছবি নিজস্ব।

# শ্যাম সুন্দর কোং জুয়েলার্স নিয়ে এসেছে কলকাতা আর্ট ফেয়ার ২০২৩




আগরতলা, ১৭ মার্চ।। শ্যামসুন্দর কোং জুয়েলার্স- এর উপস্থাপনায় আইসিসিআর- (ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন)- এ ১৭ মার্চ থেকে ২০ মার্চ, ২০২৩ পর্যন্ত কলকাতা আর্ট ফেয়ার-এর আসর বসে। সারা দেশের মধ্যে শহর কলকাতা বিভিন্ন সংস্কৃতির পীঠস্থান হিসাবে সমাদৃত। শহর কলকাতা বিদ্বজন ও সংস্কৃতিবান মানুষদের বাস। "কলকাতা আর্ট ফেয়ার"এর মাধ্যমে মহানগরীর সেই ঐতিহ্যকে, শহরের পুরোনো সেইসব শিল্পকে আবারও সবার সামনে তুলে ধরা হয়, যাতে এই শহরের ভাবমূর্তি আরো উজ্জ্বল হয়। "কলকাতা আর্ট ফেয়ার" শিল্পের এক অনন্য প্রদর্শন। এবারের কলকাতা আর্ট ফেয়ার, ২০২৩ হল শিল্পীদের নিজস্ব সৃষ্টির প্রদর্শনের তৃতীয় সংস্করণ।
৪ দিন ধরে চলা শিল্পের এই উৎসবে সারা দেশের ৪০০"র বেশি শিল্পী তাঁদের ১০০০ বেশি শিল্পকলা নিয়ে হাজির হন। চিত্রকলা, ভাস্কর্য, সিরামিক, আলোকচিত্র, গ্রাফিক্স সহ সব ধরনের শিল্পের নজির তুলে ধরা হয়।
এর জন্য শহরের একেবারে কেন্দ্রস্থলে ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস ( আইসিসিআর)- এর রবীন্দ্রনাথ ঠাকুর সেন্টারের চারটি গ্যালারি এই অনুষ্ঠানের জন্য নির্দিষ্ট করা হয়। এই বিশেষ অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ইন্ডিয়ান আর্ট গ্যালারি উদ্যোগ নেয়।
১৭ এপ্রিল "কলকাতা আর্ট ফেয়ার ২০২৩" - এর উদ্বোধনী অনুষ্ঠানটিতে বিশিষ্ট শিল্পী হিসেবে ছিলেন যোগেন চৌধুরী, সমীর আইচ এবং বিশিষ্ট সঙ্গীত পরিচালক দেবজ্যোতি মিশ্র এবং শ্যাম সুন্দর কোং জুয়েলার্স- এর ডিরেক্টর অর্পিতা ও রূপক সাহা। অনুষ্ঠানটি শহর কলকাতা এবং শিল্প সম্পর্কিত অনেক গান এবং নাচ দিয়ে শুরু হয়েছিল।
এদিন শিল্পী যোগেন চৌধুরী বলেন, 'কলকাতা আর্ট ফেয়ারের অংশ হতে পেরে আমি খুব খুশি। কারণ এটি সত্যিই শিল্পের এক অনন্য প্রদর্শন বা বলা যেতে পারে সিগনেচার এক্সিবিশন।'
অন্যদিকে, সঙ্গীত রচয়িতা দেবজ্যোতি মিশ্র জানান, "এই উৎসবের কোর টিমের একজন সদস্য হিসেবে এবং শেষমেষ কলকাতা আর্ট ফেয়ার ২০২৩ হতে দেখে আমি আনন্দিত। আমরা খুবই আশাবাদী ছিলাম যে শেষ দুটি সংস্করণের মতোই এবারও এই উদ্যোগ সফল হবে।' এদিকে, সঙ্গীত পরিচালক দেবজ্যোতি মিশ্রও একটি গ্যালারিতে তাঁর শিল্পকর্ম প্রদর্শন করেছেন। শিল্পী সমীর আইচ বলেন, 'কলকাতা আর্ট ফেয়ার হল সত্যিকারের এক সুসংবাদ এবং সেই কারণেই আমি মনের আনন্দে গান গাওয়ার সিদ্ধান্ত নিয়েছি।' তিনি নিজের দলের সঙ্গে পারফর্ম করেন।
কলকাতা আর্ট ফেয়ার এর সম্পাদক ও আয়োজক মেহতাব মোল্লা জানান, 'এই কলকাতা আর্ট ফেয়ার এর প্রধান উদ্দেশ্য হল শহর কলকাতা তার শিল্প, কৃষ্টি, সংস্কৃতিতে কতটা পরিপূর্ণ তা সকলকে একবার মনে করিয়ে দেওয়া। এছাড়া চিত্রকলা, ভাস্কর্য, আলোকচিত্র, গ্রাফিক্স নিয়ে যে সব নতুন নতুন অভাবনীয় কাজ হচ্ছে তা জানানোর জন্যই এই আর্ট ফেয়ার। এছাড়া এখন থেকে শিল্পীদের রোজগারেরও ব্যবস্থা করা হয়। শহর ও গ্রামাঞ্চল থেকে যেসব নতুন শিল্পীরা উঠে আসছেন তাঁদের জন্য এটা একটা প্ল্যাটফর্ম। এই আর্ট ফেয়ারের মাধ্যমে আমরা তাঁদেরকে সাহায্য করতে পারি এবং তাঁদের ভবিষ্যতকে সুন্দর ভাবে গড়ে তুলতে গিয়ে যাতে কোন বাধা না পেরোতে হয় সেটাই আমাদের প্রচেষ্টা।'
শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের ডিরেক্টর অর্পিতা সাহা বলেন, "আমরা সবসময় আমাদের জুয়েলারি শোরুমের চার দেয়ালের মধ্যে আটকে না থেকে উৎকর্ষের সাধনা করে চলেছি। আমাদের ঐতিহ্য, সংস্কৃতি, রীতিনীতি যেগুলো সোনার মতোই মূল্যবান তা উদযাপন করে চলেছি। এটা খুবই আনন্দের বিষয় যে কলকাতা আর্ট ফেয়ার- এর সূচনা থেকেই এর সঙ্গে আমরা যুক্ত আছি। এই অনন্য প্রদর্শনী আমাদের এই শহরের পুরনো সব ঐতিহ্যকে তুলে ধরতে সাহায্য করেছে।' অন্যদিকে শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের আরেক ডিরেক্টার রূপক সাহা বলেন, 'কলকাতা আর্ট ফেয়ারের এই তৃতীয় সংস্করণটি উপস্থাপন করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। এই উদ্যোগ মানুষের থেকে অভাবনীয় সাড়া পেয়েছে। সেই সঙ্গেই এই বহু প্রতীক্ষিত বার্ষিক প্রদর্শনীটি ইতিমধ্যেই শহরের ইভেন্ট ক্যালেন্ডারে তার নিজস্ব জায়গা করে নিয়েছে। একইসঙ্গে এটি শিল্পের জগতে একটি বড় ঘটনা হয়ে ওঠার পথে এগিয়ে গিয়েছে।' আয়োজকরা সবাই কে এই আর্ট ফেয়ার দেখে যাওয়ার আমন্ত্রণ ও তাদের এই প্রচেষ্টার পাশে থাকার আন্তরিক অনুরোধ রাখেন।

## মহারানীপুর বাজারে দুঃসাহাসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৭ মার্চ।।** তেলিয়ামুড়া থানা এলাকার মহারানীপুর বাজারে গতকাল রাতে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। চোরের দল নিশি রাতে দুইটি দোকান সহ গুদামে হানাদারি চালিয়ে বহু মূল্যবান সামগ্রী লুটপাট করে নিয়ে যায়। ঘটনা, বৃহস্পতিবার রাতে তেলিয়ামুড়া থানাধীন মহানিপুর বাজারে। ঘটনার বিবরনে জানা যায়, , মহারানীপুর বাজারের দুই ব্যবসায়ী সজল কুমার সাহা এবং সমীর সাহা অন্যান্য দিনের মতো বৃহস্পতিবার রাতেও ব্যবসার কাজ সম্পন্ন করে নিজ নিজ বাড়ি চলে যায়।।শুক্রবার সকালে দুই ব্যবসায়ী মোবাইল ফোনে জানতে পারেন তাদের দোকানে চুরির ঘটনা ঘটেছে। ওই দুই ব্যবসায়ী দোকানে এবং গুদামে এসে প্রত্যক্ষ করেন চোরের দল বৃহস্পতিবার রাতের কোন এক সময় হানাদারী চালিয়ে দোকানে থাকা বিভিন্ন সামগ্রী চুরি করে নিয়ে যায় দোকানের তালা ভেঙে। ওই দুই ব্যবসায়ী সজল কুমার সাহা এবং সমীর সাহা চুরির ঘটনাটি তেলিয়ামুড়া থানাতে জানায়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। রাত্রিকালীন পাহারাদার থাকা সত্ত্বেও কিভাবে এই চুরির ঘটনা ঘটেছে তা নিয়ে প্রশ্ন উঠেছে ব্যবসায়ী সহ স্থানীয় জনমনে।

## অসমে ৬০০ মাদ্রাসা বন্ধ করার সদর্পে ঘোষণা মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার

**গুয়াহাটি, ১৭ মার্চ।।** অসমে ৬০০টি মাদ্রাসা বন্ধ করার কথা সদর্পে ঘোষণা করলেন সে রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা। পাশাপাশি, কর্নাটকে বিজেপির সভায় তাঁর ঘোষণা, ধাপে ধাপে রাজ্যের সবক'টি মাদ্রাসাকে বন্ধ করা হবে। শুক্রবার তিনি বলেন, "৬০০ মাদ্রাসা বন্ধ করেছি, বাকিগুলোও করব।" 'বাংলাদেশি অনুপ্রবেশকারীরা' অসমের সাংস্কৃতিক ঐতিহ্য নষ্ট করছে বলেও অভিযোগ করেন তিনি।
মাদ্রাসাগুলিকে সাধারণ স্কুলে বদলে দেওয়ার যে সিদ্ধান্ত অসম সরকার নিয়েছিল, তা বহাল রেখেছে গৌহাটি হাই কোর্ট। বিভিন্ন মাদ্রাসা প্রতিষ্ঠানের তরফে হাই কোর্টের সেই রায়কেই চ্যালেঞ্জ জানানো হয়েছিল সুপ্রিম কোর্টে। কিন্তু শীর্ষ আদালত অসম সরকারের উদ্যোগে স্থগিতাদেশ দেয়নি। এই পরিস্থিতিতে মাদ্রাসাগুলি পুরোপুরি বন্ধ করে সাধারণ সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে পরিণত করার সিদ্ধান্ত নিয়েছে হিমন্ত সরকার। শিক্ষা ধর্মনিরপেক্ষ হওয়া উচিত এই যুক্তিতে রাজ্যের সমস্ত মাদ্রাসাকে সাধারণ স্কুলে পরিণত করার সিদ্ধান্ত নিয়েছে অসম সরকার। ২০২০ সালে ওই সিদ্ধান্ত নেওয়ার সময়ে অসম সরকার জানিয়েছিল, যে স্কুলগুলিকে মাদ্রাসা শিক্ষা দেওয়া হয় সেগুলির বহু খরচ সরকার বহন করে। আর সরকার কোনও বিশেষ সম্প্রদায়ের জন্য আলাদা করে সুবিধা করে দিতে এই খরচ বহন করে না। রাজ্যের এই বক্তব্য এবং সিদ্ধান্ত বহাল রেখেছিল গুয়াহাটি হাই কোর্ট।
এর পর হাই কোর্টের সেই রায়কে স্থগিত রাখার আর্জি জানিয়ে সুপ্রিম কোর্টে মামলা করে অসমের মাদ্রাসা শিক্ষাপ্রতিষ্ঠানগুলি। সুপ্রিম কোর্টে আবেদনকারীরা জানায়, হিমন্ত সরকার যে যুক্তি দেখাচ্ছে তা ভারতীয় সংবিধানের মাদ্রাসা সংক্রান্ত দু'টি আইনের বিরোধী। এমনকি, সংবিধানের ২৮(১) ধারারও বিরোধী। ওই ধারায় বলা হয়েছে, সম্পূর্ণ সরকারি ব্যয়ে চলে না যে শিক্ষা প্রতিষ্ঠানগুলি, তাদের উপর কোনও ধর্মীয় নিয়ন্ত্রণ চাপানো যাবে না।

## রাজ্যে মডেল রেশনসপ স্থাপন করার পরিকল্পনা নেওয়া হচ্ছে ঃ খাদ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।।** জিরানীয়া মহকুমা শাসকের কনফারেন্স হলে আজ এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। খাদ্য, পরিবহণ ও পর্যটন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তি রঞ্জন চাকমা, অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, মহকুমা পুলিশ আধিকারিক দুলাল চন্দ্র দত্ত। এসডিএফও তির্যজ দেববর্মা, মান্দাই-র বিডিও স্বদেশ দেববর্মা, জিরানীয়ার বিডিও পরিতোষ দেববর্মা, জিরানীয়া নগরপ'ায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, জিরানীয়া প'ায়েত সমিতির চেয়ারম্যান মঞ্জু দাস, ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ, রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্লা দাস, ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, বেলবাড়ি বিএসি'র চেয়ারম্যান রকেন দেববর্মা, জিরানীয়া বিএসি'র চেয়ারম্যান শুভমনি দেববর্মা, পশ্চিম জেলা সাংস্ক'তিক উপদেষ্টা কমিটির সদস্য পার্থ সারথী সাহা, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। পর্যালোচনা সভায় খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, এখন নতুন করে পথ চলা শুরু হয়েছে। এই পথ চলা যাতে মসৃণ হয় এবং এলাকার উন্নয়নে যাতে কোন গাফিলতি না থাকে তা সুনিশ্চিত করতে হবে। সভায় পূর্ত দপ্তরের বিভিন্ন সড়ক ও অন্যান্য কাজের অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং দপ্তরের অসমাপ্ত কাজগুলো যাতে দ্রত সমাপ্ত করা হয় তারজন্য পর্যটন মন্ত্রী গুরুত্ব আরোপ করেন।
বিদ্যুৎ দপ্তরের কাজকর্ম পর্যালোচনা করতে গিয়ে তিনি বলেন, প্রাক বর্ষা ও প্রাক কালবৈশাখী মরশুমে বিদ্যুৎ দপ্তরকে আরও সচেতন থাকতে হবে। নতুন সাব স্টেশনের কাজের অগ্রগতি নিয়েও সভায় আলোচনা হয়। সভায় পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের কাজের তথ্য দিতে গিয়ে দপ্তরের প্রতিনিধি জানান, মজলিশপুর এলাকার জলজীবন মিশন প্রকল্পে প্রায় ৯০ শতাংশ কাজ সমাপ্ত হয়েছে। শুখা মরশুমে যাতে জলের সমস্যা না থাকে তার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।

## টি সি এর অনিয়মের বিরুদ্ধে ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।।** ইদানিং কালে ত্রিপুরা ক্রিকেট এ্যাসোসিয়েশনে অনিয়ম চলছে। শুক্রবার পোষ্ট অফিস চৌমুহনী স্থিত টি সি এ- কার্যালয়ে গিয়ে সভাপতি তপন লোধের হাতে ডেপুটেশন প্রদান করে ক্লাব গুলির সদস্যরা।
এম বি বি স্টেডিয়ামে ফ্লাড লাইট বসানোর জন্য ১৬ কোটি টাকার টেন্ডার হয়। এর অনুমোদন দিয়েছেন একজন সিভিল ইঞ্জিনিয়ার। ইলেকট্রিক্যাল বিষয়ে কি করে একজন সিভিল ইঞ্জিনিয়ার অনুমোদন দেন এই নিয়ে প্রশ্ন তোলেন টি সি এ-র অন্তর্গত ক্লাব গুলি। সি পি ডাব্লিউ ডি —র নিয়ম অনুসারে এটা নিয়ম বহিঃভূত কাজ। এই সমস্ত একাধিক ঘটনা উত্থাপন করে শুক্রবার পোষ্ট অফিস চৌমুহনী স্থিত টি সি এ- কার্যালয়ে গিয়ে সভাপতি তপন লোধের হাতে ডেপুটেশন প্রদান করে ক্লাব গুলির সদস্যরা। এই ঘটনার সঠিক তদন্তের দাবী জানান তাঁরা। রাজ্যের ক্রিকেটের উন্নয়নের জন্য টাকা যাতে নয়ছয় না হয় তারও দাবী জানান। এদিন ৭ টি ক্লাবের সদস্যরা একত্রিত হয়ে এই ডেপুটেশন প্রদান করে। টি সি এ-র এই দুর্নীতির ক্ষেত্রে কোন পদক্ষেপ গ্রহণ করা না হলে আগামী দিনে উর্ধতন কর্তৃপক্ষের গোচরে নেওয়া হবে বলে জানান তারা।



কালীঘাটে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা ব্যানার্জীর বাড়িতে সমাজবাদী পার্টি নেতা অখিলেশ যাদব সহ দলের নেতারা। এদিন দুই দলের নেতৃত্বের মধ্যে ২০২৪ সালের লোকসভা নির্বাচনকে সামনে রেখে বিরোধী ঐক্য নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

## উচ্চতর মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।।** ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় আজ উচ্চতর মাধ্যমিক নতুন সিলেবাসের বাংলা/ হিন্দি/ ককবরক/ মিজো, মাদ্রাসা ফাজিল আর্টস নতুন সিলেবাসের বাংলা এবং মাদ্রাসা ফাজিল থিওলজি নতুন সিলেবাসের বাংলা পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজ্যের মোট ৬৪টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজকের পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনো পরীক্ষার্থীকে বহিস্কার করার সংবাদ পাওয়া যায়নি। নতুন সিলেবাসের উচ্চতর মাধ্যমিকের বাংলা/ হিন্দি/ ককবরক/ মিজো, মাদ্রাসা ফাজিল আর্টস-এর বাংলা ও মাদ্রাসা ফাজিল থিওলজি-র বাংলা পরীক্ষায় ৩১, ৫২৮ জন পরীক্ষার্থী ছিল। তার মধ্যে ছাত্র ১৪,৬০২ ও ছাত্রী ১৬, ৯২৬ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ৩১,২২৬ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ১৪, ৪৬৮ ও ছাত্রী ১৬,৭৫৮ জন। অনুপস্থিতির সংখ্যা ছাত্র ১৩৪ ও ছাত্রী ১৬৮ জন। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৯.০৪ শতাংশ।
পর্ষদ সভাপতি ড. ভবতোষ সাহা আজ সুখময় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, নূতননগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মহারাণি তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, উমাকান্ত একাডেমি, নেতাজী সুভাষ বিদ্যানিকেতন, পর্ষদ উপসচিব সুভাশিস চৌধুরী চৌধুরীবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, বীরেন্দ্রনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মহারাণি তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং পর্ষদের ওএসডি জ্যোতির্ময় রায় ও পল্লব কান্তি সাহা গণ্ডাছড়া ও রইস্যাবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন।

## রাজ্যে আঞ্চলিক নারিকেল নার্সারি স্থাপন করার উদ্যোগ নেওয়া হবে : কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ মার্চ।।** উত্তর পূর্ব নারিকেল চাষী সম্মেলন আজ রাজ্যে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়। নারিকেল উন্নয়ন পর্ষদের উদ্যোগে আয়োজিত আজকের এই সম্মেলনে রাজ্যের প্রায় ৭ শতাধিক নারিকেল চাষী অংশগ্রহণ করেন। রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত সম্মেলনের উদ্বোধন করেন কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ। সম্মেলনে রাজ্যে নারিকেলের বাণিজ্যিক উৎপাদনের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়ন এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে নারিকেল চাষের উপর টেকনিক্যাল সেশনের মাধ্যমে উপস্থিত কৃষকদের অবহিত করা হয়।
উত্তর পূর্ব নারিকেল চাষী সম্মেলনের উদ্বোধন করে ক'ষি ও ক'ষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ বলেন, নবগঠিত সরকার উন্নত ত্রিপুরা ও শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে কাজ করবে। তিনি বলেন, বিশ্বে নারিকেল উৎপাদনে ইন্দোনেশিয়ার পর ভারত দ্বিতীয় স্থানে রয়েছে। নারিকেল ও নারিকেল গাছের সমস্ত কিছুই দৈনন্দিন জীবনযাপনের বিভিন্ন প্রয়োজনে লাগে। তাই নারিকেল গাছকে কল্পবৃক্ষ বলা হয়। তিনি আরও জানান, একটি সার্ভে অনুযায়ী ১ হেক্টর নারিকেল বাগান তৈরিতে প্রায় ১ লক্ষ ১৫ হাজার টাকা ব্যয় হয়। কিন্তু এর থেকে আয় হয় প্রায় ৪ লক্ষ ১০ হাজার টাকা। দক্ষিণ ত্রিপুরার হিচাছড়ায় ২২ হেক্টর জমিতে নারিকেল উন্নয়ন পর্ষদের নার্সারি থেকে চলতি বছর হতে প্রায় ১ লক্ষ ২০ হাজার নারিকেলের চারা উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। তাছাড়াও ত্রিপুরা উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের উদ্যোগে একটি আ'লিক নারিকেল নার্সারি স্থাপন করারও উদ্যোগ নেওয়া হবে।
সম্মেলনে ক'ষি ও ক'ষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ বলেন, গত পাঁচ বছরে বহির্রাজ্য এবং বিদেশে ১, ৭৯৯ মেট্রিকটন বেল, ২৩৫ মেট্রিকটন তেঁতুল, ১৯ মেট্রিকটন পান, ৬০২ মেট্রিকটন আদা, ১০,০৮৭ মেট্রিকটন আনারস, ৪.৪০ মেট্রিকটন কাঁঠাল রপ্তানি করা হয়েছে। ফলে রাজ্যের আয় হয়েছে ১৮ কোটি টাকা। রাজ্যের ক'ষি দপ্তরের গত পাঁচ বছরের সাফল্যের খতিয়ান দিতে গিয়ে শ্রীনাথ বলেন, গত পাঁচ বছরে ক'ষকদের সার ও বীজের জন্য ভর্তকি দেওয়ার জন্য ৪১ কোটি ৮৫ লক্ষ টাকা ব্যয় হয়, ক'ষক সম্মাননিধি যোজনায় রাজ্যে ২ লক্ষ ৪৩ হাজার ৯৯৩ জন ক'ষককে প্রতি বছর ৬ হাজার টাকা করে দেওয়া হয়। এতে এখন পর্যন্ত ৫৫৩ কোটি টাকা ক'ষকদের দেওয়া হয়েছে।
এই যোজনায় রাজ্য সরকার ক'ষকদের ৬ হাজার টাকার পরিবর্তে ৮ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়ার প্রচেষ্টা নিয়েছে। এতে রাজ্য সরকারের প্রত্যেক বছর ৪৯ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয় হবে। প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার প্রিমিয়াম দেওয়ার জন্য গত তিন বছরে রাজ্য সরকারের ব্যয় হয়েছে ২০ কোটি ৮৩ লক্ষ টাকা। এক্ষেত্রে ক'ষকরা ক্ষতিপূরণ পেয়েছেন ৬ কোটি ৯ লক্ষ টাকা। বর্তমান সরকার আগামী দিনগুলিতে রাজ্যের ক'ষকদের কাছ থেকে ৫০ হাজার মেট্রিকটন ধান সহায়ক মূল্যে ক্রয় করার লক্ষ্যমাত্রা নিয়েছে। গত পাঁচ বছরে রাজ্যের ক'ষকদের ১ হাজার ৫৩০ কোটি টাকা কিষাণ ক্রেডিট কার্ডে ঋণ দেওয়া হয়েছে। রাজ্যে ৩২টি ক'ষক বন্ধ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। ১ লক্ষ ৫০ হাজার ৫৪৬টি সয়েল হেলথ কার্ড, ২৮ হাজার ৮০০ জন ক'ষককে ১৬৫ কোটি টাকা মূল্যের ক'ষি যন্ত্রপাতি দেওয়া হয়েছে। ☞ ৬ এর পাতায় দেখুন

## বিলোনীয়ায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৭ মার্চ।। কখনো একা হয়নি জয়ী পুরুষের তরবারী,প্রেরণা দিয়েছে, শক্তি দিয়েছে, বিজয় লক্ষ্মী নারী।এই নারীর অবদান পুরুষ কখনই অস্বীকার করতে পারবে না,বর্তমান যুগকে বলা হয় গণতান্ত্রিক যুগ, কিন্তু এ সময়েও নারীরা বিভিন্নভাবে নির্যাতন ও বৈষম্যের শিকার হচ্ছে। পরিবারের মধ্যে আপনজন কর্তৃক নারীর নির্যাতিত হওয়া ঠেকানো যাচ্ছে না। কর্মস্থল, পরিবহন ও যাতায়াত ব্যবস্থায়, পথেঘাটে নারীরা বিভিন্নভাবে ইভ টিজিং এবং যৌন হয়রানির শিকার হচ্ছে। নারী দিবস উদযাপন করে এসব অবস্থার উন্নতি করা না গেলেও প্রাতিষ্ঠানিক পর্যায়ে নারী নির্যাতন অনেক হ্রাস পেয়েছে। নারীর নিরাপদ কর্ম পরিবেশ, কর্মঘণ্টা, মজুরি ইত্যাদি বিষয় নিশ্চিত করা গেছে অনেক ক্ষেত্রেই। সারাবিশ্বে নারীদের প্রতি দৃষ্টিভঙ্গি পরিবর্তনে এই দিবসটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে,নির্যাতন প্রতিরোধ এবং নারীর ক্ষমতায়নের মাধ্যমে নারী উন্নয়ন সম্ভব। কিন্তু বিভিন্ন দেশে এ ক্ষেত্রে এখনও বহু বাধা রয়েছে। তবে যাই হোক প্রতিবছরই পালিত হয়ে আসছে আন্তর্জাতিক নারী দিবস , এবছরও আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয় বিলোনিয়াতে , যদিও বা ৮ই মার্চ ছিল আন্তর্জাতিক নারী দিবস ,বিশেষ কারনে সেইদিন পালন করা যায়নি দিনটি তাই শুক্রবার ত্রিপুরা সরকারের সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর, বিলোনিয়া পুর পরিষদ ও শহুরে আজীবিকা মিশনের উদ্যোগে বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে উদযাপিত হল আন্তর্জাতিক নারী দিবসের বিশেষ অনুষ্ঠান। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের পুষ্পবক এবং উত্তরীয় পরিয়ে বরণ করে নেওয়া হয় , এরপর অনুষ্ঠানের উদ্বোধক তথা রাজনগর কেন্দ্রের বিধায়িকা স্বপ্না মজুমদারে প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বিলোনিয়ার বিভিন্ন এলাকা থেকে এবং সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর এবং বিভিন্ন দপ্তরের উদ্যোগে নারীদের তথা মা বোনদের উপস্থিতিতে পরিপূর্ণ হয়ে ওঠে শচিন দেববর্মন অডিটোরিয়াম। এই আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন রাজনগর বিধানসভা কেন্দ্রের মাননীয়া বিধায়িকা শ্রীমতি স্বপ্না মজুমদার, আগরতলা মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষা শ্রীমতি মণি দীপা দেববর্মা , ভারত চন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন শ্রীমতি পুতুল পাল বিশ্বাস ,বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপারসন শ্রী নিখিল চন্দ্র গোপ , অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শ্রীমতি শিখা নাথ মাননীয় ভাইস চেয়ারপারসন বিলোনিয়া পুরপরিষদ, এই অনুষ্ঠান কে কেন্দ্র করে বিলোনিয়ার বিভিন্ন প্রান্ত থেকে উপস্থিত ছিলেন অসংখ্য মা এবং বোন। এছাড়া এইদিন শচীন দেববর্মন অডিটেরিয়ামে আয়োজিত হয় রক্তদান শিবির , আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে হয় এই শিবির। রাজনগর বিধানসভা কেন্দ্রের বিধায়িকা শ্রীমতি স্বপ্না মজুমদার এই শিবিরের সুচনা করেন ,এই দিনের শিবিরে অনেক মা-বোনরা স্বেচ্ছায় রক্তদান করেন।

## তেলিয়ামুড়ায় পানীয় জলের সংকট নিরসনে জরুরী বৈঠক

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৭ মার্চ।। দীর্ঘ কয়েকদিন ধরে চলছে তেলিয়ামুড়া পৌর পরিষদের বিভিন্ন এলাকায় তীব্র পানীয় জলের সংকট। এদিকে পানীয় জলের সংকট দূরীকরণের জন্য তেলিয়ামুড়া পৌর পরিষদের উদ্যোগে এক যুদ্ধকালীন বৈঠক অনুষ্ঠিত হয় পৌর পরিষদ কনফারেন্স হল গৃহে বৃহস্পতিবার। তেলিয়ামুড়া পৌর পরিষদের ১৫ টি ওয়ার্ডে দীর্ঘদিন ধরে পৌর বাসিদের মধ্যে তীব্র পানীয় জলের সংকট দেখা দিয়েছে। এই পানীয় জলের সংকটের নেপথ্যে রয়েছে খোয়াই নদীর জলশ্রুত দ্বারা কম থাকা সহ নদীর গতিপথ পরিবর্তন ইত্যাদি। এদিকে তেলিয়ামুড়া পৌর পরিষদ এলাকার পানীয় জলের তীব্র সংকট দূরীকরণের লক্ষ্যে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বৃহস্পতিবার তেলিয়ামুড়া পৌর পরিষদে প্রশাসনিক স্তরের এক জরুরীকালীন বৈঠক অনুষ্ঠিত হয়। এদিনের এই বৈঠকে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়ার বিধায়িকা কল্যাণী সাহা রায়, পৌর পরিষদের পৌর পিতা রূপক সরকার, তেলিয়ামুড়া মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী, সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিরা সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। বৈঠকে আলোচনা হয় কিভাবে পানীয় জলের সংকট দূরীকরণ করা যায়। এই বৈঠক সম্পর্কে বলতে গিয়ে বিধায়িকা কল্যানী সাহা রায় বলেন, এদিনের এই বৈঠকের মধ্য দিয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে তেলিয়ামুড়া পৌর পরিষদ এলাকার পানীয় জলের সমস্যা দূরীকরণের ☞ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।